এবং যুদ্ধের উপকরণ নালিকাস্ত্রের সহিত প্রহরিগণ কর্ত্তৃক সর্ব্বদা রক্ষিতভাবে বিপক্ষের প্রাকারকে হীনবীর্য্য করিয়া তন্মধ্যে সুদৃঢ় গুল্ম (গুপ্তস্থান) ও সুদৃশ্য গবাক্ষ সকলের বিন্যাস করিবে এবং তাহার ব্যবধান পরিখা (পগাড়) গভীর হইতে দ্বিগুণ বিস্তার করিয়া যাহাতে অধিক জল সমবেশ হয় তদ্রূপ ভাবে অতি সুদৃশ্য করিয়া আবিষ্কৃত করিবে। কিন্তু

ন শ্রেয়সে দুর্গবাসো রাজ্ঞঃ স্যাদ্ বন্ধনালয়ঃ।”
রাজ্ঞা রাজসভা কার্য্যা সুগুপ্তা সুমনোহরা॥ ২৪২॥
ত্রিকোষ্ঠৈঃ পঞ্চকোষ্ঠৈর্ব্বা সপ্তকোষ্ঠৈঃ সুবিস্তৃতা।
দক্ষিণোদক্ তথা দীর্ঘা প্রাক্ প্রত্যগ্ দ্বিগুণাথবা॥ ২৪৩॥
ত্রিগুণা বা যথা কাম মেকভূমির্দ্বিভূমিকা।
ত্রিভূমিকা বা কর্ত্তব্যা সোপকর্য্যা শিরোগৃহা॥ ২৪৪॥
পরিতঃ প্রতিকোষ্ঠে তু বাতায়নবিরাজিতা।
পার্শ্বকোষ্ঠাত্তু দ্বিগুণো মধ্যকোষ্ঠস্য বিস্তরঃ॥ ২৪৫॥

রাজ্ঞা, সুগুপ্তা সুগুপ্তং সুরক্ষিতং যথা স্যাৎ তথা ভূতা, সুমনোহরা শোভনেন মনো-হরতি যা তাদৃশা, ত্রিকোষ্ঠৈঃ পঞ্চকোষ্ঠৈঃ সপ্তকোষ্ঠৈর্ব্বা সুবিস্তৃতা, প্রাকৃপূর্ব্বং প্রত্যক্ পশ্চিমং তয়োর্দ্বিগুণা অথবা ত্রিগুণা বা যথা কামং যথেচ্ছা দক্ষিণোদক্ দক্ষিণোত্তরা দীর্ঘা, কিম্বা দক্ষিণোত্তরয়োঃ দ্বিগুণা পূর্ব্বপশ্চিমা দীর্ঘা, একভূমিঃ একাভূমিঃ যস্যাঃ একখণ্ডেতি ভাবঃ তাদৃশা, বা দ্বিভূমিকা দ্বিখণ্ডা, অথবা ত্রিভূমিকা ত্রিখণ্ডা উপকার্য্যা উপকার-শালিনী সা শিরোরুহা শ্রেষ্ঠাযথা স্যাৎ তথা ভূতা। পরিতঃ চতুর্দ্দিশঃ প্রতিকোষ্ঠেষু বাতায়ন বিরাজিতা বাতায়নেন গবাক্ষেণ বিরাজিতা পরিশোভিতা, রাজসভা কার্য্যা। তস্যাঃ পার্শ্বকোষ্ঠাৎ মধ্যমোষ্ঠস্য বিস্তরঃ দ্বিগুণঃ কৃতঃ। মধ্যকোষ্ঠস্য বিস্তরাৎ পঞ্চমাংশা-

তাহা বন্ধনালয়ের ন্যায় অতি দুঃখকর বসতি স্থান, অতএব রাজার বাস যোগ্য নয়। ২৩৯। ২৪০। ২৪১।

রাজা যত্নবান্ হইয়া যাহার সৌন্দর্য্যে চিত্ত আকর্ষিত হয় তদ্রূপ সুদৃশ্য ভাবে এক অংশ বা দুই অংশ অথবা তিন অংশে বিভক্ত করিয়া রাজসভা নির্ম্মিত করিবেন।

সেই রাজসভার পূর্ব্ব পশ্চিমের বিস্তার হইতে দুইগুণ, বা তিনগুণ অথবা যতদূর হইলে সুচারু হয় সেইরূপ দক্ষিণোত্তর দীর্ঘ, কিম্বা দক্ষিণোত্তরের বিস্তার হইতে উক্তরূপ পূর্ব্ব পশ্চিম দীর্ঘ, তিন কোষ্ঠা (ফুকার) বা পাঁচ কোষ্ঠা অথবা সাত কোষ্ঠা করিয়া চারিদিকেই সেই সকল কোষ্ঠাকে বাতায়ন দ্বারা পরিশোভিত করিবেন। পার্শ্বকোষ্ঠার বিস্তার হইতে মধ্য কোষ্ঠাকে

পঞ্চমাংশাধিকন্তোচ্চং মধ্যকোষ্ঠস্য বিস্তরাৎ।
বিস্তরেণ সমং ত্বোচ্চং পঞ্চমাংশাধিকন্তু বা ॥ ২৪৬ ॥
কোষ্ঠকানাঞ্চ ভূমির্ব্বা চ্ছদির্ব্বা তত্র কারয়েৎ।
দ্বিভূমিকে পার্শ্বকোষ্ঠে মধ্যমন্ত্বেকভূমিকম্ ॥ ২৪৭ ॥
পৃথক্‌স্তম্ভান্তসৎকোষ্ঠা চতুর্ভাগাগমাশুভা।
জলোর্দ্ধপাতিযন্ত্রৈশ্চ যুতা সুস্বরযন্ত্রকৈঃ ॥ ২৪৮ ॥
বাতপ্রেরকযন্ত্রৈশ্চ যন্ত্রৈঃকালপ্রবোধকৈঃ।
প্রতিষ্ঠিতা চ স্বাদর্শৈস্তথাচ প্রতিরূপকৈঃ ॥ ২৪৯ ॥

ধিকং উচ্চং, বা অথবা পঞ্চমাংশাধিকং বিস্তারেণ সমং তুল্যং উচ্চং কৃতং। ২৪২। ২৪৩। ২৪৪। ২৪৫। ২৪৬।

কোষ্ঠকানাং ভূমিঃ বিস্তারভাগঃ বা চ্ছদিঃ আচ্ছাদন ভাগঃ যা আসীৎ তত্র দ্বিভূমিকে পার্শ্বকোষ্ঠে পার্শ্বাবয়বে মধ্যমং কোষ্ঠং যথা স্যাত্তথা একভূমিকাং একগৃহপরিচ্ছিন্নাং কারয়েৎ। ২৪৭।

পৃথক্ বিভিন্নং স্তম্ভান্তঃ স্তম্ভমধ্যে সৎ বিদ্যমানং কোষ্ঠং যস্যাঃ তাদৃশা চতুর্ভির্ভাগৈঃ পথিভিঃ আগমে আগমনে শুভাশ্রেষ্ঠা রাজসভা কার্য্যা। জলোর্দ্ধপাতিযন্ত্রৈঃ জলানি

দুই গুণ বিস্তার করিয়া সেই মধ্য কোষ্ঠার বিস্তার হইতে পাঁচ অংশ অধিক উচ্চ, কিম্বা পাঁচ অংশের অধিক বিস্তারের সমান উচ্চ করিবে। ২৪২। ২৪৩। ২৪৪। ২৪৫। ২৪৬।

প্রকোষ্ঠ সকলের ভূমি কি আচ্ছাদন (ছাদ) ভাগের পার্শ্বস্থ দ্বিতীয় ভূমিতে পৃথক্ ভাবে মধ্যে প্রকোষ্ঠশালী অন্য একটি গৃহের আবিষ্কার করিবেক, যে সেই গৃহের স্তম্ভের মধ্যে মধ্যে চারিটী রাস্তা থাকিলে অতি উত্তম হয়। ২৪৭।

এইরূপ সভামণ্ডপ নির্ম্মিত করিয়া তাহাকে যে যন্ত্রের দ্বারা জল ঊর্দ্ধে উত্থাপিত হয় (জলের পাইপ) যে যন্ত্রের দ্বারা সমীরণ সঞ্চালিত হয়

এবং বিধা রাজসভা মন্ত্রার্থা কার্য্যদর্শনে।
তথাবিধামাত্যলেখ্যসভ্যাধিকৃতশালিকাঃ ॥ ২৫০ ॥
কর্ত্তব্যাশ্চ পৃথক্ত্বেতা স্তদর্থাশ্চ পৃথক্ পৃথক্।
শতহস্তমিতাং ভূমিং ত্যক্ত্বা রাজগৃহাৎ সদা ॥ ২৫১ ॥
উদগ্ দ্বিশতহস্তং প্রাক্ সেনাসন্বেশনার্থিকাম্।
আরাদ্রাজগৃহস্যৈব প্রজানাং নিলয়ানি চ ॥ ২৫২ ॥
সধনশ্রেষ্ঠজাত্যানুক্রমতশ্চ সদা বুধঃ।
সমন্তাচ্চ চতুর্দ্দিক্ষু বিন্যসেচ্চ ততঃ পরম্ ॥ ২৫৩ ॥

ঊর্দ্ধপাতীনি ঊর্দ্ধগামীনি যৈঃ তাদৃশৈর্যন্ত্রৈঃ তথা সুস্বরযন্ত্রকৈঃ মধুরস্বরোত্থাপকৈঃ যন্ত্রৈঃ, বাতপ্রেরকযন্ত্রৈঃ অভিমতসমীরণসঞ্চারকৈঃ যন্ত্রৈঃ, কালপ্রবোধকৈঃ সময়নির্ণায়কৈঃ যন্ত্রৈঃ, তথা স্বাদর্শৈঃ শোভনৈর্দ্দর্পণৈঃ, প্রতিরূপকৈঃ প্রতিকৃতিভিঃ প্রতিষ্ঠিতা অলঙ্কৃতা এবম্বিধা মন্ত্রার্থা কার্য্যদর্শিনে কার্য্যদর্শননিমিত্তে কার্য্যা। অমাত্যানাং লেখ্যানাং সভ্যানাং অধিকৃতানাং কর্ম্মচারিণাং এতাঃ শালিকাঃ গৃহাণি রাজগৃহাৎ শতহস্তমিতাং ভূমিং ত্যক্ত্বা পৃথক্ পৃথক্ কর্ত্তব্যাঃ। ২৪৮। ২৪৯। ২৫০। ২৫১।

বুধঃ বিদ্বান্ নৃপতিঃ প্রাক্ রাজগৃহস্য আরাৎ * দূরে সদা সেনাসন্বেশনার্থিকং সেনারক্ষার্থং উদগ্ দ্বিশতহস্তাং দ্বিশতহস্তোত্তরবর্ত্তিনীং শালিকাং। ততঃপরং চতুর্দ্দিক্ষু সমন্তাৎ সর্ব্বতঃ অনুক্রমতঃ যথাক্রমেণ সধনা শ্রেষ্ঠা চ যাজাতিঃ। তস্যা তদনুসারেণ প্রজানাং নিলয়ানি চ বিন্যসেৎ। ২৫২। ২৫৩।

(পাখা) যে যন্ত্রের দ্বারা সময় নির্ণয় হয় (ঘড়ী) সেই সকল যন্ত্র, এবং আদর্শ (আয়না) ও প্রতিকৃতি (ছবি) দ্বারা অলঙ্কৃত করিয়া মন্ত্রণা এবং কার্য্য দর্শনের জন্যে নিয়োজিত করিবে। এবং অমাত্যগণ, লেখকগণ, সভ্যগণও কর্ম্মচারিদিগের গৃহ সকল সভামণ্ডপ হইতে একশত হস্তের ব্যবধান পৃথক্ পৃথক্ ভাবে নির্ম্মিত করিবেক। ২৪৮। ২৪৯। ২৫০। ২৫১।

বিদ্বান্ নৃপতি, রাজ গৃহের দুই শত হস্তের ব্যবধান উত্তর দিকে সেনা

* আরাদ্দূর সমীপয়োরিত্যমরঃ

প্রকৃত্যনু প্রকৃতয়োঽধিকারিগণস্ততঃ।
সেনাধিপাঃ পদাতীনাং গণঃসাদিগণস্ততঃ॥ ২৫৪॥
সাশ্বশ্চ সগজশ্চাপি গজপালগণস্ততঃ।
বৃহন্নালিকযন্ত্রাণি ততঃ স্বতুরগীগণঃ॥ ২৫৫॥
ততঃ স্বগৌল্মিকগণোঽরণ্যকগণস্ততঃ।
ক্রমাদেষাং গৃহাণি স্যুঃ শোভনানি পুরে সদা॥ ২৫৬॥

প্রকৃতয়ঃ প্রধান পুরুষাঃ, অনুপ্রকৃতয়ঃ ততো নিকৃষ্টাঃ প্রজাঃ, তদনন্তরং অধিকারিগণঃ রাজনিযুক্তভৃত্যবর্গঃ, ততঃ সেনাধিপাঃ সেনাপতয়ঃ, ততঃ পদাতীনাং গণঃ, ততঃ সাদীনাং অশ্বারোহিণাং গণঃ, ততঃ সাশ্বঃ অশ্বসহিতঃ, ততঃ সগজঃ গজসহিতঃ, ততঃ বৃহন্নালিক-যন্ত্রাণি, ততঃ স্বতুরগীগণঃ স্বস্য অশ্বারোহিগণঃ, ততঃ স্বগৌল্মিকগণঃ স্বস্যরক্ষকগণঃ, ততশ্চ আরণ্যকগণঃ বন্যজাতি বিশেষঃ, পুরে নগরে চ ক্রমাৎ এষাং উক্তানাং সদা শোভনানি গৃহাণি স্যুঃ ভবেয়ুঃ। ২৫৪। ২৫৫। ২৫৬।

সন্নিবেশের জন্যে গৃহ নির্দ্দিষ্ট করিবেন। তদনন্তর নগরের চারি দিকে যথাক্রমে ধনী ও শ্রেষ্ঠজাতি অনুসারে প্রজার নিকেতন সকল সংস্থাপিত করিবেন। ২৫২। ২৫৩। প্রথমতঃ প্রধান লোক, তদনন্তর নিকৃষ্টলোক, তদনন্তর কর্ম্ম-চারিগণ, তদনন্তর সেনাপতিগণ, তদনন্তর পদাতিগণ, তদনন্তর অশ্বারোহী-গণ, তদনন্তর গজারোহীগণ তদনন্তর গজপালগণ, তদনন্তর বৃহন্নালিক (কামান) যন্ত্র সকল, তদনন্তর তুরগীগণ, তদনন্তর রক্ষকগণ, তদনন্তর বন্যজাতিগণ এবং তদনন্তর সুরক্ষিত ভাবে উত্তম জলাশয়ের সন্নিহিত পান্থ-শালার সংস্থাপন করিবেন। ২৫৪। ২৫৫। ২৫৬।

পান্থশালা ততঃ কার্য্যা সুগুপ্তা সুজলাশয়া।
সজাতীয়গৃহাণাং হি সমুদায়েন পংক্তিতঃ॥ ২৫৭॥
নিবেশনং পুরে গ্রামে প্রাগুদঙ্মুখমেব বা।
সজাতিপণ্যনিবহৈরাপণে পুণ্যবেশনম্॥ ২৫৮॥
ধনিকাদিক্রমেণৈব রাজমার্গস্য পার্শ্বয়োঃ।
এবং হি পত্তনং কুর্য্যাৎ গ্রামঞ্চৈব নরাধিপঃ॥ ২৫৯॥
রাজমার্গাস্তু কর্ত্তব্যাশ্চতুর্দ্দিক্ষু নৃপৈর্গৃহাৎ।
উত্তমো রাজমার্গস্তু ত্রিংশদ্ধস্তমিতো ভবেৎ॥ ২৬০॥
মধ্যমো বিংশতিকরো দশপঞ্চকরোঽধমঃ।

ততশ্চ সুগুপ্তা সুরক্ষিতা সুজলাশয়া শোভনজলাশয়সমন্বিতা পান্থশালাকার্য্যা। কিন্তু পুরে নগরে গ্রামে বা পংক্তিতঃ শ্রেণিক্রমেণ সজাতীয়গৃহাণাং সমানজাতীয়ানাং লোকানাং গৃহাণাং সমুদায়েন, সাকল্যেন প্রাগুদঙ্মুখং নিবেশনং। তথা আপণে বীথিকায়াং সজাতিপণ্যনিবহৈঃ সমানজাতীয়ানাং পণ্যানাং বিক্রয়দ্রব্যানাং নিবহৈঃ সমুদায়ৈঃ পণ্যবেশনং পণ্যানাং স্থাপনং ন কর্ত্তব্যং। ২৫৭। ২৫৮। কিন্তু রাজমার্গস্য পার্শ্বয়োঃ ধনিকাদি ক্রমেণ স্থাপনং কর্ত্তব্যং। নরাধিপঃ রাজা এবং হি পত্তনং গ্রামঞ্চ কুর্য্যাৎ। ২৫৯। নৃপৈঃ, গৃহাৎ চতুর্দ্দিক্ষু রাজমার্গাঃ কর্ত্তব্যাঃ। ত্রিংশদ্ধস্তমিতঃ ত্রিংশতাহস্তৈঃ পরিমিত রাজমার্গঃ উত্তমো ভবেৎ। ২৬০।

নগরে কি গ্রামের পূর্ব্ব কিম্বা উত্তর দিকে সকলের সহিত পংক্তি-ক্রমে সমানজাতি লোকের গৃহ ও সমান জাতির দ্রব্যাদিদ্বারা পণ্য স্থাপন করিবে না। ধনবান্ আদিক্রমে রাজমার্গের উভয় পার্শ্বে করা কর্ত্তব্য। ২৫৭। ২৫৮। ২৫৯।

রাজা রাজভবনের চারিদিকে রাজমার্গ সকলের কল্পনা করিবেন। ত্রিংশৎ হস্ত পরিমিত রাজমার্গ উত্তম, বিংশতি হস্ত পরিমিত মধ্যম এবং

পণ্যমার্গাস্তথাচৈতে পুরগ্রামাদিষু স্থিতাঃ ॥ ২৬১ ॥
করত্রয়াত্মিকাপদ্যা বীথিঃ পঞ্চকরাত্মিকা।
মার্গো দশকরঃ প্রোক্তো গ্রামেষু নগরেষু চ ॥ ২৬২ ॥
প্রাক্‌পশ্চাদ্দক্ষিণোদক্ তান্ গ্রামমধ্যাৎপ্রকল্পয়েৎ।
পুরংদৃষ্ট্বা রাজমার্গান্ সুবহূন্ কল্পয়েন্নৃপঃ ॥ ২৬৩ ॥
নবীথিং নচ পদ্যাং হি রাজধান্যাং প্রকল্পয়েৎ।
ষড়্‌যোজনান্তরেঽরণ্যে রাজমার্গন্তুচোত্তমং ॥ ২৬৪ ॥

বিংশতি করঃ বিংশতি হস্ত পরিমিতঃ রাজমার্গঃ মধ্যমঃ। পঞ্চদশকরঃ পঞ্চদশহস্ত পরিমিতঃ অধমঃ। এতে মার্গাঃ পণ্যমার্গাশ্চ পুরগ্রামাদিষু স্থিতাঃ। ২৬১।

পদ্যা কেবল পাদচারণযোগ্যা রথ্যা করত্রয়াত্মিকা ত্রিহস্তমিতা, বীথিঃ, বিপণিমার্গঃ পঞ্চকরাত্মিকা পঞ্চহস্তমিতা কার্য্যা। গ্রামেষু নগরেষু চ দশকরঃ দশহস্তমিতঃ মার্গঃ প্রোক্তঃ কথিতঃ। ২৬২। নৃপঃ গ্রামমধ্যে প্রাক্ পশ্চাৎ দক্ষিণোদক্ পূর্ব্বপশ্চিম দক্ষিণোত্তরং পুরং দৃষ্ট্বা তান্ রাজমার্গান্ সুবহূন্ কল্পয়েৎ। ২৬৩।

রাজধান্যাং বীথিং পণ্যমার্গং ন তথা পদ্যাং হি পাদচারণমার্গং হি নচ কল্পয়েৎ। ষড়্‌যোজনান্তরে চতুর্ব্বিংশতি ক্রোশ ব্যবধায়ন অরণ্যে উত্তমং রাজমার্গং কল্পয়েৎ। ২৬৪।

পঞ্চদশ হস্ত পরিমিত অধম। এই সকল রাজমার্গ ও পণ্যমার্গ নগরে এবং গ্রামে প্রতিষ্ঠিত হইয়া থাকে। ২৬০। ২৬১।

পাদচারণ (কুটপাত) মার্গ তিন হস্ত পরিমিত। ক্রয় বিক্রয়ের জন্যে পঞ্চহস্ত পরিমিত, এবং গ্রাম ও নগরস্থমার্গ দশহস্ত উক্ত হয়। ২৬২।

গ্রামের মধ্য হইতে রাজভবন দৃষ্টে পূর্ব্ব পশ্চিম দক্ষিণ এবং উত্তরদিকে এই সকল রাজমার্গের আবিষ্কার করিবেন। ২৬৩।

রাজধানীতে ক্রয় বিক্রয়ের জন্যে ও পাদচারণের জন্যে রাজমার্গের কল্পনা করিবেন না। চতুর্ব্বিংশতি যোজন অন্তরে যে স্থানে বসতি না থাকে সেই প্রদেশে তাহা করা কর্ত্তব্য। ২৬৪।

কল্পয়েৎ মধ্যমং মধ্যে তয়োর্ম্মধ্যে তথাধমং।
দশহস্তাত্মিকং নিত্যং গ্রামে গ্রামে নিয়োজয়েৎ ॥ ২৬৫ ॥
কূর্ম্মপৃষ্ঠামার্গভূমিঃ কার্য্যা গ্রামৈঃ সুসেতুকা।
কুর্য্যান্মার্গান্ পার্শ্বখাতান্নির্গমার্থং জলস্যচ ॥ ২৬৬ ॥
রাজমার্গমুখানিস্যু র্গৃহাণি সকলান্যপি।
গৃহপৃষ্ঠে সদাবীথিং মলনির্হরণস্থলম্ ॥ ২৬৭ ॥
পংক্তিদ্বয়গতানাং হি গেহানাং কারয়েত্তথা।
মার্গান্ সুধাশর্করৈর্ব্বা ঘটিতান্ প্রতিবৎসরম্ ॥ ২৬৮ ॥
অভিযুক্তনিরুদ্ধৈর্ব্বা কূর্য্যাৎ গ্রাম্যজনৈর্নৃপঃ।"

মধ্যে ত্রিংশদ্ধস্তপরিমিত মার্গস্য মধ্যে মধ্যমং রাজমার্গং তয়োর্ম্মধ্যে চ অধমং মার্গং কল্পয়েৎ। তথা গ্রামে গ্রামে দশহস্তাত্মকং মার্গং নিত্যং যোজয়েৎ। ২৬৫।

গ্রামৈঃ গ্রামবাসিভিঃ কূর্ম্মপৃষ্ঠা কমঠপৃষ্ঠাকারা উন্নতমধ্যা তথা সুসেতুকা শোভন সেতুযুক্তা কার্য্যা। কিন্তু জলস্য নির্গমার্থং পার্শ্বখাতান্ পার্শ্বয়োঃ খাতান্ মার্গান্ কুর্য্যাৎ রাজমার্গৈঃ সকলানি অপি গৃহাণি সুখং যথা স্যাৎ তথা ভূতানি স্যুঃ। গৃহাণাঞ্চ পৃষ্ঠে পৃষ্ঠদেশে পশ্চাৎ ভূমৌ সদা মল নির্হরণায় মলনিষ্কাসনায় স্থলং বীথিঞ্চ কুর্য্যাৎ। ২৬৬। ২৬৭।

তথা প্রতিবৎসরং, পংক্তিদ্বয়গতানাং মার্গস্য উভয়োঃ পার্শ্বয়োঃ শ্রেণিবদ্ধানাং মার্গান্ সুধাশর্করৈঃ সুধাসু চূর্ণেষু যানি শর্করাণি কঠিনদ্রব্যবিশেষাণি তৈঃ করণকৈঃ বিরুদ্ধৈঃ বা গ্রাম্যজনৈঃ কর্দ্দমপরিহারার্থং ঘটিতান্ নিবন্ধান্ কারয়েৎ। ২৬৮।

ত্রিংশক্ত হস্ত পরিমিত রাজমার্গের মধ্যে বিংশতি হস্ত পরিমিত, বিংশতি হস্ত পরিমিতের মধ্যে পঞ্চদশ হস্ত পরিমিত, এবং গ্রামে গ্রামে দশ হস্ত পরিমিত মার্গের আবিষ্কার করিবেক। ২৬৫।

কূর্ম্মপৃষ্ঠ সদৃশ মধ্যস্থান উন্নত, নানা প্রকার সুদৃশ্য সেতু, জল নিকাসের জন্যে দুই পার্শ্বে খাত এবং মল নিকাশের জন্যে উভয় পার্শ্বস্থ গৃহ সকলের পশ্চাৎ ভাগে স্থান রাখিয়া যাহাতে সকল লোকের সুখ অনুভব হয় তদ্রূপ মনোরম করিবেক। ২৬৬। ২৬৭।

এবং প্রতিবৎসর চুণ ও শর্করাতে করিয়া কারাবদ্ধ অথবা গ্রাম্য লোকের দ্বারা কর্দ্দম নিকাস করাইবেন। ২৬৮।

গ্রামদ্বয়ান্তরে চৈব পান্থশালাং প্রকল্পয়েৎ ॥ ২৬৯ ॥
নিত্যং সম্মার্জ্জিতাঞ্চৈব গ্রামপৈশ্চ সুগোপিতাং।
তত্রাগতন্তু সংপৃচ্ছেৎ পান্থং শালাধিপঃ সদা ॥ ২৭০ ॥
প্রয়াতোঽসি কুতঃ কস্মাৎ ক্বগচ্ছসি দ্রুতং বদ।
স সহায়োঽসহায়ো বা কিং সশস্ত্রঃ সবাহনঃ ॥ ২৭১ ॥
কা জাতিঃ কিং কুলং নাম স্থিতিঃ কুত্রাস্তি বৈ চিরম্।
ইতি পৃষ্ট্বা লিখেৎ সায়ং শস্ত্রং তস্য প্রগৃহ্য চ ॥ ২৭২ ॥
সাবধানমনা ভূত্বা স্বাপং কুর্ব্বিতি শাসয়েৎ।

রাজা! গ্রামদ্বয়ান্তরে গ্রাময়োর্ম্মধ্যে গ্রামপৈঃ গ্রামরক্ষকৈঃ নিত্যং সততং সম্মার্জ্জিতাং পরিস্কৃতাং তথা সুগোপিতাং সুরক্ষিতাং পান্থশালাং পথিকজনাশ্রয়ং প্রকল্পয়েৎ। সদা সর্ব্বস্মিন্ সময়ে পান্থশালাধিপঃ পান্থশালাধ্যক্ষঃ তত্র পান্থশালায়াং সমাগতং জনং সম্প্রচ্ছেৎ। ২৬৯। ২৭০।

হে পথিক! কুতঃ কস্মাৎ দেশাৎ প্রয়াতঃ আগতঃ অসি, ক কুত্র গচ্ছসি, কিং সসহায়ঃ সহায়যুক্তঃ বা অসহায়ঃ একাকী, শস্ত্রধারী কিং বা সবাহনঃ বাহনসহিতঃ তৎ দ্রুতং শিঘ্রং বদ কথয়। কা জাতিঃ, কিং কুলং, কিং নাম, কুত্র চিরং স্থিতিরস্তি ইতি পৃষ্ট্বা লিখেৎ। সায়ং সন্ধ্যায়ান্তু তস্য পথিকস্য শস্ত্রং প্রগৃহ্য সাবধানমনাঃ ভূত্বা স্বাপং নিদ্রাং কুরু ইতি

রাজা, দুই দুই গ্রামের মধ্যে একএকটি পান্থশালার সংস্থাপন করিবেন। গ্রামপালগণ (চৌকীদার) সর্ব্বদা সেই পান্থশালাকে পরিষ্কার ও রক্ষা করিবে। পান্থশালার অধ্যক্ষেরা সেই স্থানে সমাগত ব্যক্তিগণকে সর্ব্বদা জিজ্ঞাসা করিবে। ২৬৯। ২৭০।

হে পথিক! কোথা হইতে আসিতেছ, কোথায় যাইতেছ, সহায়শীল না একাকী, সমভিব্যাহারে অস্ত্র কি কোন, বাহন আছে, কি জাতি, কোন্ কুলে উদ্ভব, কি নাম, কোথায় নিবাস, এই সকল জিজ্ঞাসা করিয়া তাহা লিখিবে। সন্ধ্যার সময় উপস্থিত হইলে তাহাদিগের অস্ত্রাদি হরণ করিয়া সাবধান হইয়া নিদ্রা যাও এইরূপ শাসন করিবে এবং জনতার সংখ্যা করিয়া

তত্র স্থান্ গণয়িত্বা তু শালাদ্বারং পিধায় চ ॥ ২৭৩ ॥
সংরক্ষয়েৎ যামিকৈশ্চ প্রভাতে তান্ প্রবোধয়েৎ।
শস্ত্রং দদ্যাচ্চ গণয়েৎ দ্বারমুদ্ঘাট্যমোচয়েৎ ॥ ২৭৪ ॥
কুর্য্যাৎ সহায়ং সীমান্তং তেষাং গ্রাম্যজনঃ সদা।"
প্রকুর্য্যাদ্দিনকৃত্যন্তু রাজধান্যাং বসন্নৃপঃ ॥ ২৭৫ ॥
উত্থায় পশ্চিমে যামে মুহূর্ত্তদ্বিতয়েন বৈ।
নিয়তায়শ্চ কত্যস্তি ব্যয়শ্চ নিয়তঃ কতি ॥ ২৭৬ ॥
কোষভূতস্য দ্রব্যস্য ব্যয়ঃ কতির্গতস্তথা।
ব্যবহারে মুদ্রিতায় ব্যয়শেষং কতীতি চ ॥ ২৭৭ ॥

শাসয়েৎ। ততঃ তত্রস্থান্ পথিকান্ গণয়িত্বা সংখ্যায় শালাদ্বারং গৃহদ্বারং পিধায় নিরুধ্য যামিকৈঃ প্রহরিভিঃ সংরক্ষয়েৎ। প্রভাতে প্রভাতসময়ে দ্বারং উদ্ঘাট্য তান্ পথিকান্ প্রবোধয়েৎ অস্ত্রং দদ্যাৎ গণয়েৎ তথা মোচয়েৎ। গ্রাম্যজনঃ সদা সীমাপর্য্যন্তং স্বগ্রামং তেষাং পথিকানাং সহায়ং কুর্য্যাৎ। ২৭১। ২৭২। ২৭৩। ২৭৪। ॥০॥

নৃপঃ রাজধান্যাং বসন্ দিনকৃত্যং প্রতিদিনকর্ত্তব্যং কুর্য্যাৎ। ২৭৫।

রাত্রেঃ পশ্চিমেযামে শেষপ্রহরে উত্থায় মুহূর্ত্তদ্বিতয়েন দ্বৌ মুহূর্ত্তৌ যাবৎ নিয়তায়ঃ নির্দ্ধারিতঃ আয়ঃ কতি, ব্যয়শ্চ নিয়তঃ কতি, কোষভূতস্য ভাণ্ডারস্থিতস্য দ্রব্যস্য ব্যবহারে কার্য্যদর্শনে কতিব্যয়ঃ গতোভূতঃ, মুদ্রিতায় রক্ষণায় ব্যয়স্য শেষং কতি, ইতি প্রত্যক্ষতঃ

গৃহের দ্বার বন্ধনপূর্ব্বক প্রহরিগণের দ্বারা রক্ষা করিবে। প্রভাতসময়ে দ্বার মুক্ত করিয়া তাহাদিগকে প্রবোধ করিবে, অস্ত্রাদি অর্পণ করিবে, গণনা করিবে এবং বিদায় দিবে। গ্রামবাসিগণ তাহাদিগের সহিত গ্রামের পরিসীমাপর্য্যন্ত সহায়তা করিবে। ২৭১। ২৭২। ২৭৩। ২৭৪।

রাজা রাজধানীতে অবস্থিতিপূর্ব্বক প্রতিদিন এইরূপে নিত্যকার্য্যের পর্য্যালোচনা করিবেন। ২৭৫। রাত্রির শেষপ্রহরে গাত্রোত্থান করিয়া চারিদণ্ডকাল বিবেচনা করিবেন যে কত আয়, কত ব্যয় এবং ভাণ্ডারস্থ ধনেরই

প্রত্যক্ষতো লেখতশ্চ জ্ঞাত্বা চাদ্য ব্যয়ঃ কতি।
ভবিষ্যতি চ তত্তুল্যং দ্রব্যং কোষাত্তু নির্হরেৎ ॥ ২৭৮ ॥
পশ্চাত্তু বেগনির্ম্মোক্ষং স্নানং মৌহূর্ত্তিকং মতম্।
সন্ধ্যাপুরাণদানৈশ্চ মুহূর্ত্তং দ্বিতয়ং নয়েৎ ॥ ২৭৯ ॥
গবাশ্বযানব্যায়ামৈর্নয়েৎ প্রাতর্ম্মুহূর্ত্তকম্।
পারিতোষিকদানেন মুহূর্ত্তস্তু নয়েৎ সুধীঃ।
ধান্যবস্ত্রস্বর্ণরত্নসেনাদেশবিলেখনৈঃ ॥ ২৮০ ॥

লেখতশ্চ জ্ঞাত্বা অদ্য ব্যয়ঃ কতি ভবিষ্যতি ইতি চ বিচার্য্য কোষাৎ ধনাগারাৎ তত্তুল্যং দ্রব্যং নির্হরেৎ বহিষ্কুর্য্যাৎ। ২৭৬। ২৭৭। ২৭৮।

পশ্চাৎ আয়ব্যয়াদিনির্ণয়ানন্তরং মৌহূর্ত্তিকং মুহূর্ত্তৈকনিষ্পাদ্যং বেগনির্ম্মোক্ষং স্নানং মলমূত্রোৎসর্গঃ স্নানঞ্চ কর্ত্তব্যং। ততশ্চ সন্ধ্যা পুরাণদানৈঃ সন্ধ্যাবন্দনা পুরাণানুশীলন-দানকর্ম্মভিশ্চ মুহূর্ত্তদ্বিতয়ং দ্বৌ মুহূর্ত্তৌ নয়েৎ। ততশ্চ গবাশ্বযানব্যায়ামৈঃ গোভিঃ অশ্বৈশ্চ যানানি গমনানি এব ব্যায়ামাঃ অঙ্গচালনব্যাপারাঃ তৈঃ প্রাতর্ম্মুহূর্ত্তকং নয়েৎ। ততঃ সুধীঃ সুবুদ্ধির্নৃপঃ পারিতোষিকদানৈঃ অনুজীবিভ্যঃ পুরস্কারবিতরণৈঃ মুহূর্ত্তং নয়েৎ। ততশ্চ ধান্যানাং বস্ত্রাণাং স্বর্ণানাং রত্নানাং সেনানাং দেশানাং রাজ্যানাঞ্চ বিলেখনৈঃ

বা কার্য্যার্থে কত ব্যয় হইয়া কত সঞ্চয় আছে তাহা প্রত্যক্ষদৃষ্টি ও লেখার দ্বারা অবগত হইয়া অদ্য কি ব্যয়ের আবশ্যক বিবেচনাপূর্ব্বক সেই পরিমিত ধন ধনাগার হইতে বহিষ্কৃত করিবেন। ২৭৬। ২৭৭। ২৭৮।

তৎপশ্চাৎ এক মুহূর্ত্তকাল মলমূত্রত্যাগ ও স্নানের দ্বারা অতিবাহিত করিবেন। তদনন্তর সন্ধ্যাদির দ্বারা একমুহূর্ত্ত ও পুরাণাদি সম্মত দান-কার্য্যের দ্বারা একমুহূর্ত্ত অতিবাহিত করিবেন। তদনন্তর গো এবং অশ্বের যানাদি চালনারূপ ব্যায়ামের দ্বারা প্রাতর্মুহূর্ত্ত অতিবাহিত করি-বেন। তদনন্তর পারিতোষিক বিতরণের দ্বারা একমুহূর্ত্ত অতিবাহিত করি-বেন। তদনন্তর ধান্য, বস্ত্র, স্বর্ণ, রত্ন, সেনা ও দেশাদির পর্য্যালোচনা

আয়ব্যয়ৈ র্মুহূর্ত্তানাং চতুষ্কন্তু নয়েৎ সদা।
স্বস্থচিত্তো ভোজনেন মুহূর্ত্তং সসুহৃন্নৃপঃ॥ ২৮১॥
প্রত্যক্ষীকরণাজ্জীর্ণনবীনানাং মুহূর্ত্তকম্।
ততস্তু প্রাড়্বিবাকাদিবোধিতব্যবহারতঃ॥ ২৮২॥
মুহূর্ত্তদ্বিতয়ঞ্চৈব মৃগয়াক্রীড়নৈ র্নয়েৎ।
ব্যূহাভ্যাসৈ র্মুহূর্ত্তন্তু মুহূর্ত্তং সন্ধ্যয়া ততঃ॥ ২৮৩॥
মুহূর্ত্তং ভোজনেনৈব দ্বিমুহূর্ত্তন্তু বার্ত্তয়া।

পর্য্যালোচনাভিঃ তথা আয়ব্যয়ৈশ্চ মুহূর্ত্তানাং চতুষ্কং। তথা স্বস্থচিত্তঃ সসুহৃৎ-বন্ধুজন-সহিতঃ সন্ ভোজনেন মুহূর্ত্তং নয়েৎ। ২৭৯। ২৮০। ২৮১।

ততঃ জীর্ণানাং পুরাতনানাং নবীনানাং নূতনানাঞ্চ প্রত্যক্ষীকরণাৎ পরীক্ষণাৎ মুহূর্ত্তং। ততশ্চ প্রাড়্বিবাকাদিভির্ব্বিচারকর্ম্মণি নিযুক্তৈঃ পুরুষৈঃ বোধিতেন জ্ঞাপিতেন ব্যবহারেণ মুহূর্ত্তং দ্বিতীয়ং। তদনন্তরং মৃগয়াক্রীড়নৈঃ মুহূর্ত্তং, ব্যূহাভ্যাসৈশ্চ মুহূর্ত্তং নয়েৎ। অনন্তরং সন্ধ্যয়া সায়ংকালীনয়া মুহূর্ত্তং। তদনন্তরং ভোজনেন রাত্রিকালীনেন মুহূর্ত্তং। পশ্চাৎ গূঢ়চারৈঃ গুপ্তচরৈঃ শ্রাবয়িতয়া বার্ত্তয়া দ্বিমুহূর্ত্তং। ততঃপরং নিদ্রয়া

এবং আয় ব্যয়াদি লিপিকার্য্যের পর্য্যবেক্ষণের দ্বারা চারি মুহূর্ত্ত অতিবাহিত করিবেন। অনন্তর সুস্থচিত্ত হইয়া বান্ধবগণের সহিত ভোজনের দ্বারা একমুহূর্ত্ত অতিবাহিত করিবেন। ২৭৯। ২৮০। ২৮১।

তদনন্তর পুরাতন এবং নূতন বিষয় সকলের পরীক্ষার দ্বারা এক মুহূর্ত্ত অতিবাহিত করিবেন। তদনন্তর বিচারকার্য্যে নিযুক্ত যে সকল অমাত্যগণ তাহাদিগের সহিত তত্তদ্‌বিষয়ের পর্য্যালোচনার দ্বারা দুই মুহূর্ত্ত অতিবাহিত করিবেন। তদনন্তর মৃগয়াক্রীড়ার দ্বারা এক মুহূর্ত্ত ও ব্যূহাদির অভ্যাসের দ্বারা এক মুহূর্ত্ত অতিবাহিত করিবেন। তদনন্তর সায়ং সন্ধ্যার দ্বারা এক মুহূর্ত্ত ও রাত্রিকালীন ভোজনের দ্বারা এক মুহূর্ত্ত অতিবাহিত করিবেন। তদনন্তর গুপ্তচরের দ্বারা রাজ্যবিষয়ক শুভাশুভ বৃত্তান্ত সকল শ্রবণের দ্বারা

গূঢ়চারৈঃ শ্রাবয়িতা নিদ্রয়াঽষ্টমুহূর্ত্তকম্ ॥ ২৮৪ ॥
এবং বিহরতো রাজ্ঞঃ সুখং সম্যক্ প্রজায়তে।”
অহোরাত্রং বিভজ্যৈবং ত্রিংশদ্ভিস্তু মুহূর্ত্তকৈঃ ॥ ২৮৫ ॥
নয়েৎ কালং বৃথা নৈব নয়েৎ স্ত্রীমদ্যসেবনৈঃ।
যৎকালে যূচিতং কর্ত্তুং তৎকার্য্যং দ্রাগশঙ্কিতম্ ॥ ২৮৬ ॥
কালেবৃষ্টিঃ সুপোষায় হ্যন্যথা সুবিনাশিনী।
কার্য্যস্থানানি সর্ব্বাণি যামিকৈরভিতোঽনিশম্ ॥ ২৮৭ ॥

অষ্টমমুহূর্ত্তং নয়েৎ। এবং উক্তপ্রকারেণ বিহরতো রাজ্ঞঃ সুখং প্রজায়তে প্রভবতি। ২৮২। ২৮৩। ২৮৪।

এবং পূর্ব্বোক্তয়া দিশা ত্রিংশদ্ভিঃ মুহূর্ত্তকৈঃ অহোরাত্রং দিবারাত্রং ষষ্টিদণ্ডাত্মকং বিভজ্য কালং নয়েৎ। স্ত্রীমদ্যসেবনৈঃ স্ত্রীভির্ব্বিহারৈঃ সুরাপানৈশ্চ বৃথাকালং নৈব নয়েৎ। যৎকালে যৎ কার্য্যং কর্ত্তুমুচিতং তৎ কার্য্যং দ্রাক্ ঝটিতি, অশঙ্কিতং নিঃশঙ্কিতং যথা তথা তৎকালে এব কর্ত্তব্যং। কালে সুপোষায় জগতাং সুখপালনায় বৃষ্টির্ভবতি, অন্যথা বৃষ্টিঃ সুবিনাশিনী ক্ষয়করী ভবেৎ।

নয়বান্ নীতি বিচক্ষণঃ তথা নীতি নতিবিৎ নীতের্নতিং বেত্তি যঃ তাদৃশো রাজা সিদ্ধ-

দুই মুহূর্ত্ত অতিবাহিত করিবেন এবং তদনন্তর নিদ্রার দ্বারা আট মুহূর্ত্ত অতিবাহিত করিবেন। এই প্রকার নিয়ম প্রতিপালন করিলে সেই রাজার মঙ্গল হয়। ২৮২। ২৮৩। ২৮৪।

ষষ্টিদণ্ড পরিমিত দিবারাত্রকে এইরূপে ত্রিশ মুহূর্ত্তদ্বারা বিভাগ করিয়া কাল অতিবাহিত করিবে। স্ত্রীগণের সহিত বিহার ও মদ্যপানের দ্বারা কখনই সময় নষ্ট করিবে না। যেকালে যে কার্য্য করা উচিত যত শীঘ্র হয় অশঙ্কিত চিত্ত হইয়া সেই কালেই সেই কার্য্য করিবে। কাল অতিক্রমণ হইলে সেই কার্য্য কখনই শুভদায়ক হয় না। যেমন কালের বৃষ্টি জগতের

নয়বান্ নীতিনতিবিৎ সিদ্ধশস্ত্রাদিকৈর্ব্বরৈঃ।
চতুর্ভিঃ পঞ্চভির্ব্বাপি ষড় ভির্ব্বা গোপয়েৎ সদা ॥ ২৮৮ ॥
তত্রত্যানি দৈনকানি শৃণুয়াল্লেখকাধিপৈঃ।
দিনে দিনে যামিকানাং প্রকুর্য্যাৎ পরিবর্ত্তনং ॥ ২৮৯ ॥
গৃহপংক্তিমুখে দ্বারং কর্ত্তব্যং যামিকৈঃ সদা।
তৈস্তদ্বৃত্তন্তু শৃণুয়াৎ গৃহস্থভৃতিপোষিতৈঃ ॥ ২৯০ ॥

শস্ত্রাদিকৈঃ শস্ত্রাস্ত্রকুশলৈর্ব্বরৈঃ শ্রেষ্ঠৈঃ চতুর্ভিঃ পঞ্চভিঃ বা ষড় ভিঃ যামিকৈঃ প্রহরিভিঃ সদা সর্ব্বাণি কার্য্যস্থানানি গোপয়েৎ সংরক্ষয়েৎ। ২৮৫। ২৮৬। ২৮৭। ২৮৮।

তত্রত্যানি দৈনিকানি প্রতিদিন সঞ্জাতানি কার্য্যাণি লেখকাধিপৈঃ প্রধানলেখকৈঃ শৃণুয়াৎ। তথা দিনে দিনে যামিকানাং প্রহরিণাং পরিবর্ত্তনং বিনিময়ং কুর্য্যাৎ। ২৮৯।

যামিকৈঃ প্রহরিভিঃ সদা গৃহপঙ্ক্তিমুখে গৃহস্থানাং গৃহশ্রেণ্যভিমুখে দ্বারং দৌবারিকং কার্য্যং কর্ত্তব্যং। গৃহস্থানাং ভৃতিভিঃ বেতনৈঃ পোষিতৈঃ তৈঃ প্রহরিভিঃ তদ্বৃত্তং তেষাং গৃহস্থানাং বৃত্তং আচরিতং শৃণুয়াৎ। রাজেতিশেষঃ। ২৯০।

পুষ্টিবর্দ্ধন করে, অকালের বৃষ্টি বিনাশের কারণ হয়। ন্যায় ও নীতিপরায়ণ রাজা চারিজন, কিম্বা পাঁচজন অথবা ছয়জন অস্ত্রবিদ্যার পারদর্শী প্রহরির দ্বারা কার্য্যস্থান সকল সর্ব্বদা রক্ষা করিবেন। ২৮৫। ২৮৬। ২৮৭। ২৮৮।

প্রতিদিন যে সমস্ত দৈনিক কার্য্য হয় রাজা প্রধান লেখকের দ্বারা সেই সমস্ত শ্রবণ করিবেন। এবং প্রতিদিনই প্রহরিগণের পরিবর্ত্তন করিবেন। ২৮৯।

প্রহরিগণ সর্ব্বদা গৃহস্থগণের দ্বারের সম্মুখে দৌবারিকী কার্য্যসম্পাদন করিবে এবং গৃহস্থগণের বেতনের দ্বারা প্রতিপালিত হইবে। রাজা সেই সকল প্রহরিগণের প্রমুখাৎ গৃহস্থগণের বৃত্তান্ত সকল অবগত হইবেন। ২৯০।

নির্গচ্ছন্তি চ যে গ্রামাদ্ যে গ্রামং প্রবিশন্তি চ।
তান্ সুসংশোধ্য যত্নেন মোচয়েদ্দত্তলগ্নকান্ ॥ ২৯১ ॥
প্রখ্যাত বৃত্তশীলাংস্তু হ্যবিমৃশ্য বিমোচয়েৎ।"
বীথিবীথিষু যামার্দ্ধে নিশিপর্য্যটনং সদা ॥ ২৯২ ॥
কর্ত্তব্যং যামিকৈরেব চৌরজারনিবৃত্তয়ে।"
শাসনং ত্বীদৃশং কার্য্যং রাজ্ঞা নিত্যং প্রজাসু চ ॥ ২৯৩ ॥

যে জনাঃ গ্রামাৎ নির্গচ্ছন্তি, যে চ গ্রামং প্রবিশন্তি, তান্ যত্নেন সংশোধ্য পরীক্ষ্য দত্তলগ্নকান্ দত্তং লগ্নকং শোধনপত্রং যেভ্যঃ তাদৃশান্ কৃত্বা মোচয়েৎ। প্রখ্যাতবৃত্তশীলান্ সুখ্যাতচরিত্রান্ তু পুনঃ অবিমৃষ্য অবিচার্য্য মোচয়েৎ।

যামিকৈঃ প্রহরিভিঃ চৌরাণাং তস্করাণাং জারাণাং উপপতীনাঞ্চ নিবৃত্তয়ে নিরাকরণায় নিশি রজন্যাং বীথি বীথিষু প্রতিপঙ্ক্তিশ্রেণিমধ্যেষু সদা যামার্দ্ধেঃ প্রহরমধ্যে বারদ্বয়েন পর্য্যটনং ভ্রমণং অবশ্যমেব কর্ত্তব্যং। ২৯১। ২৯২। ॥০ ॥

রাজা শাসনডিণ্ডিমৈঃ শাসনার্থবাদ্যভেদৈঃ প্রজাঃ নিত্যং ইত্যনেন প্রকারেণ বোধ-

---

যে সকল মনুষ্যেরা গ্রাম হইতে নির্গত হয় কিম্বা যাহারা গ্রামের মধ্যে প্রবেশ করে যত্নপূর্ব্বক তাহাদিগকে পরীক্ষা করিয়াও সংশোধন পত্র লিখিয়া লইয়া নির্গত হইতে কিম্বা প্রবেশ করিতে অনুমতি করিবেন। কিন্তু যাহারা সুখ্যাত চরিত্রশীল তাহাদিগের পক্ষে তদ্রূপ ব্যবহার করিবে না।

চোর এবং লম্পট্ ইহাদিগের নিবৃত্তির জন্যে প্রহরীগণ রজনীযোগে প্রতি প্রহরে দুইবার করিয়া প্রতিপংক্তি শ্রেণী (গলী)তে ভ্রমণ করিবে। ২৯১। ২৯২। ॥০ ॥

রাজা দুন্দুভির দ্বারা সর্ব্বদা এইরূপে প্রজাগণকে প্রবোধিত করিবেন।

দাসে ভৃত্যেঽথ ভার্য্যায়াং পুত্রে শিষ্যেঽপি বা ক্বচিৎ।
বাগ্‌দণ্ডপরুষং নৈব কার্য্যং মদ্দেশসংস্থিতৈঃ ॥ ২৯৪ ॥
তুলাশাসনমানানাং নানকস্যাপি বা ক্বচিৎ।
নির্য্যাসানাঞ্চ ধাতূনাং স জাতীনাং ঘৃতস্য চ ॥ ২৯৫ ॥
মধুদুগ্ধবসাদীনাং পিষ্টাদীনাঞ্চ সর্ব্বদা।
কূটং নৈব তু কার্য্যং স্যাদ্‌বলাচ্চ লিখিতং জনৈঃ ॥ ২৯৬ ॥
উৎকোচগ্রহণং নৈব স্বামিকার্য্যবিলোভনং।
দুর্ব্বৃত্তকারিণশ্চৌরং জারং মদ্দ্বেষিণং দ্বিষম্ ॥ ২৯৭ ॥

য়েৎ জ্ঞাপয়েৎ। যথা, মদ্দেশসংস্থিতৈঃ মদধিকারবর্ত্তিভির্জ্জনৈঃ ক্বচিৎ দাসে কিঙ্করে, ভৃত্যে পোষ্যজনে, অথবা ভার্য্যায়াং, পুত্রে, অপি বা শিষ্যে ছাত্রে, বাগ্‌দণ্ডপরুষং বাক্‌পারুষ্যং দণ্ডপারুষ্যং বা নৈব কর্ত্তব্যং। তুলায়াঃ শাসনানি নির্ণায়কানি যানি মানানি তেষাং ক্বচিৎ বা নাণকস্য মুদ্রায়াঃ, নির্য্যাসানাং তরুলতানির্গতরসানাং, সজাতীনাং সমানান্বয়বানাং, ধাতূনাং স্বর্ণরজতাদীনাং, ঘৃতস্য, মধুদুগ্ধরসাদীনাং, পিষ্টাদীনাং চূর্ণদ্রব্যানাং, সর্ব্বদা কদাপি কূটং কপটং, বলাৎ বলাৎকারেণ লিখিতং, উৎকোচগ্রহণং, তথা স্বামিকার্য্যেষু বিলোভং নৈব কর্ত্তব্যং। দুর্ব্বৃত্তকারিণং দুরাচারিণং, চৌরং, জারং, মদ্দ্বেষিণং

যে, আমার অধিকারস্থ মানবগণের মধ্যে কেহ কোন ভৃত্যকে, কি প্রতিপালিত ব্যক্তিকে, কিম্বা ভার্য্যাকে, অথবা পুত্রকে এবং ছাত্রকে কোনপ্রকার দুর্ব্বাক্য কিম্বা দণ্ডবিধান করিবে না। তুলার পরিমাণের (বাট্‌খাড়ার) মুদ্রার, বৃক্ষ ও লতাপ্রভৃতির রসের, স্বর্ণ ও রৌপ্যাদি ধাতুর, ঘৃতের, মধুর, দুগ্ধের, মাংসের এবং যবাদিচূর্ণের কৃত্তিমতা, কিম্বা বলপূর্ব্বক লিপিকার্য্য, উৎকোচ গ্রহণ, অথবা স্বামির কার্য্যেতে কোনমতে লোভপ্রদর্শন করিবে না। দুরাচারিকে, চোরকে, লম্পটকে, আমার বিপক্ষকে এবং অন্যান্য

নরক্ষন্তপ্রকাশং হি তথান্যানপকারকান্।
মাতৃণাং পিতৃণাঞ্চৈব পূজ্যানাং বিদুষামপি ॥ ২৯৮ ॥
নাবমানং নোপহাসং কুর্য্যুঃ সদ্বৃত্তশালিনাম্।
নভেদং জনয়েয়ুর্ব্বৈ নৃনার্য্যোঃ স্বামিভৃত্যয়োঃ ॥ ২৯৯ ॥
ভ্রাতৃণাং গুরুশিষ্যাণাং ন কুর্য্যুঃ পিতৃপুত্রয়োঃ।
বাপীকূপারামসীমাধর্ম্মশালাসুরালয়ান্ ॥ ৩০০ ॥
মার্গান্নৈব প্রবাধেয়ুর্হীনাঙ্গবিকলাঙ্গকান্।
দ্যূতঞ্চ মদ্যপানঞ্চ মৃগয়াং শস্ত্রধারণম্ ॥ ৩০১ ॥
গোগজাশ্বোষ্ট্রমহিষীনৃণাং বৈ স্থাবরস্য চ।

মদীয়প্রতিকূলং, দ্বিষং, শত্রুং, তথা অপ্রকাশং গূঢ়ং, যথা তথা অপকারকান্ অনিষ্টকারিণঃ অন্যান্ জনান্ ন রক্ষন্তু ন গোপয়ন্তু। মাতৃণাং পিতৃণাং অন্যেষাং পূজ্যানাং গুরুজনানাং বিদুষাঞ্চ পণ্ডিতানাং, তথা সদ্বৃত্তশালিনাং সদাচাররতানাং জনানাং অবমানং ন উপহাসঞ্চ ন কুর্য্যুঃ। নৃনার্য্যোঃ দম্পত্যোঃ তথা স্বামিভৃত্যয়োঃ ভেদং পরস্পরমনোভঙ্গং ন জনয়েয়ুঃ। কিঞ্চ ভ্রাতৃণাং গুরুশিষ্যানাং তথা পিতৃপুত্রয়োঃ ভেদঞ্চ ন কুর্য্যুঃ। বাপী দীর্ঘিকা, কূপঃ, আরামঃ উপবনং, সীমা নির্ণীতস্থানং, ধর্ম্মশালা, সুরালয়ঃ দেবালয়ঃ, এতান্ মার্গান্ পথঃ হীনাঙ্গান্ বিকৃতাঙ্গান্, বা জনান্ নৈব প্রবাধেয়ুঃ। রাজাজ্ঞয়া বিনা দ্যূতং সপণদেবনং

যে সকল অপ্রকাশিত অনিষ্টকারী তাহাদিগকে গোপন করিবে না। জননীর, জনকের ও অন্যান্য গুরুজনের, পণ্ডিতের এবং আমার মতানুবর্ত্তি ব্যক্তিগণের অপমান, কিম্বা তাহাদিগের প্রতি কোনমতে উপহাস করিবে না। স্ত্রী ও পুরুষের, স্বামী ও ভৃত্যের, গুরু ও শিষ্যের পিতা ও পুত্রের এবং ভ্রাতৃগণের পরস্পর মনোভঙ্গ যাহাতে হয় তদ্রূপ আচরণ করিবে না। দীর্ঘিকা, কূপ, উপবন, সীমানার স্থান, ধর্ম্মালয়, দেবালয়, এবং লোকের গমনাগমনের প্রতি কোনমতে বাধা করিবে না। রাজার আজ্ঞা ব্যতিরেকে দ্যূতক্রীড়া,

রজতস্বর্ণরত্নানাং মাদকস্য বিষস্য চ ॥ ৩০২ ॥
ক্রয়ো বা বিক্রয়ো বাপি মদ্যসন্ধানমেব চ।
ক্রয়পত্রং দানপত্র মৃণনির্ণয়পত্রকম্ ॥ ৩০৩ ॥
রাজাজ্ঞয়া বিনা নৈব জনৈঃ কার্য্যং চিকিৎসিতম্।
মহাপাপাভিশপনং নিধিগ্রহণমেব চ ॥ ৩০৪ ॥
নবসমাজনিয়মং নির্ণয়ং জাতিদূষণং।
অস্বামিনাষ্টিকধনসংগ্রহং মন্ত্রভেদনম্ ॥ ৩০৫ ॥
নৃপচ্ছগুণালাপস্তু নৈব কুর্য্যুঃ কদাচন।
স্বধর্ম্মহানিমনৃতং পরদারাভিমর্শনম্ ॥ ৩০৬ ॥

মদ্যপানং, মৃগয়া, শস্ত্রধারণং, গবাং গজানাং অশ্বানাং উষ্ট্রাণাং মহিষীণাং নৃণাং স্থাবরস্য ভূম্যাদেঃ, রজতস্য, স্বর্ণস্য, রত্নস্য, মাদকস্য, তথা বিষস্য ক্রয়ঃ বিক্রয়ঃ বা মদ্যসন্ধানং মদ্যপ্রস্তুতপ্রকারং, ক্রয়পত্রং, দানপত্রং, ঋণনির্ণয়পত্রং বা চিকিৎসিতং চিকিৎসাকার্য্যং নৈব কার্য্যং। মহাপাপাভিশপনং মহাপাপকীর্ত্তনেন অভিসম্পাতং, নিধেঃ অস্বামিকস্য ধনস্য গ্রহণং, নবং নূতনং সমাজনিয়মং, নির্ণয়ং নিশ্চীকৃতং, জাতিদূষণং জাতেঃ দোষকীর্ত্তনং, অস্বামিকস্য নাষ্টিকস্য হারিতস্য ধনস্য সংগ্রহং, মন্ত্রভেদং মন্ত্রণাপ্রকাশনং, তথা নৃপস্য ছগুণালাপং নৈব কুর্য্যুঃ। স্বধর্ম্মহানিং, অনৃতং মিথ্যাবাক্যং, পরদারাভিমর্শনং পরস্ত্রীগমনং, কূটশাক্ষ্যং

মদ্যপান, মৃগয়া, অস্ত্রধারণ এবং গো, হস্তী, অশ্ব, উষ্ট্র, মহিষ, মনুষ্য, ভূম্যাদি, রৌপ্য, স্বর্ণ, রত্ন, মাদকদ্রব্য ও বিষের ক্রয় বিক্রয়, মদিরাপ্রস্তুত, ক্রয়পত্র, দানপত্র, ঋণগ্রহণপত্র এবং চিকিৎসাবৃত্তি করিবে না। মহাপাপ হইবে এইরূপ বাক্য উচ্চারণ করিয়া অভিসম্পাত, অস্বামিক ধনগ্রহণ, নূতন সমাজ সংস্থাপন, ব্যবস্থাদির নির্দ্ধারণ, জাতির প্রতি দোষ কীর্ত্তন, অপহারিত ধনসংগ্রহ, নিগূঢ় মন্ত্রণার ব্যক্তকরণ এবং নরপতির দোষকীর্ত্তন করিবে না।

স্বধর্ম্মত্যাগ, মিথ্যাবাক্য পরস্ত্রীগমন, কপটশাক্যপ্রদান, কপট লিখন,

কূটশাক্ষ্যং কূটলেখ্যমপ্রকাশপ্রতিগ্রহম্।
নির্দ্ধারিতকরাধিক্যং স্তেয়ং সাহসমেব চ॥ ৩০৭॥
মনসাপি ন কুর্ব্বন্তু স্বামিদ্রোহং তথৈব চ।
ভৃত্যাশুল্কেন ভাগেন বৃদ্ধ্যা দর্পবলাচ্ছলাৎ॥ ৩০৮॥
আকর্ষণং ন কুর্ব্বন্তু যস্য কস্যাপি সর্ব্বদা।
পরিমাণোন্মানমানং ধার্য্যং রাজবিমুদ্রিতম্॥ ৩০৯॥
গুণসাধনসংদক্ষা ভবন্তু নিখিলা জনাঃ।
সাহসাধিকৃতে দস্যুর্ব্বিনিগৃহ্যাততায়িনম্॥ ৩১০॥
উৎসৃষ্টা বৃষভাদ্যা যে স্তৈস্তে ধার্য্যাঃ সুযন্ত্রিতাঃ।

কপটশাক্ষ্যং, কূটলেখ্যং কপটলিখিতং, অপ্রকাশপ্রতিগ্রহং, নিদ্ধারিতস্য করস্য আধিক্যং, স্তেয়ং চৌর্য্যং, সাহসং দস্যুবৃত্তিং, তথা স্বামিদ্রোহং প্রভোরনিষ্টাচরণং, মনসাপি ন কুর্ব্বন্তি। কিঞ্চ ভৃত্যা বেতনেন শুল্কেণ পণ্যদ্রব্যানাং রাজগ্রাহ্যাংশেন ভাগেন বৃদ্ধ্যা কুসীদব্যবহারেণ দর্পাৎ বলাৎ ছলাৎ বা সর্ব্বদা কদাপি যস্য কস্যাপি জনস্য আকর্ষণং ন কুর্ব্বন্তু। পরিমাণং ভূম্যাদীনাং মানার্থরজ্জ্বাদিকং রাজবিমুদ্রিতং রাজচিহ্নিতং কৃত্বা ধার্য্যং ব্যবহর্ত্তব্যং। নিখিলাঃ জনাঃ গুণসাধনে গুণার্জ্জনে সংদক্ষাঃ নিপুনাঃ ভবন্তু। তথা সাহসাধিকৃতে বলাৎকারাদিদুষ্কর্ম্মাপবাদে আততায়িনং অগ্নিদপ্রভৃতিং বিনিগৃহ্য বিশেষণ নিগৃহ্য বিধৃত্য দস্যুঃ। যৈঃ জনৈঃ বৃষভাদ্যাঃ উৎসৃষ্টাঃ তৈঃ তে উৎসৃষ্টাঃ বৃষভাদ্যাঃ

অপ্রকাশিত দানগ্রহণ, নির্দ্ধারিত করের বৃদ্ধিকরণ, চৌর্য্যবৃত্তি, দস্যুবৃত্তি এবং প্রভুর প্রতি অনিষ্টাচরণ মনের দ্বারাও করিবে না।

বেতনের দ্বারা, শুল্কের দ্বারা নৃপতির অংশের দ্বারা, কুসীদবৃত্তির দ্বারা এবং দর্প, বল, অথবা ছলের দ্বারা কখনই কোন ব্যক্তির পণ্যদ্রব্য আকর্ষণ করিবে না। ভূম্যাদির পরিমাণের জন্যে রজ্জু প্রভৃতিতে রাজচিহ্নিত করিয়া ব্যবহার করিবে। সকল ব্যক্তিই গুণসাধনবিষয়ে তৎপর হও। এবং যাহারা অগ্নিদান করে, বিষদান করে, অস্ত্রধারণ করে এবং ধন পুত্র ও স্ত্রী অপহরণ করে সেই সকল আততায়িগণকে ধরিয়া দাও। আর যাহারা

ইতি মচ্ছাসনং শ্রুত্বা যেঽন্যথা বর্ত্তয়ন্তিতান্॥ ৩১১॥
বিনিশিষ্যামিদণ্ডেন মহতা পাপকারকান্।
ইতি প্রবোধয়েন্নিত্যং প্রজাঃ শাসনডিণ্ডিমৈঃ॥ ৩১২॥
লিখিত্বা শাসনং রাজা ধারয়েত্তু চতুষ্পথে।”
সদাচোদ্যতদণ্ডঃ স্যাদসাধুষু চ শত্রুষু॥ ৩১৩॥
প্রজানাং পালনং কার্য্যং নীতিপূর্ব্বং নৃপেণ হি।
মার্গসংরক্ষণং কুর্য্যান্নৃপঃ পান্থ সুখায় চ॥ ৩১৪॥

সুযন্ত্রিতাঃ সুনিয়মিতাঃ ধার্য্যাঃ প্রতিপাল্যাঃ। ইতি উক্তপ্রকারং মচ্ছাসনং মদীয়নিদেশং শ্রুত্বা যে জনাঃ অন্যথা বর্ত্তয়ান্তি আচরন্তি পাপকারকান্ তান্ জনান্ মহতা প্রবলেন দণ্ডেন বিনিশিষ্যামি বিশেষেণ দণ্ডয়িষ্যামি। ইত্যনেন প্রকারেণ শাসনং আদেশং লিখিত্বা চতুষ্পথে ধারয়েৎ স্থাপয়েৎ। ২৯৪। ২৯৫। ২৯৬। ২৯৭। ২৯৮। ২৯৯। ৩০০। ৩০১। ৩০২। ৩০৩। ৩০৪। ৩০৫। ৩০৬। ৩০৭। ৩০৮। ৩০৯। ৩১০। ৩১১। ৩১২।

রাজা অসাধুষু দুর্জ্জনেষু শত্রুষু চ সদা উদ্যতদণ্ডঃ দণ্ডধারী স্যাচ্চ। ৩১৩।

নৃপেণ নীতিপূর্ব্বং প্রজানাং পালনং কার্য্যং। তথা নৃপঃ পান্থানাং পথিকানাং সুখায়

বৃষভাদিকে ক্লীব করে তাহারা সেই সকল অকর্ম্মণ্য বৃষভাদিকে প্রতিপালন করিবে। আমার এই সকল অনুজ্ঞাবাক্য শ্রবণ করিয়া যে ইহার অন্যথাচরণ করিবে সেই সকল পাপকারিগণকে প্রবলদণ্ডে দণ্ডিত হইতে হইবে। এইরূপ প্রণালীতে ঘোষণাপত্র লিখিয়া চতুষ্পথে সংস্থাপন করিবেন। ২৯৪। ২৯৫। ২৯৬। ২৯৭। ২৯৮। ২৯৯। ৩০০। ৩০১। ৩০২। ৩০৩। ৩০৪। ৩০৫। ৩০৬। ৩০৭। ৩০৮। ৩০৯। ৩১০। ৩১১। ৩১২।

রাজা দুশ্চরিত্রগণ ও বিপক্ষগণের প্রতি সর্ব্বদা উদ্যতদণ্ড হইয়া সুনীতি অনুসারে প্রজাগণকে প্রতিপালন করিবেন। এবং পথচারিগণের সুখগমনের জন্যে সর্ব্বদা পন্থার রক্ষণাবেক্ষণ ও যে সকল দুরাচারিরা পথিক লোকের প্রতি দস্যুতা ব্যবহার করে তাহাদিগের প্রাণদণ্ড করিবেন। ৩১৩। ৩১৪। ॥০

পান্থপ্রপীড়কা যে যে হাতব্যাস্তে প্রযত্নতঃ।”
ত্রিভিরংশৈর্ব্বলং ধার্য্যং দানমর্দ্ধাংশকেন চ॥ ৩১৫ ॥
অর্দ্ধাংশেন প্রকৃতযোহর্দ্ধাংশেনাধিকারিণঃ।
অর্দ্ধাংশেনাত্মভোগশ্চ কোশোংশেন স রক্ষ্যতে॥ ৩১৬ ॥
আয়স্যৈবং ষড়্বিভাগৈর্ব্যয়ং কুর্য্যাত্তু বৎসরে।
সামন্তাদিষু ধর্ম্মোহয়ং ন্যূনস্য কদাচন॥ ৩১৭ ॥
রাজ্যস্য যশসঃ কীর্ত্তের্ধনস্য চ গুণস্য চ।

মার্গসংরক্ষণং কুর্য্যাৎ। ৩১৪। যে যে জনাঃ পান্থানাং পথিকানাং প্রপীড়কাঃ পীড়নকারিণঃ তে প্রযত্নতঃ যত্নাতিশয়েন হাতব্যাঃ বধ্যাঃ। বার্ষিকস্য আয়স্য ত্রিভিঃ অংশৈঃ তৃতীয়ভাগেন বলং সৈন্যং ধার্য্যং। অর্দ্ধস্য আয়ার্দ্ধস্য অংশেন চতুর্থভাগেন সমুদায়স্য অষ্টমভাগেন দানং কর্ত্তব্যং। পুনশ্চ অর্দ্ধাংশেন অধিকারিণঃ রক্ষ্যাঃ। তথা অপরার্দ্ধাংশেন উক্তয়া রীত্যা সমুদায়াষ্টমভাগেন আত্মনঃ স্বস্যভোগঃ। অংশেন অবশিষ্টেন ভাগেন সকোষঃ ধনরক্ষণস্থানং রক্ষ্যতে। ৩১৫। ৩১৬।

এবং উক্তপ্রকারেণ আয়স্য ষড়্বিভাগৈঃ ষড়্ভিঃ বিভাগৈঃ অংশৈঃ বৎসরে প্রতিবর্ষে ব্যয়ং কুর্য্যাৎ। সামন্তাদিষু পূর্ব্বোক্তেষু অয়ং ধর্ম্মঃ নিয়মঃ। ন্যূনস্য সামন্তাদ্যপেক্ষয়া নিকৃষ্টস্য কদাচন অয়ং ধর্ম্মঃ। ৩১৭।

রাজা প্রাপ্তস্য লভস্য, রাজস্য যশসঃ সুখ্যাতেঃ কীর্ত্তেঃ, ধনস্য, গুণস্য, রক্ষণে, তথা অন্যস্য

বার্ষিক আয়কে ছয় অংশে বিভক্ত করিয়া তাহার তিন অংশের দ্বারা সৈন্য রক্ষা করিবেন। অর্দ্ধ অংশ দান করিবেন। অর্দ্ধ অংশ অমাত্যগণকে ও অর্দ্ধ অংশ কর্ম্মচারিগণকে দিবেন। অর্দ্ধ অংশ আপনি ভোগ করিবেন। এবং অবশিষ্ট অংশ কোশেতে সংস্থাপন করিবেন। ৩১৫। ৩১৬।

এই প্রকারে আয়কে ছয় অংশে বিভক্ত করিয়া সম্বৎসরে ব্যয় করিবেন, ইহাই সামন্তাদিনামক নরপতির নিয়ম, কিন্তু সামন্তাদির ন্যূন যে সকল ভূপতিগণ তাহাদের পক্ষে নয়। ৩১৭।

প্রাপ্তস্য রক্ষণেঽন্যস্য হরণে চোদ্যমোঽপি চ ॥ ৩১৮ ॥
সংরক্ষণে সংহরণে সুপ্রযত্নো ভবেৎ সদা।
শৌর্য্যপাণ্ডিত্যবক্তৃত্বং দাতৃত্বং ন ত্যজেৎ ক্বচিৎ ॥ ৩১৯ ॥
বলং পরাক্রমং নিত্যমুত্থানঞ্চাপি ভূমিপঃ।
সমিতৌ স্বাত্মকার্য্যে বা স্বামিকার্য্যে তথৈব চ ॥ ৩২০ ॥
ত্যক্ত্বা প্রাণভয়ং যুধ্যেৎ সশূরস্ত্ববিশঙ্কিতঃ।
পক্ষং সন্ত্যজ্যযত্নেন বালস্যাপি সুভাষিতম্ ॥ ৩২১ ॥
গৃহ্লাতি ধর্ম্মতত্ত্বঞ্চ ব্যবস্যতি স পণ্ডিতঃ ॥ ৩২২ ॥
স বক্তা গুণতুল্যাং স্তান্ ন প্রস্তৌতি কদাচন।

হরণে ন কেবলং উদ্যমঃ সংরক্ষণে সংহরণে চ সদা সুপ্রযত্নতঃ সম্যক্ যত্নবাংশ্চ ভবেৎ। ভূমিপঃ রাজা, ক্বচিৎ কদাচিদপি শৌর্য্যং পাণ্ডিত্যং বক্তৃত্বং দাতৃত্বং বলং পরাক্রমং নিত্যং সততং উত্থানং উদ্যোগঞ্চ ন ত্যজেৎ। যঃ সমিতৌ, যুদ্ধে, আত্মকার্য্যে, স্বামিকার্য্যে, বা প্রাণভয়ং ত্যক্ত্বা অবিশঙ্কিতঃ নিঃশঙ্কিতঃ সন্ যত্নেন যুধ্যেৎ স শূরঃ। যঃ পক্ষং পক্ষপাতং সন্ত্যজ্য বালস্যাপি সুভাষিতং যত্নেন গৃহ্লাতি তথা ধর্ম্মতত্ত্বং ব্যবস্যতি যথাযথং

রাজা কেবল আপনার রাজ্য, যশ, কীর্ত্তি, ধন ও গুণ, ইহাদিগের রক্ষার জন্যে যাত্নিক হইবেন এমত নহে অন্যের রাজ্য হরণের জন্যেও উদ্যত হইবেন এবং যত্নবান্‌ও হইবেন।

শৌর্য্য, পাণ্ডিত্য, বক্তৃত্ব, দাতৃত্ব, বল, পরাক্রম এবং উদ্যোগ, ইহাদিগকে রাজা কখনই পরিত্যাগ করিবেন না।

যে ব্যক্তি সভাতে, যুদ্ধে, আত্মকার্য্যে এবং স্বামির কার্য্যে প্রাণের ভয় পরিত্যাগ করিয়া নিঃশঙ্কিতভাবে সংগ্রাম করেন তিনিই শূর।

যে ব্যক্তি পক্ষপাত পরিত্যাগ করিয়া বালকের বাক্যকেও যত্নপূর্ব্বক গ্রহণ করেন এবং যিনি যথার্থ ধর্ম্মের নিরূপণ করিতে সক্ষম হয়েন তিনিই পণ্ডিত।

অদেয়ং যস্য নৈবাস্তি ভার্য্যা পুত্রাদিকং ধনম্ ॥ ৩২৩ ॥
আত্মানমপি সংদত্তে পাত্রে দাতা স উচ্যতে।
অশঙ্কিতক্ষমো যেন কার্য্যং কর্ত্তুং বলং হিতৎ ॥ ৩২৪ ॥
কিঙ্করা ইব যেনান্যে নৃপাদ্যাঃ স পরাক্রমঃ।
যুদ্ধানুকূলব্যাপার উত্থানমিতি কীর্ত্তিতং ॥ ৩২৫ ॥
বিষদোষভয়াদন্নং বিমৃশেৎ কপিকুক্কুটৈঃ।
হংসাঃ স্খলন্তি কূজন্তি ভৃঙ্গানৃত্যন্তিমায়ূরাঃ ॥ ৩২৬ ॥

নিরূপয়তি সঃ পণ্ডিতঃ। যঃ অবিশঙ্কিতঃ সন্ প্রত্যক্ষং সমক্ষং রাজ্ঞঃ অপি দুর্গুণান্ দোষান্ বক্তি, কদাচন তান্ দুর্গুণান্ গুণৈস্তুল্যান্ কৃত্বা ন প্রস্তৌতি স্তবং করোতি স বক্তা। যস্য ভার্য্যাপুত্রাদিকং ধনঞ্চ অদেয়ং নৈব অস্তি, যশ্চ আত্মানমপি পাত্রে সন্দত্তে দদাতি স দাতা উচ্যতে। যেন বলেন অশঙ্কিতং যথা তথা কার্য্যং কর্ত্তুং ক্ষমঃ শক্তো ভবতি তদেব বলম্। যেন গুণেন অন্যে নৃপাদ্যাঃ রাজপ্রভৃতয়ঃ কিঙ্করা ইব ক্রিয়ন্তে সপরাক্রমঃ।ন যুদ্ধস্য কূলব্যাপারঃ প্রিয়ানুষ্ঠানকার্য্যঃ উত্থানমিতি কীর্ত্তিতম্। ৩১৮। ৩১৯। ৩২০। ৩২১। ৩২২। ৩২৩। ৩২৪। ৩২৫।

রাজা, বিষদোষভয়াৎ কপি কুক্কুট্প্রভৃতিভিঃ অন্নং বিমৃশেৎ পরীক্ষয়েৎ। যতঃ সবিষং

যে ব্যক্তি শঙ্কা পরিত্যাগ করিয়া সমক্ষে রাজারও দোষ কীর্ত্তন করেন, কখনই সেই দোষকে গুণের তুল্য করিয়া স্তুতিবাদ করেন না তিনিই বক্তা।

যাহার ভার্য্যা পুত্র প্রভৃতি পরিজন ও ধন ইহার কিছুই অদেয় না থাকে এবং যিনি আত্মাকেও দান করিতে শক্ত হয়েন তিনিই দাতা।

যাহার দ্বারা অশঙ্কিতভাবে কার্য্য করিতে সক্ষম হয় তাহাই বল। যাহার দ্বারা অন্যান্য নৃপতিগণ কিঙ্করের ন্যায় আচরণ করে, তাহার নাম পরাক্রম। এবং যুদ্ধের প্রিয়ানুষ্ঠানের নাম উদ্যোগ বলিয়া কথিত হয়। ৩১৮। ৩১৯। ৩২০। ৩২১। ৩২২। ৩২৩। ৩২৪। ৩২৫।

রাজা বিষারদিভয়ে কপি এবং কুক্কুট প্রভৃতির দ্বারা অন্নাদি খাদ্যবস্তুর পরীক্ষা করিবেন।

বিরৌতিকুক্কুটোমাদ্যেৎ ক্রৌঞ্চো বৈ রেচতে কপিঃ।
হৃষ্টরোমা ভবেৎ বভ্রুঃ শারিকা বমতে তথা ॥ ৩২৭ ॥
দৃষ্টৈ্বং সবিষং চান্নং তস্মাদ্‌ভোজ্যং পরীক্ষয়েৎ।
ভুঞ্জীতষড়্‌রসংনিত্যং ন দ্বিত্রিরসসঙ্কুলং ॥ ৩২৮ ॥
হীনাতিরিক্তং ন কটুমধুরক্ষারসঙ্কুলম্।
আবেদয়তি যৎ কার্য্যং শৃণুয়াম্মন্ত্রিভিঃ সহ ॥ ৩২৯ ॥

অন্নং দৃষ্ট্বৈব হংসাঃ স্খলন্তি, ভৃঙ্গাঃ কুজন্তি, ময়ূরাঃ নৃত্যন্তি, কুক্কুটাঃ বিরৌতি, ক্রৌঞ্চঃ বকঃ মদ্যেৎ মত্ততাং গচ্ছতি, কপিঃ রেচতে, বভ্রুঃ ভরদ্রাজনামা কীটঃ হৃষ্টরোমা রোমাঞ্চিত-দেহো ভবেৎ, তথা শারিকা বমতে বমনং করোতি। তস্মাৎ ভোজ্যং খাদ্যং পরীক্ষয়েৎ। নিত্যং সততং ষড়্‌রসং তিক্তকটুকষায়াম্ললবণমধুরং ভুঞ্জীত, কিন্তু দ্বিত্রিরসসঙ্কুলং রসদ্বয়েন যুক্তং ত্রয়যুক্তং বা ন ভুঞ্জীত, হীনাতিরিক্তং হীনরসযুক্তং অধিকরসযুক্তঞ্চাপি ন ভুঞ্জীত, তথা কটুমধুরক্ষারসঙ্কুলং কটুমধুরলবণাক্তঞ্চ ন ভুঞ্জীত। ৩২৬। ৩২৭। ৩২৮।

অর্থী প্রত্যর্থী বা যৎ কার্য্যং আবেদয়তি রাজা মন্ত্রিভিঃ সহ তৎ শৃণুয়াৎ। ৩২৯।

বিষাক্ত অন্নাদিদর্শনে, হংসগণ স্খলিত হয়, ভ্রমরগণ শব্দায়মান হয়, ময়ুরগণ নৃত্য করে, কুক্কুটগণ চিৎকার করে, বকপক্ষী মত্ততাকে আশ্রয় করে, বানরগণ রেচন করে, ভরদ্রাজনামক কীট রোমাঞ্চিত হয়, এবং শারিকা-গণ বমন করে, অতএব এই সকলের দ্বারা খাদ্যপরীক্ষা করিয়া ভোজন করিবেন।

তিক্ত, কটু, কষায়, অম্ল, লবণ, এবং মধুর, এই ছয়প্রকার রসই প্রতিদিন ভোজন করিবেন। দ্বিবিধ বা ত্রিবিধপ্রকার রস কখনই ভোজন করিবেন না। এবং অধিক বা অল্পরসযুক্ত বস্তু, ও কটু, মধুর, এবং লবণরসও অধিক ভোজন করিবেন না। ৩২৬। ৩২৭। ৩২৮। ।• ॥

প্রার্থী অথবা প্রত্যর্থীগণ যে কার্য্যের নিমিত্তে আবেদন করিবে, রাজা মন্ত্রীগণের সহিত তাহা শ্রবণ করিবেন। ৩২৯।

আরামাদৌ প্রকৃতিভিঃ স্ত্রীভিশ্চ নটগায়কৈঃ।
বিহরেৎ সাবধানস্তু মাগধৈরৈন্দ্রজালিকৈঃ॥ ৩৩০ ॥
গজাশ্বরথযানস্তু প্রাতঃসায়ং সদাভ্যসেৎ।
ব্যূহাভ্যাসং সৈনিকানাং স্বয়ং শিক্ষেচ্চ শিক্ষয়েৎ ॥ ৩৩১ ॥
ব্যাঘ্রাদিভির্ব্বনচরৈর্ম্ময়ূরাদ্যৈশ্চ পক্ষিভিঃ।
ক্রীড়য়েন্মৃগয়াং কুর্য্যাদ্দুষ্টসত্ত্বান্নিপাতয়ন্ ॥ ৩৩২ ॥
শৌর্য্যং প্রবর্দ্ধতে নিত্যং লক্ষ্যসন্ধানসাধনম্।
অকাতরত্বং শস্ত্রাস্ত্রশীঘ্রপাতনকারিতা ॥ ৩৩৩ ॥

সাবধানঃ সদাবহিতঃ সন্ আরামাদৌ প্রাকৃতিভিঃ প্রধানপুরুষৈঃ, স্ত্রীভিঃ কামিনীভিঃ, নটৈঃ নর্ত্তকৈঃ মাগধৈঃ বৈতালিকৈঃ, তথা ঐন্দ্রজালিকৈঃ আশ্চর্য্যপ্রদর্শকৈঃ সহ রাজা বিহরেৎ। ৩৩০।

সদা প্রতিদিনং প্রাতঃকালে, সায়ংকালে চ গজাশ্বরথযানং গজেন অশ্বেন রথেন চ যানং গমনং অভ্যসেৎ। তথা সৈনিকানাং ব্যূহাভ্যাসং স্বয়ং শিক্ষেৎ শিক্ষয়েচ্চ। ৩৩১।

বনচরৈঃ ব্যাঘ্রাদিভিঃ ময়ূরাদ্যৈঃ পক্ষিভিশ্চসহ ক্রীড়য়েৎ। তথা দুষ্টসত্ত্বান্ হিংস্রকান্ সিংহবরাহাদীন্ নিপাতয়ন্ মৃগয়াং কুর্য্যাৎ। ৩৩২।

মৃগয়ায়াং শৌর্য্যং শূরত্বং, লক্ষ্যসন্ধানং, অকাতরত্বং, তথা শস্ত্রাণাং অস্ত্রাণাঞ্চ শীঘ্রপাতন-

---

উপবন প্রভৃতিতে, সতর্ক হইয়া, মন্ত্রীগণ, বিলাসিনীগণ, নর্ত্তকগণ, বৈতালিকগণ, এবং ঐন্দ্রজালিকগণের সহিত ক্রীড়া করিবেন। ১৩০।

প্রতিদিন প্রাতঃকালে ও সায়ংকালে হস্তী অশ্ব এবং রথেরদ্বারা গতি ও সৈন্যসমূহের ব্যূহরচনা অভ্যাস করিবেন এবং অভ্যাস করাইবেন। ৩৩১।

ব্যাঘ্রপ্রভৃতি বনচরগণ ও ময়ূরপ্রভৃতি পক্ষিগণের সহিত ক্রীড়া করিবেন। এবং সিংহবরাহপ্রভৃতি হিংসক পশুগণকে নিপাতনপূর্ব্বক মৃগয়া করিবেন। ৩৩২।

মৃগয়া করিলে শূরত্ব, অকাতরত্ব, শস্ত্রের ও অস্ত্রের শীঘ্র পাতিত্ব এবং

মৃগয়ায়াং গুণাস্ত্বেতে হিংসাদোষো মহত্তরঃ।”
ঈঙ্গিতং চেষ্টিতং যত্নাৎ প্রজানামধিকারিণাম্ ॥ ৩৩৪ ॥
প্রকৃতীনাঞ্চ শত্রূণাং সৈনিকানাং মতঞ্চ যৎ।
সভ্যানাং বান্ধবানাঞ্চ স্ত্রীণামন্তঃপুরে চ যৎ ॥ ৩৩৫ ॥
শৃণুয়াদ্গূঢ়চারেভ্যো নিশি চাত্যয়িকে সদা।
সাবধানমনাঃ সিদ্ধশস্ত্রাস্ত্রঃ সংলিখেচ্চ তৎ ॥ ৩৩৬ ॥
অসত্যবাদিনং গূঢ়চারং নৈব চ শাস্তি যঃ।
স নৃপো ম্লেচ্ছইত্যুক্তঃ প্রজাপ্রাণধনাপহঃ ॥ ৩৩৭ ॥

কারিতা দ্রুতপাতিত্বং নিত্যং প্রবর্দ্ধতে। এতে গুণাঃ মৃগয়ায়াং সন্তি। কিন্তু একঃ মহত্তরঃ হিংসাদোষঃ। সাবধানমনাঃ সতর্কঃ, তথা সিদ্ধশস্ত্রাস্ত্রঃ সিদ্ধানি শস্ত্রাণি অস্ত্রাণি চ যস্য তাদৃশঃ সন্, সদা প্রতিদিনং নিশি রাত্রৌ আত্যয়িকে আসন্নবিপদি গূঢ়চারেভ্যঃ গুপ্তচরেভ্যঃ প্রজানাং, অধিকারিণাং ভৃত্যানাং প্রকৃতীনাং মন্ত্রিণাং, যৎ ঈঙ্গিতং মনোগতং তথা যৎ চেষ্টিতং আচরণং, শত্রূণাং সৈনিকানাঞ্চ যৎ মতং, সভ্যানাং বান্ধবানাঞ্চ যৎ মতং, তথা অন্তঃপুরে স্ত্রীণাং মতঞ্চ যৎ তৎ সর্ব্বং যত্নাৎ শৃণুয়াৎ সংলিখেচ্চ ।৩৩৩।৩৩৪।৩৩৫।৩৩৬।

যঃ নৃপঃ অসত্যবাদিনং মিথ্যাবাদিনং গূঢ়চারং নৈব শাস্তি নৈব দণ্ডয়তি সঃ প্রজানাং প্রাণান্ ধনানি চ অপহন্তীতি তাদৃশো ম্লেচ্ছঃ ইতি উক্তঃ কথিতঃ। ৩৩৭।

লক্ষ্যসন্ধানের আধিক্যতা জন্মে, সুতরাং মৃগয়াতে এই সকলই গুণ, কিন্তু এক মহান্ হিংসাদোষ।

কখন কি বিপৎ উপস্থিত হয় এই জন্যে অতি সতর্কেরসহিত শস্ত্র ও অস্ত্রেতে যুক্ত হইয়া প্রতিদিন রজনীযোগে গুপ্তচরের দ্বারা প্রজাগণের, ভৃত্যগণের এবং মন্ত্রিগণের মনোগতভাব ও তাহাদিগের আচরণ এবং বিপক্ষগণের, সৈন্যগণের, বান্ধবগণের ও অন্তঃপুরে স্ত্রীগণেরও অভিপ্রায় সকল অবগত হইবেন এবং তাহা লিখিবেন। ৩৩৩। ৩৩৪। ৩৩৫। ৩৩৬।

কিন্তু গুপ্তচরগণ যদ্যপি মিথ্যাকথা বলে তাহাহইলে রাজা তাহাদিগকে দণ্ড করিবেন। যে রাজা মিথ্যাবাদী গুপ্তচরকে দণ্ড না করেন তিনি প্রজাগণের প্রাণ ও ধনবিনাশক ম্লেচ্ছ। ৩৩৭।

বর্ণিতপস্বিসন্ন্যাসি নীচসিদ্ধস্বরূপিণম্।
প্রত্যক্ষেণ ছলেনৈব গূঢ়চারং বিশোধয়েৎ ॥ ৩৩৮ ॥
বিনা তচ্ছোধনাত্তত্ত্বং ন জানাতি চ নায্যতে।
অশোধকনৃপান্নৈব বিভ্যন্ত্যনৃতবাদনে ॥ ৩৩৯ ॥
প্রকৃতিভ্যোঽধিকৃতেভ্যো গূঢ়চারং সুরক্ষয়েৎ।"
সদৈ্যকনায়কং রাজ্যং কুর্য্যান্ন বহুনায়কম্ ॥ ৩৪০ ॥
নানায়কং ক্বচিদপি কর্ত্তুমীহেতভূমিপঃ।
রাজকুলে তু বহবঃ পুরুষা যদি সন্তি হি ॥ ৩৪১ ॥

বর্ণী ব্রহ্মচারী, তপস্বী, তথা সন্ন্যাসী তেষামিব নীচসিদ্ধস্বরূপিণং কপটসিদ্ধবেশধারিণং গূঢ়চারং প্রত্যক্ষেণ দৃশ্যমানেন ছলেন বা বিশোধয়েৎ শোধনং কুর্য্যাৎ। ৩৩৮।

তচ্ছোধনাৎ তেষাং গূঢ়চারাণাং শোধনাৎ বিনা রাজা তত্ত্বং ন জানাতি ন জ্ঞাতুং শক্নোতি নচ তত্ত্বং আয্যতে প্রাপ্যতে। তে চ চারাঃ অশোধকনৃপাৎ উক্তপ্রকারেণ যঃ ন শোধয়তি তস্মান্নৃপাৎ অনৃতবাদনে মিথ্যাভাষণে নৈব বিভ্যন্তি ভয়ং প্রাপ্নুবন্তি। প্রকৃতিভ্যঃ রাজপুরুষেভ্যঃ অধিকৃতেভ্যঃ ভৃত্যাদিভ্যশ্চ গূঢ়চারং সদা সুরক্ষয়েৎ যত্নেন রক্ষয়েৎ। গূঢ়চারৈস্তেষাং রাজপুরুষাণাং অনিষ্টাশঙ্কয়া বিদ্বেষত্বাদিভাবঃ। ৩৩৯। ॥০

রাজ্যং সদা একনায়কং একস্বামিকং কুর্য্যাৎ বহুনায়কং ন তথা রাজ্যানিষ্টসম্ভবাদিতি ভাবঃ।৩৪০।

ভূমিপঃ ক্বচিদপি অনায়কং রাজ্যং কর্ত্তুং ন ঈহেত চেষ্টেত। যদি রাজকুলে বহবঃ

অতএব ব্রহ্মচারী, তপস্বী ও সন্ন্যাসীরসদৃশ কপটবেশধারী গুপ্তচরকে প্রত্যক্ষেই হউক বা কোন ছলেতেই হউক রাজা অবশ্যই সংশোধন করিবেন। ৩৩৮।

তাহাদিগকে সংশোধ না করিলে প্রথমত যথার্থ বিবরণ পরিজ্ঞাত হওয়ার অন্য কোন উপায়ই নাই এবং সেই সকল গুপ্তচরেরাও রাজা হইতে কিছুতেই ভীত হয় না। কিন্তু মন্ত্রিপ্রভৃতি-রাজপুরুষগণ হইতে সেই সকল গুপ্তচরকে রাজা সর্ব্বদা রক্ষা করিবেন। (যেহেতু রাজপুরুষেরা আপন আপন অভিসন্ধি প্রকাশ হইবার আশঙ্কা করিয়া গুপ্তচরকে সর্ব্বদাই বিদ্বেষ করিয়া থাকে।)। ৩৩৯। ॥০

তেষু জ্যেষ্ঠো ভবেদ্রাজা শেষাস্তৎকার্য্যসাধকাঃ।
গরীয়াংসো বরাঃ সর্ব্বসহায়েভ্যোঽভিবৃদ্ধয়ে॥ ৩৪২॥
জ্যেষ্ঠোপি বধিরঃ কুষ্ঠী মূকোঽন্ধঃ ষণ্ড এব যঃ।
সরাজ্যার্হো ভবেন্নৈব ভ্রাতা তৎপুত্র এব হি॥ ৩৪৩॥
স্বকনিষ্ঠোপি জ্যেষ্ঠস্য ভ্রাতুঃপুত্রস্তু রাজ্যভাক্।
যথাগ্রজস্য চাভাবে কনিষ্ঠা রাজ্যভাগিনঃ॥ ৩৪৪॥
দায়াদানামৈক্যমত্যং রাজ্ঞঃ শ্রেয়স্করং পরম্।
পৃথগ্ভাবো বিনাশায় রাজ্যস্য চ কুলস্য চ॥ ৩৪৫॥

পুরুষাঃ সন্তি তেষু জ্যেষ্ঠঃ রাজা ভবেৎ। শেষাঃ অবশিষ্টাঃ তস্য জ্যেষ্ঠস্য কার্য্যসাধকাঃ তে সর্ব্বসহায়েভ্যঃ গরীয়াং সঃ বরাঃ শ্রেষ্ঠাশ্চ অতঃ অভিবৃদ্ধয়ে অভ্যুদয়ায় ভবন্তি। ৩৪১। ৩৪২।

জ্যেষ্ঠোঽপি যঃ বধিরঃ শ্রবণেন্দ্রিয়হীনঃ, কুষ্ঠী মহাব্যাধিগ্রস্তঃ, মূকঃ বাক্যানুচ্চারকঃ, অন্ধঃ চক্ষুর্দ্বয়হীনঃ, তথা ষণ্ডঃ ক্লীবঃ, সঃ নৈব রাজ্যার্হঃ। তথা ভ্রাতা তৎ পুত্রো বা বধিরাদিশ্চেৎ নৈব রাজ্যার্হঃ রাজ্যাধিকারী ভবেৎ। ৩৪৩।

স্বস্য রাজ্ঞঃ কনিষ্ঠোপি তথা জ্যেষ্ঠস্যভ্রাতুঃপুত্রস্তু উক্ত দোষরহিতশ্চেৎ রাজ্যভাক্। যথা অগ্রজস্য জ্যেষ্ঠস্য অভাবে কনিষ্ঠাঃ রাজ্যাধিকারিণঃ ভবন্তি। ৩৪৪।

দায়াদানাৎ ভ্রাতৃপ্রভৃতীনাং ঐকমত্যং একমতাবলম্বনং রাজ্ঞঃ পরং শ্রেয়স্করং শুভাবহং। পৃথগ্ভাবঃ দায়াদানামনৈক্যং রাজ্যস্য কুলস্য চ বিনাশায় ভবতি। ৩৪৫।

রাজ্যেতে একনায়ক করিবেন বহুনায়ক কদাপি করিবেন না এবং নায়করহিতও করিবেন না। যদ্যপি রাজকুলে বহুপুরুষ উৎপন্ন হয় তাহাহইলে তাহাদিগের মধ্যে জ্যেষ্ঠ যিনি তিনি রাজা হইয়া অবশিষ্টগণকে কর্ম্মচারী করিবেন। যেহেতু সকল সহায়গণ হইতে তাহারা শ্রেষ্ঠবিধায় উন্নতির জন্যে বিশেষ যত্নবান হইবেন। ৩৪০। ৩৪১। ৩৪২।

কিন্তু সেই জ্যেষ্ঠ যদ্যপি বধির, কুষ্ঠরোগগ্রস্ত, বাক্শক্তিরহিত, অন্ধ, অথবা নপুংসক হন তাহাহইলে জ্যেষ্ঠ সহোদরের অভাবে কনিষ্ঠ যেমন রাজ্যাধিকারী হয় তদ্রূপ তাহার ভ্রাতা অথবা পুত্র রাজা হইবেন। ৩৪৪।

সহোদরপ্রভৃতি পরিজনবর্গের একমত অবলম্বন করা রাজার পক্ষে

অতঃস্বভোগসদৃশান্ দায়াদান্ কারয়েন্নৃপঃ।
অব্যাহতাজ্ঞঃ সন্তুষ্যেচ্ছত্রসিংহাসনৈরপি ॥ ৩৪৬ ॥
রাজ্যবিভজনাচ্ছেয়ো ন ভূপানাং ভবেৎ খলু।
অল্পীকৃতং বিভাগেন রাজ্যং শত্রুর্জিঘৃক্ষতি ॥ ৩৪৭ ॥
রাজ্যতুর্য্যাংশদানেন স্থাপয়েত্তান্ সমন্ততঃ।
চতুর্দ্দিক্ষ্বথবা দেশাধিপান্ কুর্য্যাৎ সদা নৃপঃ ॥ ৩৪৮ ॥

অতঃ কারণাৎ স্বভোগসদৃশান্ সমানভোগিনঃ দায়াদান্ নৃপঃ অব্যাহতাজ্ঞঃ অপ্রতিহতাদেশঃ সন্ ছত্রসিংহাসনৈরপি সন্তুষ্যেৎ। ৩৪৬।

রাজ্যস্য বিভজনাৎ বিভাগকরণাৎ ভূপানাং খলু নিশ্চিতং শ্রেয়ঃ শুভং ন ভবেৎ। যতঃ বিভাগেন অল্পীকৃতং রাজ্যং শত্রুঃ জিঘৃক্ষতি গৃহীতুং ইচ্ছতি। ৩৪৭।

নৃপঃ তান্ দাযাদান্ রাজ্যস্য তুর্য্যাংশদানেন চতুর্থাংশপ্রদানেন সমন্ততঃ চতুর্দ্দিক্ষু স্থাপয়েৎ। অথবা চতুর্দ্দিক্ষু সদা চিরকালং যথা স্যাৎ তথা দেশাধিপান্ খণ্ডজনপদাধিপতীন্ কুর্য্যাৎ। ৩৪৮।

অতিশয় শ্রেয়স্কর। পরস্পর অনৈক্য হইলে রাজ্যের এবং বংশেরও বিনাশের কারণ হয়। ৩৪৫।

অতএব রাজা আপনার সমানভোগী ভ্রাতৃবর্গকে অলঙ্ঘনীয় আদেশ পূর্ব্বক ছত্র ও সিংহাসনের দ্বারা পরিতোষ করিবেন। ৩৪৬।

পরস্পর অনৈক্য হইয়া রাজ্যের বিভাগ করিলে ভূপতিগণের কোন মতেই শ্রেয়স্কর হইতে পারে না। যেহেতু বিভাগের দ্বারা রাজ্য অল্পপরিমিত হয় এবং রাজ্য অল্পপরিমিত হইলে সেই রাজ্যকে বিপক্ষগণ সর্ব্বদাই গ্রহণ করিতে ইচ্ছা করে। ৩৪৭।

এই জন্যে রাজা ভ্রাতৃবর্গকে রাজ্যের চতুর্থাংশ প্রদান করিয়া রাজধানীর চারিদিগে সংস্থাপিত করিবেন। অথবা চারিদিগে চিরকালের জন্য খণ্ড-

গোগজাশ্বোষ্ট্রকোশানামাধিপত্যে নিযোজয়েৎ।”
মাতা মাতৃসমা যাচ সা নিযোজ্যা মহানসে ॥ ৩৪৯ ॥
সেনাধিকারে সংযোজ্যা বান্ধবাঃ শ্যালকাঃ সদা।
স্বদোষদর্শকাঃ কার্য্যা গুরবঃ সুহৃদশ্চ যে ॥ ৩৫০ ॥
বস্ত্রালঙ্কারপাত্রাণাং স্ত্রিয়ো যোজ্যাঃ সুদর্শনে।
স্বয়ং সর্ব্বস্তু বিমৃশেৎ পর্য্যায়েন চ মুদ্রয়েৎ ॥ ৩৫১ ॥
অন্তর্ব্বেশ্মনি রাত্রৌ বা দিবাঽরণ্যে বিশোধিতে।
মন্ত্রয়েন্মন্ত্রিভিঃ সার্দ্ধং ভাবিকৃত্যন্তু নির্জ্জনে ॥ ৩৫২ ॥

গবাং গজানাং অশ্বানাং উষ্ট্রাণাং কোশানাঞ্চ আধিপত্যে অধিকারকর্ম্মণি নিযোজয়েৎ। মাতা জননী মাতৃসমা মাতৃতুল্যায়া সা মহানসে পাককর্ম্মণি নিয়োজ্যা। ৩৪৯।

বান্ধবাঃ বন্ধুবর্গাঃ শালকাশ্চ সদা সেনাধিকারে সৈন্যকর্ম্মণি সংযোজ্যাঃ। যে চ গুরবঃ গুরুজনাঃ সুহৃদশ্চ তে স্বস্য আত্মনঃ দোষদর্শকাঃ কার্য্যাঃ। ৩৫০।

স্ত্রিয়ঃ স্ত্রীবর্গাঃ বস্ত্রাণাং অলঙ্কারাণাং পাত্রাণাঞ্চ সুদর্শনে তত্ত্বাবধারণে যোজ্যাঃ। স্বয়ং সর্ব্বং বিমৃশেৎ পরিদর্শনং কুর্য্যাৎ তথা পর্য্যায়েন মুদ্রয়েচ্চ রাজনামাঙ্কিতং কুর্য্যাচ্চ। ৩৫১।

রাত্রৌ দিবা দিবসে বা বিশোধিতে পরিস্কৃতে অন্তর্ব্বেশ্মনি বা অরণ্যে নির্জ্জনে গোপনে মন্ত্রিভিঃ সার্দ্ধং ভাবি ভবিষ্যৎ কৃত্যং মন্ত্রয়েৎ। ৩৫২।

জনপদের অধিপতি করিবেন। ৩৪৮। এবং গো, হস্তী, অশ্ব, উষ্ট্র ও ধনের আধিপত্যে নিযুক্ত করিবেন। জননী ও জননীর ভগিনীকে পাককার্য্যে নিয়োজিত করিবেন। ৩৪৯।

বন্ধুবর্গ ও শ্যালকগণকে সৈন্যাধ্য করিবেন। গুরুজন ও সুহৃদ্গণকে রাজার নিজদোষদর্শনের আধিপত্য প্রদান করিবেন। ৩৫০।

স্ত্রীগণকে বস্ত্র, অলঙ্কার ও পাত্রাদির তত্ত্বাবধারণে নিযুক্ত করিবেন। এবং স্বয়ং সকলের পরিদর্শক হইবেন ও সকলকে স্বনামাঙ্কিত চিহ্নের দ্বারা অঙ্কিত করিবেন। ৩৫১।

রাত্রিতে কিম্বা দিবসে, মধ্যস্থিত গৃহে বা পরিস্কৃত অরণ্যে মন্ত্রিগণের সহিত গোপনে ভবিষ্যৎ বিষয়ের মন্ত্রণা করিবেন। ৩৫২।

সুহৃদ্ভির্ভ্রাতৃভিঃ সার্দ্ধং সভায়াং পুত্রবান্ধবৈঃ।
রাজকৃত্যং সেনপৈশ্চ সভ্যাদ্যৈশ্চিন্তয়েৎ সদা॥ ৩৫৩॥
সভায়াং প্রত্যগর্দ্ধস্য মধ্যে রাজাসনং স্মৃতম্।
দক্ষসংস্থা বামসংস্থা বিশেয়ুঃ পার্শ্বকোষ্ঠগাঃ॥ ৩৫৪॥
পুত্রাঃ পৌত্রাঃ ভ্রাতরশ্চ ভাগিনেয়াঃ স্বপৃষ্ঠতঃ।
দৌহিত্রা দক্ষভাগাত্তু বামসংস্থাক্রমাদিমে॥ ৩৫৫॥
পিতৃব্যাঃ স্বকুলশ্রেষ্ঠাঃ সভ্যাঃ সেনাধিপাস্তথা।
স্বাগ্রেদক্ষিণভাগে তু প্রাক্‌সংস্থাঃ পৃথগাসনাঃ॥ ৩৫৬॥
মাতামহকুলশ্রেষ্ঠা মন্ত্রিণো বান্ধবাস্তথা।

সভায়াং সুহৃদ্ভিঃ ভ্রাতৃভিঃ পুত্রৈঃ বান্ধবৈঃ সৈন্যাধ্যক্ষৈঃ সভ্যাদ্যৈশ্চসহ সদা রাজকৃত্যং প্রকাশ্যং যৎ তৎ চিন্তয়েৎ। ৩৫৩।

সভায়াং প্রত্যগর্দ্ধস্য পশ্চিমার্দ্ধস্য মধ্যে রাজাসনং সিংহাসনং স্মৃতং বিজ্ঞাতং। তস্য দক্ষিণসংস্থাঃ দক্ষিণভাগস্থাঃ বামসংস্থাঃ বামভাগস্থাঃ পার্শ্বকোষ্ঠগাশ্চ অপরে বিশেয়ুঃ উপবেশনং চক্রুঃ। ৩৫৪।

পুত্রাঃ পৌত্রাঃ ভ্রাতরঃ তথা ভাগিনেয়াঃ স্বস্য রাজ্ঞঃ পৃষ্ঠতঃ পশ্চাৎভাগে, তথা দৌহিত্রাঃ দক্ষভাগাৎ দক্ষিণভাগমাশ্রিত্য বিশেয়ুঃ। পিতৃব্যাঃ স্বকুলশ্রেষ্ঠাঃ সভ্যাঃ তথা সেনাধিপাঃ, ইমে ক্রমাৎ বামসংস্থাঃ। স্বাগ্রে রাজাগ্রে দক্ষিণভাগেতু মাতামহকুলশ্রেষ্ঠাঃ মন্ত্রিণঃ,

---

এবং সভাতে সুহৃদ্‌গণ, ভ্রাতৃগণ, পুত্রগণ, বান্ধবগণ, সেনাপতিগণ, ও সভ্যগণের সহিত প্রকাশ্যভাবে রাজকার্য্যের চিন্তা করিবেন। ৩৫৩।

সভাতে পশ্চিমার্দ্ধের মধ্যস্থানে রাজসিংহাসন সংস্থাপিত করিবেন। সিংহাসনের দক্ষিণপার্শ্বে ও বামপার্শ্বে অন্যান্য লোক যথানিয়মে উপবেশন করিবেন। ৩৫৪।

পুত্রগণ, পৌত্রগণ, ভ্রাতৃগণ, এবং ভাগিনেয়গণ পশ্চাৎভাগে দৌহিত্রগণ দক্ষিণভাগে। পিতৃব্যগণ, বংশশ্রেষ্ঠগণ, সভ্যগণ ও সেনাপতিগণ, ইহারা

শ্বশুরাশ্চৈব শ্যালাশ্চ বামাগ্রেচাধিকারিণঃ॥ ৩৫৭ ॥
বামদক্ষিণপার্শ্বস্থৌ জামাতা ভগিনীপতিঃ।
স্বসদৃশঃ সমীপেবা স্বার্দ্ধাসনগতঃ সুহৃৎ॥ ৩৫৮ ॥
দৌহিত্রভাগিনেয়ানাং স্থানেস্যুর্দ্দত্তকাদয়ঃ।
ভাগিনেয়াশ্চ দৌহিত্রাঃ পুত্রাদিস্থানসংশ্রিতাঃ॥ ৩৫৯ ॥
যথা পিতা তথাচার্য্যঃ সমশ্রেষ্ঠাসনে স্থিতঃ।
পার্শ্বয়োরগ্রতঃ সর্ব্বে লেখকা মন্ত্রিপৃষ্ঠগাঃ॥ ৩৬০ ॥

বান্ধবাঃ শ্বশুরাঃ শ্যালকাশ্চ পৃথগাসনাঃ সন্তঃ প্রাক্ সংস্থাঃ। তথা বামাগ্রে অধিকারিণঃ রাজকর্ম্মচারিণঃ বসেয়ুঃ। ৩৫৫। ৩৫৬। ৩৫৭।

জামাতা ভগিনীপতিশ্চ বামদক্ষিণপার্শ্বস্থৌ বামদক্ষিণপার্শ্বে ক্রমেণ স্থিতৌ ভবতঃ। স্বসদৃশঃ নিজতুল্য-সুহৃৎ-সমীপে বা স্বস্য অর্দ্ধাসনগতঃ অর্দ্ধাসনে স্থিতঃ স্যাৎ। ৩৫৮।

দত্তকাদয়ঃ পুত্রাঃ, দৌহিত্রভাগিনেয়ানাং স্থানে তিষ্ঠেয়ুঃ। তথা ভাগিনেয়াঃ দৌহিত্রাশ্চ পুত্রাদীনাং স্থানে সংস্থিতাঃ স্যুঃ। ৩৫৯।

যথা পিতা তথা আচার্য্যঃ সম-শ্রেষ্ঠাসনে রাজসমানাসনে স্থিতঃ স্যাৎ। লেখকাঃ সর্ব্বে মন্ত্রিপৃষ্ঠগাঃ মন্ত্রিণাঃ পশ্চাদ্ভাগেষু স্থিতাঃ স্যুঃ। ৩৬০।

ক্রমে বামভাগে। মাতামহকুলের শ্রেষ্ঠগণ, মন্ত্রিগণ, বান্ধবগণ এবং শ্যালকগণ পৃথক আসনে অধ্যাসীন হইয়া অগ্রভাগের দক্ষিণপার্শ্বে। এবং রাজকর্ম্মচারিগণ অগ্রভাগের বামপার্শ্বে উপবেশন করিবেন। ৩৫ । ৩৫৬। ৩৫৭।

জামাতা বামপার্শ্বে, ভগিনীপতি দক্ষিণপার্শ্বে এবং আপনারতুল্য অথচ সুহৃৎ যিনি হন তিনি আপনার নিকট অথবা অর্দ্ধাসনে উপবেন করিবেন। ৩৫৮।

দত্তকপুত্রগণ, দৌহিত্র ও ভাগিনেয়গণের স্থানে, ভাগিনেয় ও দৌহিত্রগণ পুত্রাদির স্থানে অধ্যাসীন হইবেন। ৩৫৯।

আপনার পিতা যেমন তদ্রূপ আচার্য্য আপনার আসনের তুল্য শ্রেষ্ঠাসনে উপবেন করিবেন। লেখকবর্গ মন্ত্রিগণের পশ্চাদ্ভাগে সংস্থিত হইবেন। ৩৬০।

পরিচারগণাঃ সর্ব্বে সর্ব্বেভ্যঃ পৃষ্ঠসংস্থিতাঃ।
স্বর্ণদণ্ডধরৌ পার্শ্বে প্রবেশনতিবোধকৌ ॥ ৩৬১ ॥
বিশিষ্ঠচিহ্নযুগ্রাজা স্বাসনে প্রবিশেৎ সুখম্।
সুভূষণঃ সুকবচঃ সুবস্ত্রোমুকুটান্বিতঃ ॥ ৩৬২ ॥
সিদ্ধাস্ত্রনগ্নশস্ত্রঃ সন্ সাবধানমনাঃ সদা।
সর্ব্বস্মাদধিকোদাতা শূরস্ত্বং ধার্ম্মিকোহসি ॥ ৩৬৩ ॥
ইতিবাচং ন শৃণুয়াচ্ছ্রাবকা বঞ্চকাস্তু যে।
রাগাল্লোভাদ্ভয়াদ্রাজ্ঞঃ সূর্ম্মকা-ইব মন্ত্রিণঃ ॥ ৩৬৪ ॥

পরিচারগণাঃ ভৃত্যবর্গাঃসর্ব্বে, সর্ব্বেভ্যঃ কথিতেভ্যঃ পৃষ্ঠসংস্থিতাঃ পশ্চাৎভাগেষু তিষ্ঠেয়ুঃ। পার্শ্বে প্রবেশনতিবোধকৌ প্রবেশং নতিঞ্চ বোধয়তি যঃ তাদৃশৌ স্বর্ণদণ্ডধরৌ দ্বৌ তিষ্ঠতঃ। ৩৬১।

সিদ্ধাস্ত্রঃ শিক্ষিতাস্ত্রবিদ্যঃ তথা নগ্নশস্ত্রঃ কোষনিষ্কাসিত শস্ত্রধারী রাজা, বিশিষ্টচিহ্নযুক্ বিশেষলক্ষণান্বিতঃ, সুভূষণঃ কুণ্ডলাদ্যলঙ্কৃতঃ, সুকবচঃ শোভনবর্ম্মধারী, সুবস্ত্রঃ শোভনবসনঃ, মুকুটান্বিতঃ কিরীটযুক্তঃ, সদা সাবধানমনাঃ সন্ স্বাসনে রাজসিংহাসনে সুখং প্রবিশেৎ উপবিশেৎ। ত্বং সর্ব্বস্মাৎ অধিকঃ, দাতা, বদান্যঃ, শূরঃ বিক্রান্তঃ ধার্ম্মিকশ্চ অসি ইতি স্তুতিবাক্যং ন শৃণুয়াৎ। লোভাৎ স্বার্থসিদ্ধয়ে যে শ্রাবকাঃ তে বঞ্চকাঃ স্যুঃ অতস্তান্

পরিচারগণ সকলের পশ্চাদ্ভাগে এবং প্রবেশ ও প্রণতির পরিজ্ঞাপক দুই জন স্বর্ণদণ্ডধারী নৃপতির উভয় পার্শ্বে দণ্ডায়মান থাকিবেক। ৩৬১।

অস্ত্রবিদ্যাতে সুশিক্ষিত রাজা বিশিষ্টরাজচিহ্নযুক্ত হইয়া উত্তম ভূষণ, বসন, মুকুট ও বর্ম্মগ্রহণ এবং কোষনিষ্কাসিত অসি ধারণপূর্ব্বক অতি সাবধানে সিংহাসনে সুখোপবেশন করিবেন।

কিন্তু তুমি সকলহইতে শ্রেষ্ঠ, দাতা, বদান্য, শূর, বিক্রান্ত ও ধার্ম্মিক এই সকল স্তুতিবাক্যের প্রতি লক্ষ্য করিবেন না এবং স্বার্থসিদ্ধির জন্যে চাটুবাক্য যে সকল বঞ্চকেরা শ্রবণ করায় তাহাদিগকে অনুমোদনও করিবেন না।

ন তাননুমতান্ বিদ্যান্নৃপতিঃ স্বার্থসিদ্ধয়ে।
পৃথক্ পৃথক্‌মতং তেষাং লেখয়িত্বা সসাধনম্ ॥ ৩৬৫ ॥
বিমৃশেৎ স্বমতেনৈব যৎকুর্য্যাদ্‌বহুসম্মতম্।
গজাশ্বরথপশ্বাদীন্ ভৃত্যান্ দাসাংস্তথৈব চ ॥ ৩৬৬ ॥
সম্ভারান্ সৈনিকান্ কার্য্যক্ষমান্ জ্ঞাত্বা দিনেদিনে।
সংরক্ষয়েৎ প্রযত্নেন সুজীর্ণান্ সন্ত্যজেৎ সুধীঃ ॥ ৩৬৭ ॥
অযুতক্রোশজাং বার্ত্তাং হরেদেক দিনেন বৈ।

যে যে ভ্রষ্টা অনীত্যা তান্ তদগ্রে কীর্ত্তয়েৎ সদা॥ ২২৪॥

উন্মার্গগমনে কুপথিগমনে, তথা কার্য্যকালাত্যয়েষু চ কার্য্যসময়াতিবাহিতেষু চ কল্যাণ-ভাষিতং হিতবাক্যং ব্রূযাৎ॥ ২২১॥

প্রিয়ং হিতকরং, তথ্যং যথার্থং, পথ্যং উচিতং তথা ধর্ম্মার্থকং ধর্ম্মার্থযুক্তং বচঃ বদেৎ সমানবার্ত্তযাচ সন্মানযুক্তসম্বাদেন চ অপি সদা তস্য প্রভোঃ হিতং বোধযেৎ॥২২২॥

অন্যেষাং নৃপাণাং কীর্ত্তিং যশস্করবাক্যং তথা নীতিফলঞ্চ উক্তা হে ভূপতে ত্বং দাতা, ধার্ম্মিকঃ, শূরঃ, তথা নীতিমান্ অসি ইতি বদেৎ॥ ২২৩॥

কদাচন তে তব মনসি অনীতিঃ দুর্ণযঃ নতু নৈব বর্ত্ততে, যে যে নৃপাঃ অনীত্যা ভ্রষ্টাঃ তান্ তদগ্রে তস্য প্রভোঃ অগ্রে সদা সর্ব্বদৈব কীর্ত্তয়েৎ কথযেৎ॥ ২২৪॥

অতিবাহিত হইলে প্রভু জিজ্ঞাসা না করিলেও তাঁহার নিকট হিতকর বাক্য বলিবে॥ ২২১॥

যাহা মনোনীত হয়, যাহা যথার্থ হয়, এবং যাহা উচিত হয়, এমন ধর্ম্মার্থ সংযুক্ত বাক্য প্রভুর নিকট ব্যক্ত করিয়া যাহাতে সন্মান বৃদ্ধি হয় সেই সকল হিতকর সংবাদ সর্ব্বদা পরিজ্ঞাত করিবে॥ ২২২॥

অন্যান্য নৃপতিগণের সুনীতিতে যে সকল ফললাভ হইয়াছে সর্ব্বদা প্রভুর নিকট সেই সকল যশের বর্ণনা করিবে এবং বলিবে মহারাজ আপনি দাতা, ধার্ম্মিক পরাক্রমশালী ও সুনীতি সম্পন্ন হউন॥ ২২৩॥

কদাচই যেন আপনার মনেতে দুর্নীতির উদ্ভব নাহয় এই প্রকার উপদেশ প্রদান করিয়া যে সকল নৃপতিগণ অনীতির দ্বারা রাজ্য ভ্রষ্ট হইয়াছেন তাঁহার নিকট তাঁহাদিগের ইতিহাস কীর্ত্তন করিবে॥ ২২৪॥

নৃপেভ্যো হ্যধিকোঽসীতি সর্ব্বেভ্যো ন বিশেষয়েৎ।
পরার্থং দেশকালজ্ঞো দেশে কালে চ সাধয়েৎ ॥ ২২৫ ॥
পরার্থনাশনং ন স্যাৎ তথা ব্রূয়াৎ সদৈবহি।
ন কর্ষয়েৎ প্রজাকার্য্যমিষতশ্চ নৃপং সদা ॥ ২২৬ ॥
অপি স্থাণুবদাসীত শুষ্যন্ পরিগতঃ ক্ষুধাং।
নত্বেবানর্থসম্পন্নাং বৃত্তি মীহেত পণ্ডিতঃ ॥ ২২৭ ॥
যৎকার্য্যে যো নিযুক্তঃ স ভূয়াৎ তৎকার্য্যতৎপরঃ।
নান্যাধিকার মন্বিচ্ছে নভ্যসূয়েচ্চ কেনচিৎ ॥ ২২৮ ॥

সর্ব্বেভ্যঃ নৃপেভ্যঃ অধিকঃ শ্রেষ্ঠঃ ত্বং অসি, ইতি ন বিশেষয়েৎ বিশেষণ কথয়েৎ, তথা দেশকালজ্ঞঃ অস্মিন্ দেশে ইদং কর্ত্তব্যং, অস্মিন্ কালে ইদং ব্যবহর্ত্তব্যং ইতি জানন্ সন্ দেশে যথাস্থানে, কালে যথা সময়ে পরার্থং পরমং শ্রেষ্ঠং যৎ অর্থং প্রয়োজনং তৎ সাধয়েৎ ॥ ২২৫ ॥

যথা, পরার্থনাশনং পরেশামুদ্দিশুহানিঃ ন স্যাৎ তথা তেন প্রকারেণ সদৈব ব্রূয়াৎ কথয়েৎ, প্রজাকার্য্যমিষতঃ প্রজানাং কার্য্যানুরোধেন নৃপং স্বামিনং সদা ন কর্ষয়েৎ ন বিরক্তী কুর্য্যাৎ ॥ ২২৬ ॥

পণ্ডিতঃ বুদ্ধিমান্ জনঃ ক্ষুধাং পরিগতঃ ক্ষুধার্ত্তঃ তস্মাৎ এব শুষ্যন্ শোষং গচ্ছন্নপি স্থাণুবৎ শাখাপল্লবরহিতশুষ্কতরুরিব বরং আসীত তিষ্ঠেৎ নতু অনর্থসম্পন্নাং কুৎসিত কার্য্যনিষ্পন্নাং বৃত্তিং ঈহেত চেষ্টয়েৎ ॥ ২২৭ ॥

যস্মিন্ কার্য্যে যঃ নিযুক্তঃ সঃ তৎকার্য্যতৎপরঃ তৎকার্য্যে নিপুণঃ ভূয়াৎ, অন্যস্য অধিকারং ন অন্বিচ্ছেৎ কেনচিৎ সহ ন অভ্যসূয়েৎ ন অসূয়াং কুর্য্যাচ্চ ॥ ২২৮ ॥

এবং আপনি সকল হইতে শ্রেষ্ঠ, এটা বিশেষরূপে না বলিয়া যেস্থানে যাহা করা কর্ত্তব্য এবং যে সময়ে যাহা করা উচিত তাহা যদিচ আপনি পরিজ্ঞাতশীল তথাপি দেশ কাল বিবেচনা করিয়া যাহা উত্তম হয় তাহা করুণ এইরূপ অনুরোধ করিবে ॥ ২২৫ ॥

যাহাতে পরের হানি না হয় সর্ব্বদা সেইরূপবাক্য বলিবে, লোকের কার্য্যানুরোধে প্রভুকে সদাকাল বিরক্ত করিবেনা ॥ ২২৬ ॥

বুদ্ধিমান্ ব্যক্তি যদ্যপি ক্ষুধাতে শীর্ণকলেবর হইয়া শাখা পল্লব রহিত শুষ্ক বৃক্ষের ন্যায়ও অবস্থিতি করে তথাপি অনর্থ সম্পন্ন বৃত্তির (চৌর্য্যাদির) চেষ্টা করিবে না ॥ ২২৭ ॥

যে, যেকার্য্যে নিযুক্ত থাকে সে সেই কার্য্যেই তৎপর থাকিবে, কখনই অন্যের অধিকারের ইচ্ছা করিয়া কাহারও সহিত অসূয়া করিবেনা ॥ ২২৮ ॥

ন ন্যূনং লক্ষয়েৎ কস্য পূরয়ীত স্বশক্তিতঃ।
পরোপকরণা দন্য ন স্যাৎ মিত্রকরং সদা॥ ২২৯॥
করিষ্যামীতি তে কার্য্যং ন কুর্য্যাৎ কার্য্যলম্বনম্।
দ্রাক্ কুর্য্যাত্তু সমর্থশ্চেৎ শ্বাসং দীর্ঘং ন রক্ষয়েৎ॥ ২৩০॥
গুহ্যং কর্ম্ম চ মন্ত্রঞ্চ ন ভর্ত্তুঃ সম্প্রকাশয়েৎ।
বিদ্বেষঞ্চ বিনাশঞ্চ মনসাপি ন চিন্তয়েৎ॥ ২৩১॥
রাজা পরমমিত্রোঽস্তি ন কামং বিচরেদিতি।
স্ত্রীভিস্তদর্থিভিঃ পাপৈ র্বৈরিভূতৈ র্নিরাকৃতৈঃ॥ ২৩২॥

কস্যাপি জনস্য ন ন্যূনং ক্রটিং লক্ষয়েৎ বরং সদা স্বশক্তিতঃ পূরয়ীত তন্ন্যূনং পূরয়েৎ যতঃ পরোপকরণাৎ অন্যৎ মিত্রকরং ন স্যাৎ॥ ২২৯॥

তে তব কার্য্যং করিষ্যামি ইতি উক্ত্বা কার্য্যস্য লম্বনং বিলম্বং ন কুর্য্যাৎ, চেৎযদি সমর্থঃ তদা দ্রাক্ শীঘ্রং কুর্য্যাৎ শ্বাসং আশ্বাসং তথা দীর্ঘং দীর্ঘকালং ন রক্ষয়েৎ॥ ২৩০॥

ভর্ত্তুঃ প্রভোঃ গুহ্যং গোপনীয়ং কর্ম্ম, মন্ত্রং পরামর্শঞ্চ ন সম্প্রকাশয়েৎ। বিদ্বেষং বিনাশঞ্চ মনসাপি ন চিন্তয়েৎ ন ভাবয়েৎ॥ ২৩১॥

রাজা পরমমিত্রঃ অস্তি ইতি কামং ন বিচরেৎ ন চিন্তয়েৎ, তদর্থিভিঃ তস্য স্বামিনঃ অর্থিভিঃ প্রার্থনাকারিভিঃ নিরাকৃতৈঃ বৈরিভূতৈঃ পাপৈঃ পাপাচারৈঃ স্ত্রীভিশ্চ সহ

কাহারও কার্য্যের ক্রটি হইলে কদাপি তাহারপ্রতি লক্ষ্য করিবেনা বরং শক্তি অনুসারে তাহার সংশোধন করিয়া দিবে, যেহেতু পরের উপকারের তুল্য মিত্রকর কার্য্য আর নাই॥ ২২৯॥

তোমার কার্য্য করিব এইরূপ আশ্বাস বাক্যের দ্বারা কখনই কাল বিলম্ব করিবে না, শীঘ্র যাহাতে হয় তাহাই করিবে, আশ্বাস এবং দীর্ঘ সূত্রী হইয়া কোন কার্য্যই করা উচিত হয় না॥ ২৩০

প্রভু যে কার্য্য গোপনে করেন, ও যাহামন্ত্রণা করেন তাহা কদাপি ব্যক্ত করিবে না। এবং প্রভুর যাহাতে বিদ্বেষ ও বিনাশ হয় তাহা মনের দ্বারাও চিন্তা করিবেনা॥ ২৩১॥

প্রভু আমার পরম মিত্র এইরূপ চিন্তা কখনই করিবেনা। প্রভুর নিকট পরাজিত হইয়া যে সকল পাপাচারী বৈরিগণ প্রভুকে প্রাপ্তির ইচ্ছা করে

একার্থচর্য্যাং সাহিত্যং সংসর্গঞ্চ বিবর্জ্জয়েৎ।
বেশভাষানুকরণং ন কুর্য্যাৎ পৃথিবীপতেঃ ॥ ২৩৩ ॥
সম্পন্নোহপিচ মেধাবী ন স্পর্দ্ধেত চ তদ্গুণৈঃ।
রাগাপরাগৌ জানীয়া দ্ভর্ত্তুঃ কুশলকর্ম্মবিৎ।
ইঙ্গিতাকারচেষ্টাভ্য স্তদভিপ্রায়তাং তথা ॥ ২৩৪ ॥
ত্যজেদ্বিরক্তং নৃপতিং রক্তে বৃত্তিন্তু কারয়েৎ।
বিরক্তঃ কারয়েন্নাশং বিপক্ষাভ্যুদয়ং তথা ॥ ২৩৫ ॥

একার্থচর্য্যাং যুক্তিং, সাহিত্যং সহায়তাং, তথা সংসর্গঞ্চ বিবর্জ্জয়েৎ ত্যজেৎ। কিঞ্চ পৃথিবীপতেঃ রাজ্ঞঃ বেশস্য ভূষায়াশ্চ অনুকরণং ন কুর্য্যাৎ ॥ ২৩২। ২৩৩ ॥

মেধাবী বুদ্ধিমান্ জনঃ সম্পন্নোহপি সমৃদ্ধোহপি তস্য প্রভোঃ গুণৈঃ ন স্পর্দ্ধেত। কুশলকর্ম্মবিৎ মনোনীতকার্য্যজ্ঞঃ ভর্ত্তুঃ স্বামিনঃ রাগাপরাগৌ অনুরাগবিরাগৌ তথা ইঙ্গিতাকারচেষ্টাভ্যঃ ইঙ্গিতেন আকারেণ চেষ্টয়াচ তদভিপ্রায়তাং তস্য স্বামিনঃ অভিপ্রায়তাং মনোভাবঞ্চ জানীয়াৎ ॥ ২৩৪ ॥

বিরক্তং নৃপতিং ত্যজেৎ রক্তে অনুরক্তে নৃপে বৃত্তিং প্রবৃত্তিং কারয়েৎ। বিরক্তঃ নৃপঃ নাশং বিপদং তথা বিপক্ষণাং শত্রূণাং অভ্যুদয়ং উন্নতিং কারয়েৎ ॥ ২৩৫ ॥

তাহাদিগের সহিত ও প্রভুর স্ত্রীগণের সহিত কোন যুক্তি কি সহকারিতা অথবা সংসর্গ কদাপি করিবেনা। এবং প্রভুর পরিচ্ছদ ও বাক্যের অনুকরণ কখনই করিবেনা ॥ ২৩২। ২৩৩ ॥

বুদ্ধিমান্ ব্যক্তি শক্ত হইলেও প্রভুর গুণের সহিত স্পর্দ্ধা করিবেনা। এবং যাহারা মনোনীত কার্য্যকারী হইতে ইচ্ছাকরে তাহারা ইঙ্গিত আকার ও চেষ্টার দ্বারা প্রভুর অভিপ্রায় অবগত হইয়া কার্য্য করিবে ॥ ২৩৪ ॥

রাজা যদ্যপি অনুরক্ত হন তবেই তাঁহার সংসর্গে প্রবৃত্তি জন্মাইবে, কিন্তু বিরক্তনৃপতির সংসর্গ কদাপি করিবেনা। যেহেতু বিরক্তনৃপতি আপনার বিনাশ এবং শত্রুগণেরও উন্নতির কারণ হয় ॥ ২৩৫ ॥

আশাবর্দ্ধনকং কৃত্বা ফলনাশং করোতি চ।
অকোপোঽপি সকোপাভঃ প্রসন্নোঽপিচ নিস্ফলঃ॥ ২৩৬॥
বাক্যঞ্চ সমদং বক্তি বৃত্তিচ্ছেদং করোতি চ।
লক্ষ্যতে বিমুখশ্চৈব গুণসঙ্কীর্ত্তনে কৃতে॥ ২৩৭॥
দৃষ্টিং ক্ষিপত্যথান্যত্র ক্রিয়মাণে চ কর্ম্মণি।
বিরক্তলক্ষণং হ্যেত দ্রক্তস্য লক্ষণং ব্রুবে॥ ২৩৮॥
দৃষ্ট্বা প্রসন্নো ভবতি বাচ্যং গৃহ্লাতি চাদরাৎ।
কুশলাদিপরিপ্রশ্নী প্রদাপয়তি চাসনম্॥ ২৩৯॥

যঃ নৃপতিঃ আশাবর্দ্ধনকং কৃত্বা ফলনাশং করোতি ফলে বঞ্চয়তি, অকোপঃ কোপরহিতঃ অপি সকোপাভঃ কোপযুক্তপ্রতীয়মানঃ, তথা প্রসন্নঃ অপি নিস্ফলঃ ফলদানবিমুখঃ ভবতি॥ ২৩৬॥

সমদং সগর্ব্বংবাক্যং বক্তি, বৃত্তিচ্ছেদং জীবিকানাশঞ্চ করোতি, অপিচ গুণসঙ্কীর্ত্তনে কৃতেঽপি বিমুখ ইব লক্ষ্যতে॥ ২৩৭॥

ক্রিয়মাণে কর্ম্মণি অন্যত্র দিশি দৃষ্টিং ক্ষিপতি। এতৎ বিরক্তস্যপ্রভোঃ লক্ষণং চিহ্নং উক্তমিতিশেষঃ, রক্তস্য লক্ষণং ব্রুবে কথয়ামি॥ ২৩৮॥

যঃ দৃষ্ট্বা প্রসন্নো ভবতি, আদরাৎ বাচ্যং প্রয়োজনবাক্যং গৃহ্লাতি, কুশলাদিপরিপ্রশ্নী সন্ আসনং প্রদাপয়তি॥ ২৩৯॥

যে রাজা আশা প্রদান করিয়া ফলদানে বিমুখ হন, প্রকাশ্যে কোপরহিত হইয়া আন্তরিক কোপযুক্ত থাকেন, প্রসন্নভাব অবলম্বন করিয়া অপ্রসন্নের ন্যায় কার্য্য করেন, গর্ব্বের সহিত কথা বলেন, বৃত্তিচ্ছেদ করেন, গুণের প্রসংসা করিলে অন্যমনস্ক হন, এবং কোন কার্য্যে প্রবর্ত্ত দেখিলে অন্যদিকে দৃষ্টি নিক্ষেপ করেন তাহাকে বিরক্ত বলিয়া উক্ত হয়, উক্তরূপ বিরক্তপ্রভুর সেবা কদাপি করিবে না, এইক্ষণ অনুরক্তের লক্ষণ বলিতেছি॥ ২৩৬। ২৩৭। ২৩৮॥

যে প্রভু দৃষ্টিমাত্রই প্রসন্ন হন, আদর পূর্ব্বক প্রয়োজনবাক্য শ্রবণ করেন, কুশলাদি জিজ্ঞাসা করিয়া উপবেশনের জন্যে আসন প্রদান করিতে অনুমতি করেন, এবং যে ব্যক্তি আলাপ করিতেছে ইহার আকার প্রফুল্ল কি রুক্ষ, ও শঙ্কাতুর হইয়া আলাপ করে কি সাহসের সহিত তৎপ্রতি অস্পষ্টভাবে লক্ষ্য

বিবিক্তদর্শনং চাস্য রহস্যেষ্বং ন শঙ্কতে।
জ্ঞায়েত হৃষ্টবদনঃ শ্রুত্বা তস্য চ তৎ কথাম্ ॥ ২৪০ ॥
অপ্রিয়াণ্যপি চান্যানি তদ্যুক্তান্যভিমন্যতে।
উপায়নঞ্চ গৃহ্লাতি স্তোকং সম্পাদনৈ স্তথা ॥ ২৪১ ॥
কথান্তরেষু স্মরতি প্রহৃষ্টবদন স্তথা।
ইতি রক্তস্য বৈ লক্ষ্যং কর্ত্তব্যং তস্য সেবনম্ ॥ ২৪২ ॥
তদ্দত্তবস্ত্রভূষাদিচিহ্নং সন্ধারয়েৎ সদা।
ন্যূনাধিক্যং স্বাধিকারকার্য্যে নিত্যং নিবেদয়েৎ॥ ২৪৩ ॥
তদর্থাং তৎকৃতাং বর্ত্তাং শৃনুয়া দ্বাপি কীর্ত্তয়েৎ ॥ ২৪৪ ॥

রহসি একান্তে অস্যজনস্য বিবিক্তদর্শনং শুভদর্শনং কিং ন শঙ্কতে অযমিতিশেষঃ ইতি জ্ঞায়েত, তৎ ততঃ হৃষ্টবদনঃ সন্ তস্য জনস্য কথাংশ্রুত্বা তস্য যুক্তানি প্রিয়াণি অপি অপ্রিয়াণি অন্যানিচ কথনানি অভিমন্যতে। উপায়নঞ্চ উপঢৌকনঞ্চ গৃহ্লাতি, কথা-ন্তরেষু বাক্যানাংমধ্যেষু স্তোকং যৎকিঞ্চিৎ সম্পাদনৈঃ প্রহৃষ্টবদনঃ সন্ স্মরতি ইতি রক্তস্য অনুরাগিণঃ প্রভোঃ লক্ষ্যং লক্ষণং। অস্যপ্রভোঃ সেবনং কর্ত্তব্যং ॥ ২৪০। ২৪১। ২৪২ ॥

তেন স্বামিনা দত্তং বস্ত্রভূষাদিচিহ্নং সদা সন্ধারয়েৎ, তথা স্বাধিকারকার্য্যে আত্মনঃ অধিকারকর্ম্মণি ন্যূনাধিক্যং ন্যূনতাং আধিক্যঞ্চ নিত্যং সততং নিবেদয়েৎ কথ-য়েৎ॥ ২৪৩॥

তদর্থাং তস্য প্রভোঃ প্রয়োজনাং তৎকৃতাং তস্য কথিতাং বার্ত্তাং শৃনুয়াৎ কীর্ত্তয়েৎ বদেচ্চ ॥ ২৪৪ ॥

করেন, হৃষ্টবদনে উদ্দেশ্যবাক্য শ্রবণ করিয়া তন্মধ্যে প্রিয়ই হউক কি অপ্রিয়ই হউক অথবা অন্য যে কোন বাক্যই হউক তাহা অনুমোদনপূর্ব্বক তদ্দত্ত উপ-ঢৌকন গ্রহন করেন, এবং কথার মধ্যে মধ্যে যে কিছু কার্য্য সম্পাদিত হইয়াছে তাহাস্মরণ করিয়া সন্তোষ লাভ করেন তাহাকে অনুরক্ত বলে, সেই অনুরক্ত প্রভুর সেবা করা কর্ত্তব্য ॥ ২৩৯। ২৪০। ২৪১। ২৪২ ॥

সেই অনুরক্ত প্রভুর প্রদত্ত বস্ত্র ভূষণাদি চিহ্নসকল সর্ব্বদা ধারণ করিবে, এবং আপনার অধিকৃতকার্য্যে ন্যূনতাই হউক বা আধিক্যই হউক সর্ব্বদা তাঁহার নিকট ব্যক্ত করিবে॥ ২৪৩ ॥

প্রভুর প্রয়োজনীয় সংবাদ সকল আনুপূর্ব্বিক শ্রবণ করিয়া সদুত্তরকীর্ত্তন করিবে ॥ ২৪৪ ॥

চারসূচকদোষেণ ত্বন্যথা য দ্বদে ন্নৃপঃ।
শৃণুয়া ন্মৌন মাশ্রিত্য তথ্যব ন্নানুমোদয়েৎ॥ ২৪৫॥
আপদ্গতং স্বভর্ত্তারং কদাপি ন পরিত্যজেৎ॥ ২৪৬॥
একবার মপ্যশিতং যস্যান্নং হ্যাদরেণ চ।
তদিষ্টং চিন্তয়েন্নিত্যং পালকস্যাঞ্জসা ন কিম্॥ ২৪৭॥
অপ্রধানঃ প্রধানঃ স্যাৎ কালে চাত্যন্তসেবনাৎ।
প্রধানোঽপ্যপ্রধানঃ স্যাৎ সেবালস্যাদিনা যতঃ॥ ২৪৮॥

চারাণাং সূচকাণাং দুর্নামকারিণাং দোষেণ নৃপঃ যৎ অন্যথা বিরুদ্ধং বদেৎ মৌনং আশ্রিত্য তৎ শৃণুয়াৎ। কিন্তু তথ্যবৎ সত্যরূপেণ ন অনুমোদয়েৎ ন স্বীকুর্য্যাৎ॥ ২৪৫॥

আপদ্গতং বিপদাপন্নং স্বভর্ত্তারং অনুরক্তং স্বামিনং কদাপি কস্মিন্ কালেপি ন পরিত্যজেৎ। যস্য অন্নং একবারমপি আদরেণ যত্নেন অশিতং ভক্ষিতং তস্য ইষ্টং হিতং নিত্যং সততং চিন্তয়েৎ তস্য পালকস্য স্বামিনঃ অঞ্জসা বলেন কিং ন ভবেৎ অপি তু ভবেদেব॥ ২৪৬। ২৪৭॥

অত্যন্তসেবনাৎ প্রচুরকার্য্যসাধনাৎ অপ্রধানোঽপি ভৃত্যঃ কালে প্রধানঃ স্যাৎ। তথা প্রধানোঽপিভৃত্যঃ সেবায়াং স্বাধিকারক্রিয়ায়াং আলস্যাদিনা অপ্রধানঃ স্যাৎ॥ ২৪৮॥

দুর্নামকারী অনুচরগণের দোষেতে প্রভু যদ্যপি কোনবাক্য বিরুদ্ধ বলেন মৌনভাব অবলম্বন করিয়া তাহা শ্রবণ করিবে, কিন্তু তাহা যথার্থ বলিয়া কদাপি স্বীকার করিবে না॥ ২৪৫॥

অনুরক্তপ্রভু যদ্যপি বিপদাপন্ন হন তাহা হইলে কদাপি তাঁহাকে পরিত্যাগ করিবে না, যাঁহার অন্ন একবারও যত্নের সহিত গৃহীত হয় সর্ব্বদাই তাঁহার হিতের চিন্তা করিবে। যেহেতু তাঁহার হিত হইলে তদ্দ্বারা আপনারও হিত হইবার সম্ভাবনা॥ ২৪৬। ২৪৭॥

মন্মোনীত কার্য্যসাধন করিলে অপ্রধানভৃত্যও কালে প্রধান হয়, এবং আলস্য করিয়া কর্ত্তব্যকর্ম্মের ব্যাঘাত করিলে প্রধানভৃত্যও কালে অপ্রধান হয়॥ ২৪৮॥

নিত্যং সুসেবনরতো ভৃত্যো রাজ্ঞঃ প্রিয়ো ভবেৎ।
স্বস্বাধিকারকার্য্যং যদ্ দ্রাক্ কুর্য্যাৎ সুমনা যতঃ॥ ২৪৯॥
ন কুর্য্যাৎ সহসা কার্য্যং নীচং রাজাপি নো দিশেৎ।
তৎকার্য্যকারকাভাবে রাজ্ঞঃ কার্য্যং সদৈব হি॥ ২৫০॥
কালে যদুচিতং কর্ত্তুং নীচমপ্যুত্তমোঽর্হতি।
যস্মিন্ প্রীতো ভবেদ্রাজা তদনিষ্টং ন চিন্তয়েৎ॥ ২৫১॥
ন দর্শয়েৎ স্বাধিকারগৌরবন্তু কদাচন॥ ২৫২॥

নিত্যং সততং সুসেবনরতঃ সেবাতৎপরো ভৃত্যঃ রাজ্ঞঃ প্রিয়ো ভবেৎ। যতঃ স্ব-স্ব অধিকার কার্য্যং যৎ তৎ যদি দ্রাক্ শীঘ্রং কুর্য্যাৎ তদা প্রভুঃ সুমনাঃ প্রসন্নোভবতি॥ ২৪৯॥

কার্য্যং সহসা ন কুর্য্যাৎ, রাজাপি নীচং কার্য্যং নো দিশেৎ আজ্ঞাপয়েৎ। রাজ্ঞঃ পেভোঃ তৎকার্য্যস্য নীচকার্য্যস্য কারকাভাবে সদৈব তৎকার্য্যং করণীয়ং ভৃত্যেন ইতি ভাবঃ॥ ২৫০॥

কালে যথাসময়ে যৎ কর্ত্তুং উচিতং তৎ নীচমপি উত্তমোভৃত্যঃ কর্ত্তুং অর্হতি। যস্মিন্ কর্ম্মণি রাজা প্রীতো ভবেৎ তদনিষ্টং তস্য কর্ম্মণঃ অন্যথাচরণং ন চিন্তয়েৎ॥ ২৫১॥

স্বাধিকারস্য গৌরবং নিজকর্ম্মণঃ পুরুষত্বং কদাচ ন দর্শয়েৎ প্রকাশয়েৎ॥ ২৫২॥

অতএব কার্য্যে তৎপর হইয়া যাহাতে প্রভুর প্রিয় হওয়া যায় তাহাই করা উচিত, যেহেতু কার্য্যের তৎপরতা দর্শন করিলেই প্রভু সন্তোষ লাভ করেন॥ ২৪৯॥

কিন্তু কোন কার্য্যই সহসা করিবেনা, কিঞ্চিৎ অপেক্ষা করিয়া করিবে এবং রাজাও কোন অযুক্ত কার্য্য করিতে ভৃত্যকে আদেশ করিবেননা, যদ্যপি উক্তরূপ কার্য্যের উপযুক্ত কর্ম্মচারী উপস্থিত না থাকে তাহা হইলে যিনি উপস্থিত থাকেন তিনি প্রধান হইলেও তাহার আপনা হইতেই তাহা করা কর্ত্তব্য হয়॥ ২৫০॥

যে সময়ে যে কার্য্য করা উচিত এবং যে কার্য্যে প্রভু সন্তুষ্ট থাকেন স্বয়ং প্রধান কর্ম্মচারী বলিয়া আত্মগৌরবপূর্ব্বক কদাপি তাহার অন্যথাচরণ করিবেনা॥ ২৫১। ২৫২॥

পরস্পরং নাভ্যসূয়ু র্নভেদং প্রাপ্নুয়ুঃ কদা।
রাজ্ঞা চাধিকৃতাঃ সন্তঃ স্বস্বাধিকারগুপ্তয়ে॥ ২৫৩॥
অধিকারিগণো রাজা সদ্বৃত্তৌ যত্র তিষ্ঠতঃ।
উভৌ তত্র স্থিরা লক্ষ্মী র্বিপুলা সম্মুখী ভবেৎ॥ ২৫৪॥
অন্যাধিকারবৃত্তস্ত নব্রুয়াৎ শ্রুতমপ্যতঃ।
রাজা ন শৃণুয়া দন্যমুখতস্ত কদাচ ন॥ ২৫৫॥
নবোধয়ন্তি চ হিত মহিতং চাধিকারিণঃ।
প্রচ্ছন্নবৈরিণ স্তে তু দাস্যরূপ মুপাশ্রিতাঃ॥ ২৫৬॥

স্বস্বাধিকারগুপ্তয়ে নিজনিজঅধিকারবক্ষণায় রাজ্ঞা প্রভুনা অধিকৃতাঃ সন্তঃ পরস্পরং ন অভ্যসূয়ুঃ ন ঈর্ষাঞ্চক্রুঃ, তথা কদাপিন ভেদং মনোভঙ্গং প্রাপ্নুয়ুঃ॥ ২৫৩॥

যত্র স্থানে অধিকারিগণঃ কর্ম্মচারিবর্গঃ রাজা চ উভৌ সদ্বৃত্তৌ সদ্ব্যবহারিণৌ তিষ্ঠতঃ তত্র সম্মুখী অনুকুলবতী বিপুলা লক্ষ্মীঃ স্থিরা অচলা ভবেৎ॥ ২৫৪॥

অন্যস্য অধিকারবৃত্তং কার্য্যবৃত্তান্তং শ্রুতমপি ন ব্রূয়াৎ প্রতারিতিশেষঃ। রাজাপি প্রভুরপি অন্যমুখতঃ অপরস্য মুখাৎ ন শ্রুণুয়াৎ॥ ২৫৫॥

যে অধিকারিণঃ কর্ম্মচারিণঃ হিতং অহিতঞ্চ ন বোধয়ন্তি ন নিবেদয়ন্তি, প্রভাবিতিশেষঃ, তে তু দাস্যরূপং উপাশ্রিতাঃ সন্তঃ প্রচ্ছন্নবৈরিণঃ গুপ্তশত্রবঃ স্যুঃ॥ ২৫৬॥

স্বামী কর্ত্তৃক অধিকারপ্রাপ্ত ভৃত্যগণ পরস্পর ঈর্ষা করিয়া যাহাতে পরস্পরের মনোভঙ্গ হয় তাহা কদাপি করিবেনা, যেহেতু তাহা হইলে সেই অধিকার কখনই চিরস্থায়ী হয় না॥ ২৫৩॥

যেই স্থানে কর্ম্মচারীগণ এবং প্রভু এই উভয়ই সদ্ব্যবহারীহয় সেই স্থানে রাজলক্ষ্মী অনুকুলবতী হইয়া উন্নতিকে আশ্রয় করেন, কখনই বিচলিতা হন না॥ ২৫৪॥

কোন ভৃত্য অন্যের অধিকার বৃত্তান্ত পরিজ্ঞাত থাকিলেও কদাপি তাহা প্রভুর নিকট ব্যক্ত করিবে না। এবং প্রভুও একজনের কাযাবৃত্তান্ত অপরের মুখে শ্রবণ করিতে বাধ্য হইবেননা॥ ২৫৫॥

যে কর্ম্মচারীগণ হিতই হউক বা অহিতই হউক স্বকার্য্য বৃত্তান্ত প্রভুর নিকট ব্যক্ত না করে তাহারা কর্ম্মচারীরূপে প্রচ্ছন্ন শত্রুবিশেষ॥ ২৫৬॥

হিতাহিতং ন শৃণোতি রাজা মন্ত্রিমুখাচ্চ যঃ।
সদস্যু রাজরূপেণ প্রজানাং ধনহারকঃ ॥ ২৫৭ ॥
সুপৃষ্টব্যবহারা যে রাজপুত্রৈশ্চ মন্ত্রিণঃ।
বিরুধ্যন্তি চ তৈঃ সাকং তে তু প্রচ্ছন্নতস্করাঃ ॥ ২৫৮ ॥
বালা অপি রাজপুত্রা নাবমান্যাস্তু মন্ত্রিভিঃ।
সদা সুবহুবচনৈঃ সম্বোধ্যা স্তে প্রযত্নতঃ ॥ ২৫৯ ॥
অসদাচরিতং তেষাং ক্বচিদ্রাজ্ঞে ন দর্শয়েৎ।
স্ত্রীপুত্রমোহো বলবান্ ন নিন্দা শ্রেয়সে তয়োঃ ॥ ২৬০ ॥

যশ্চ রাজা মন্ত্রিমুখাৎ হিতাহিতং ন শৃণোতি সঃ রাজরূপেণ প্রজানাং ধনহারকো দস্যুঃ। দস্যুরূপেণ ধনহারকএব ন রাজেতি ভাবঃ ॥ ২৫৭ ॥

যে মন্ত্রিণঃ রাজপুত্রৈঃ সুপৃষ্টব্যবহারাঃ সুপৃষ্টঃ ব্যবহারো যেভ্যঃ তৈঃ রাজপুত্রৈঃ সাকং সহ বিরুধ্যন্তি বিরুদ্ধকার্য্যং কুর্ব্বন্তি তে তু প্রচ্ছন্নতস্করাঃ গুপ্তচৌরাঃ স্যুঃ ॥ ২৫৮ ॥

রাজপুত্রাঃ বালাঃ শিশবোপি মন্ত্রিভিঃ ন অবমান্যাঃ নাবজ্ঞেয়াঃ। সদা সর্ব্বস্মিন্ কালে সুবহুবচনৈঃ শোভনৈঃ বহুভিঃ কথনৈঃ তে রাজপুত্রাঃ প্রযত্নতঃ যত্নাতিশয়েন সম্বোধ্যাঃ সম্যক্ বোধনীয়াঃ ॥ ২৫৯ ॥

ক্বচিৎ কদাচিদপি তেষাং রাজপুত্রাণাং অসদাচরিতং দুষ্কার্য্যং রাজ্ঞে ন দর্শয়েৎ, যতঃ স্ত্রীপুত্রমোহঃ স্ত্রিয়াং পুত্রেচ মোহঃ বলবান্ প্রবলতরঃ অতঃ তয়োঃ স্ত্রীপুত্রয়োঃ নিন্দা ন শ্রেয়সে মঙ্গলায় ভবতি ॥ ২৬০ ॥

এবং যে স্বামী মন্ত্রির মুখ হইতে হিত এবং অহিত বাক্য শ্রবণ না করেন তিনিও স্বামীরূপে প্রজার সর্ব্বস্বান্তকারক মাত্র ॥ ২৫৭ ॥

রাজপুত্রগণ কোন কথা জিজ্ঞাসা করিলে যে মন্ত্রীগণ বিরুদ্ধ উত্তর করেন তাহারা মন্ত্রীরূপে প্রাচ্ছন্ন চোর বিশেষ ॥ ২৫৮ ॥

রাজপুত্রগণ বালক হইলেও মন্ত্রীগণের অবমাননার যোগ্য হন না, সর্ব্বদা বহুবিধ সৎকথার দ্বারা যত্নের সহিত তাহাদিগকে প্রবোধ দিবে ॥ ২৫৯ ॥

কখনই সেইসকল রাজপুত্রের কোন দোষের কথা রাজার নিকট প্রকাশ করিবে না, যেহেতু স্ত্রী এবং পুত্রের প্রতি মমতা অতিশয় বলবতী অতএব তাহাদিগের নিন্দাবাক্য কখনই মঙ্গলদায়ক হয় না ॥ ২৬০ ॥

রাজ্ঞোঽবশ্যতরং কার্য্যং প্রাণসংশয়িতঞ্চ যৎ।
আজ্ঞাপয়াগ্রতশ্চাহং করিষ্যে তত্তু নিশ্চিতম্ ॥ ২৬১ ॥
ইতিবিজ্ঞাপ্য দ্রাক্ কর্ত্তুং প্রযতেত স্বশক্তিতঃ।
প্রাণানপি চ সন্দদ্যান্মহৎকার্য্যে নৃপায় চ ॥ ২৬২ ॥
ভৃত্যঃ কুটম্বপুষ্ট্যর্থং নান্যথা তু কদাচ ন।"
ভৃত্যা ধনহরাঃ সর্ব্বে যুক্ত্যা প্রাণহরো নৃপঃ ॥ ২৬৩॥
যুদ্ধাদৌ সুমহৎকার্য্যে ভৃত্যা প্রাণান্ হরেন্নৃপঃ।
নান্যথা ভৃতিরূপেণ ভৃত্যো রাজধনং হরেৎ ॥ ২৬৪ ॥

ভৃত্যঃ রাজ্ঞঃ অগ্রতঃ অবশ্যতরং প্রাণসংশয়িতঞ্চ যৎ কার্য্যং তৎ অহং নিশ্চিতং করিষ্যে ত্বং আজ্ঞাপয় ইতি বিজ্ঞাপ্য প্রতিশ্রুত্য স্বশক্তিতঃ নিজশক্ত্যনুসারেণ দ্রাক্ শীঘ্রং কর্ত্তুং যতেত যত্নং কুর্ব্বীত। ভৃত্যঃ কুটুম্বপুষ্ট্যর্থং পরিজনপোষণার্থং মহৎ কার্য্যে যুদ্ধাদৌ নৃপায় নৃপতদর্থকায় প্রাণান্ অপি সন্দদ্যাৎ ইতি অন্যথা কদাচন ॥ ২৬১। ২৬২ ॥
সর্ব্বে ভৃত্যাঃ ধনহরাঃ নৃপোপি প্রাণহরঃ যুক্ত্যা যুক্তিমাশ্রিত্য পরস্পরং ভৃত্য-নৃপৌ ধনপ্রাণহরৌ ভবতঃ। যুদ্ধাদৌ সুমহৎকার্য্যে ভৃত্যা বেতনেন নৃপঃ প্রাণান্ হরেৎ ভৃত্যানামিতিশেষঃ। ভৃত্যোপি ভৃতিরূপেণ বেতনভাবেন রাজধনং হরেৎ। অন্যথা এবং বিনা তৌ ভৃত্যনৃপৌ যদি হরতঃ তদা স্বনাশকৌ আত্মনঃ বিনাশকারকৌ ভবতঃ ॥ ২৬৩। ২৬৪ ॥

যেই কার্য্য অবশ্য কর্ত্তব্য তাহাতে যদি প্রাণ সংশয়ও হয় তথাপি তাহা আমি নিশ্চয় করিব আপনি অনুমতি করুন এই বলিয়া প্রভুর নিকট প্রতিশ্রুতি পূর্ব্বক আপনার শক্তি অনুসারে তৎক্ষণাৎ তাহা করিতে উদ্যত হইবে। ভৃত্যেরা পরিজন প্রতিপালনের জন্যে রাজার মঙ্গলের চিন্তা করিয়া যুদ্ধ প্রভৃ-তিতে প্রাণপর্য্যন্ত পরিত্যাগ করিতেও কাতর হয় না ॥ ২৬১। ২৬২ ॥

কিন্তু ভৃত্যমাত্রই ধনহারক এবং রাজাও প্রাণহারক, যুক্তিঅনুসারে এই উভয় কার্য্য পরস্পর উভয়ের প্রতিই প্রতিপন্ন হয়। রাজা বেতনরূপ প্রলোভন দ্বারা যুদ্ধ প্রভৃতি দুষ্কর কার্য্যে ভৃত্যের প্রাণ হরণ করেন। এবং ভৃত্যেরাও বেতনরূপ ছলেতে প্রভুর ধন হরণ করিয়া থাকে। কিন্তু ইহা ব্যতীত অন্যভাবে ধন ও প্রাণ হরণ করিলে আত্ম বিনাশের কারণ হয় ॥ ২৬৩। ২৬৪ ॥

অন্যথা হরত স্তৌতু ভবতশ্চ স্বনাশকৌ।”

রাজানু যুবরাজস্তু মান্যোঽমাত্যাদিকৈঃ সদা ॥ ২৬৫ ॥

তন্ন্যূনামাত্যনবকং তন্ন্যূনাধিকৃতো গণঃ।

মন্ত্রিতুল্যশ্চাযুতিকো ন্যূনসাহস্রিকো মতঃ ॥ ২৬৬ ॥

ন ক্রীড়য়েদ্রাজসমং ক্রীড়িতে তং বিশেষয়েৎ।

নাবমান্যা রাজপত্নী কন্যা হ্যপি চ মন্ত্রিভিঃ ॥ ২৬৭ ॥

রাজা অমাত্যাদিকৈঃ অমাত্যপ্রভৃতিভিঃ সদা মান্যঃ মাননীয়ঃ। যুবরাজস্তু অনুমান্যঃ রাজাপেক্ষয়া ন্যূনতয়া মান্যঃ। অমাত্যনবকং তন্ন্যূনং অমাত্যাদিনবপ্রকৃতয়ঃ তদপেক্ষয়া ন্যূনাঃ ইত্যর্থঃ। তন্ন্যূনাধিকৃতোগণঃ অধিকৃতঃ কর্ম্মচারিবর্গঃ তন্ন্যূনঃ। অযুতিকঃ অযুতসংখ্যাধিপতিঃ মন্ত্রিতুল্যঃ। তস্মাৎ সাহস্রিকঃ সহস্রসংখ্যাধিপতিঃ ন্যূনঃ মতঃ জ্ঞেয়ঃ ॥ ২৬৫। ২৬৬ ॥

রাজসমং রাজ্ঞা সার্দ্ধং ন ক্রীড়য়েৎ, ক্রীড়িতে সতি তং রাজানং বিশেষয়েৎ বিজয়িনং কুর্য্যাৎ। রাজপত্নী রাজকন্যাপি মন্ত্রিভিঃ চকারাৎ অন্যৈশ্চ ন অবমান্যা ইতি হি নিশ্চিতমেব। রাজসম্বন্ধিনঃ সুহৃদশ্চ যথার্হতঃ যথাযোগ্যেন পূজ্যাঃ মাননীয়াঃ অমাত্যাদিকৈ রিতি শেষঃ ॥ ২৬৭ ॥

রাজাকে অমাত্য প্রভৃতিরা সর্ব্বদাই সম্মান করিবে। রাজা অপেক্ষাকৃত কিঞ্চিৎ ন্যূনভাবে যুবরাজকে সম্মান করিবে। যুবরাজ অপেক্ষাকৃত কিঞ্চিৎ ন্যূনভাবে মন্ত্রীগণকে সম্মান করিবে। মন্ত্রী অপেক্ষাকৃত কিঞ্চিৎ ন্যূনভাবে কর্ম্মচারীগণকে সম্মান করিবে। দশসহস্রধনাধিপতিপ্রজা মন্ত্রীর তুল্য সম্মানশালী হয়। এবং তাহাহইতে ন্যূন সহস্রাধিপতি উক্ত হয় ॥ ২৬৫। ২৬৬ ॥

রাজার সহিত ক্রীড়া করা কখনই যুক্ত হয় না। নিতান্ত ক্রীড়া করিতে হইলে রাজা যাহাতে পরাজয় না হন তদনুসারে ক্রীড়া করিবে। রাজপত্নী এবং রাজকন্যাকে সর্ব্বদা সম্মান করিবে, এবং রাজার সম্বন্ধিগণকে ও সুহৃৎগণকেও যথাযোগ্য সম্মান করিবে ॥ ২৬৭ ॥

রাজসম্বন্ধিনঃ পূজ্যাঃ সুহৃদশ্চ যথার্হতঃ।”
নৃপাহূত স্তুরং গচ্ছেৎ ত্যক্ত্বা কার্য্যশতং মহৎ ॥ ২৬৮ ॥
মিত্রায়াপি ন বক্তব্যং রাজকার্য্যং সুমন্ত্রিতম্।
ভৃতিং বিনা রাজদ্রব্যমদত্তং নাভিলাষয়েৎ ॥ ২৬৯ ॥
রাজাজ্ঞয়া বিনা নেচ্ছেৎ কার্য্যমাধ্যস্থিকীং ভৃতিম্।
ন নিহন্যাদ্‌ দ্রব্যলোভাৎ সৎকার্য্যং যস্য কস্যচিৎ ॥ ২৭০ ॥
স্বস্ত্রীপুত্রধনপ্রাণৈঃ কালে সংরক্ষয়েন্নৃপম্।
উৎকোচং নৈব গৃহ্নীয়া ন্নান্যথা বোধয়ে নৃপম্ ॥ ২৭১ ॥

নৃপাহূতঃ নৃপেণ আহূতো ভৃত্যঃ মহৎ কার্য্যশতমপি ত্যক্ত্বা তুরং শীঘ্রং গচ্ছেৎ। সুমন্ত্রিতং শোভনেন কৃতমন্ত্রণং রাজকার্য্যং মিত্রায় অপি ন বক্তব্যং। তথা ভৃতিং বেতনং বিনা অদত্তং রাজদ্রব্যং ন অভিলাষয়েৎ ॥ ২৬৮। ২৬৯ ॥

রাজাজ্ঞয়া বিনা রাজ্ঞঃ আজ্ঞয়া আদেশেন বিনা কার্য্যমাধ্যস্থিকীং অসম্পূর্ণকার্য্য সাধিনীং ভৃতিং বেতনং ন ইচ্ছেৎ। তথা দ্রব্যলোভাৎ ধনলোভাৎ যস্য কস্যচিৎ সৎ কার্য্যং ন নিহন্যাৎ ॥ ২৭০ ॥

কালে সময়বিশেষে স্বস্ত্রীপুত্রধনপ্রাণৈঃ স্বস্য স্ত্রীভিঃ পুত্রৈঃ ধনৈঃ প্রাণৈশ্চ নৃপং সংরক্ষয়েৎ। উৎকোচং ন এব গৃহ্নীয়াৎ। তথা নৃপং অন্যথা ন বোধয়েচ্চ ॥ ২৭১ ॥

রাজা আহ্বান করিলে মহৎ প্রকার শতকার্য্য পরিত্যাগ করিয়াও তৎক্ষণাৎ গমন করিবে। কোন রাজকার্য্যের পরামর্শ হইলে আপনার মিত্রের নিকটেও তাহা প্রকাশ করিবে না, এবং আপনার বেতন ব্যতীত রাজা যাহা ইচ্ছাপূর্ব্বক প্রদান না করেন তৎপ্রতি কদাচ অভিলাষ করিবে না ॥ ২৬৮। ২৬৯ ॥

রাজা অনুমতি না করিলে কোন কার্য্য সম্পূর্ণরূপে সমাধা না করিয়া কদাপি তাহার বেতন গ্রহণ করিবে না। এবং ধনের লোভেতে যে কোন ব্যক্তিরও কোন সৎকার্য্য নষ্ট করিবে না ॥ ২৭০ ॥

সময় বিশেষে আপনার স্ত্রী, পুত্র, ধন এবং প্রাণের দ্বারাও রাজাকে রক্ষা করিবে। উৎকোচ কখনই গ্রহণ করিবে না, এবং রাজাকে কদাপি কোন কু-অভিসন্ধীর মত প্রদান করিবে না ॥ ২৭১ ॥

অন্যথাদণ্ডকং ভূপং নিত্যং প্রবলদণ্ডকম্।
নিগৃহ্য বোধয়েৎ সম্যগেকান্তে রাজ্যগুপ্তয়ে॥ ২৭২॥
হিতং রাজ্ঞশ্চাহিতং য ল্লোকানাং তন্নকারয়েৎ।
নবীনকরশুল্কাদ্যৈ র্লোক উদ্বিজতে ততঃ॥ ২৭৩॥
গুণনীতিবলদ্বেষী কুলভূতোঽপ্যধার্ম্মিকঃ।
নৃপো যদি ভবেত্তন্তু ত্যজেদ্রাষ্ট্রবিনাশকম্॥ ২৭৪॥
তৎপদে তস্য কুলজং গুণযুক্তং পুরোহিতঃ।
প্রকৃত্যনুমতিং কৃত্বা স্থাপয়েদ্রাজ্যগুপ্তয়ে॥ ২৭৫॥

অন্যথা অযথা দণ্ডকং দণ্ডয়িতারং ভূপং নিত্যং সততং প্রবলদণ্ডকং নিগৃহ্য চ রাজ্যগুপ্তয়ে রাজ্যরক্ষণায় একান্তে নির্জ্জনে সম্যক্ বোধয়েৎ॥ ২৭২॥

যৎ রাজ্ঞঃ হিতং কিন্তু লোকানাং অহিতং তৎ ন কারয়েৎ। যতঃ নবীনৈঃ করৈঃ শুল্কৈশ্চ রাজ্ঞঃ হিতকরৈঃ কার্য্যৈঃ লোকঃ উদ্বিজতে উদ্বেগং প্রাপ্নোতি অতো ন ইতি ভাবঃ॥ ২৭৩॥

কুলভূতঃ রাজবংশসম্ভূতঃ অপি নৃপঃ যদি গুণনীতিবলদ্বেষী গুণদ্বেষী নীতিদ্বেষী বলদ্বেষী তথা অধার্ম্মিকশ্চ ভবেৎ তদা তং রাষ্ট্রবিনাশকং ভূপং ত্যজেৎ॥ ২৭৪॥

পুরোহিতঃ রাজপ্রকৃতীনামন্যতমঃ প্রকৃতীনাং মন্ত্রিণাং অনুমতিং কৃত্বা রাজ্যগুপ্তয়ে রাজ্যরক্ষণায় তৎপদে রাজপদে তস্য রাজ্ঞঃ কুলজং গুণযুক্তং অন্যং জনং স্থাপয়েৎ॥ ২৭৫॥

রাজা যদ্যপি অন্যায় দণ্ডকারক হন তাহাহইলে স্বয়ং কঠিন দণ্ড স্বীকার করিয়াও রাজ্য রক্ষার জন্যে সর্ব্বদা তাঁহাকে সৎপরামর্শ প্রদান করিবে॥ ২৭২॥

যে কার্য্য করিলে রাজার হিত কিন্তু প্রজালোকের অহিত হয় সেই কার্য্য কদাপি করিবে না। যেহেতু নূতন রাজকর ও নূতন শুল্কাদির ব্যবস্থা করিয়া রাজার হিত করিতে গেলে প্রজালোক যারপর নাই মনস্তাপ প্রাপ্ত হয়॥ ২৭৩॥

রাজবংশ সম্ভূত রাজাও যদি গুণহীন, নীতিহীন, বলদ্বেষী এবং অধার্ম্মিক হন তাহাহইলে রাজ্য রক্ষার জন্যে তাঁহাকে পরিত্যাগ করিবে॥ ২৭৪॥

এবং পুরোহিত মন্ত্রীগণের অনুমতি গ্রহণ করিয়া সেই রাজার বংশসম্ভূত অন্য গুণবান্ ব্যক্তিকে রাজপদে অভিষিক্ত করিবেন॥ ২৭৫॥

সাস্ত্রো দূরং নৃপাত্তিষ্ঠেদস্ত্রপাতাদ্‌বহিঃ সদা।
সশস্ত্রো দশহস্তস্তু যথাদিষ্টং নৃপপ্রিয়াঃ॥ ২৭৬॥
পঞ্চহস্তং বসেয়ুর্ব্বৈ মন্ত্রিণো লেখকাঃ সদা।
সেনপৈস্তু বিনা নৈব সশস্ত্রাস্ত্রো বিশেৎসভাম্॥ ২৭৭॥
পুরোহিতঃ শ্রেষ্ঠতরঃ শ্রেষ্ঠঃ সেনাপতিঃ স্মৃতঃ।
সমঃ সুহৃচ্চ সম্বন্ধী হ্যুত্তমা মন্ত্রিণঃ স্মৃতাঃ॥ ২৭৮॥
অধিকারিগণো মধ্যোঽধমৌ দর্শকলেখকৌ।
জ্ঞেয়োঽধমতমো ভৃত্যঃ পরিচারগণঃ সদা॥ ২৭৯॥

সাস্ত্রঃ ক্ষেপণীয়েন অস্ত্রেণ সহিতঃ অস্ত্রধারীত্যর্থঃ নৃপাৎ দূরং অস্ত্রপাতাৎ বহিঃ সদা তিষ্ঠেৎ। সশস্ত্রঃ অক্ষেপণীয়েণ অস্ত্রেণ সহিতস্তু দশহস্তং দূরং তিষ্ঠেৎ। নৃপপ্রিয়াঃ রাজ সুহৃদঃ যথাদিষ্টং তথা, মন্ত্রিণঃ লেখকাশ্চ পঞ্চহস্তং দূরং সদা বসেয়ুঃ। রাজা তু সেনপৈঃ সেনাপতিভির্ব্বিনা সশস্ত্রাস্ত্রঃ সন্ সভাং নৈব বিশেৎ॥ ২৭৬। ২৭৭॥

পুরোহিতঃ শ্রেষ্ঠতরঃ অতিশয়ঃ শ্রেষ্ঠঃ। সেনাপতিঃ শ্রেষ্ঠঃ। সুহৃচ্চ সম্বন্ধীচ সমঃ তুল্যঃ। মন্ত্রিণঃ উত্তমাঃ। অধিকারিগণঃ মধ্যঃ মধ্যমঃ। দর্শকলেখকৌ অধমৌ। ভৃত্যঃ পরিচারগণশ্চ অধমতমঃ অতিশয়ঃ অধমঃ ইতিস্মৃতঃ কথিতঃ॥ ২৭৮। ২৭৯॥

যে সকল অস্ত্র নিক্ষেপণদ্বারা যুদ্ধাদিকার্য্য সম্পাদন করে, শর প্রভৃতি সেই সকল অস্ত্রধারীগণ অস্ত্র নিক্ষেপ করিলে যতদূর অস্ত্রের গতি হয় রাজা হইতে তদপেক্ষা দূরে অবস্থিতি করিবে। যে সকল অস্ত্র নিক্ষেপ না করিয়া ধারণ পূর্ব্বক যুদ্ধ করে তরবারী প্রভৃতি সেই সকল অস্ত্রধারীগণ রাজা হইতে দশহস্ত ব্যবধানে অবস্থিতি করিবে। সুহৃদ্গণকে রাজা যে স্থানে অনুমতি করেন সেইস্থানে অবস্থিতি করিবেন। মন্ত্রীগণ এবং লেখকগণ রাজার পাঁচ হস্ত ব্যবধানে অবস্থিতি করিবেন। কিন্তু রাজা সেনাপতিগণ ব্যতীত অস্ত্র-শস্ত্রের সহিত কদাপি রাজ সভায় প্রবেশ করিবেন না॥ ২৭৬। ২৭৭॥

পুরোহিত অতিশয় শ্রেষ্ঠ, সেনাপতি তদনন্তর শ্রেষ্ঠ, সুহৃদ্গণ সম্বন্ধী-গণের তুল্য, মন্ত্রীগণ উত্তম, কর্ম্মচারীগণ মধ্যম, লেখক এবং দর্শকগণ অধম, ভৃত্য এবং পরিচারকগণ অতিশয় অধম উক্ত হয়॥ ২৭৮। ২৭৯॥

পুরোগমন মুত্থানং স্বাসনে সন্নিবেশনম্।
কুর্য্যাৎ সকুশলপ্রশ্নং ক্রমাৎ সস্মিতদর্শনম্॥ ২৮০ ॥
রাজা পুরোহিতাদীনাং ত্বন্যেষাং স্নেহদর্শনম্।
অধিকারিগণাদীনাং সভাস্থশ্চ নিরালসঃ॥ ২৮১ ॥
বিদ্যাবৎসু শরচ্চন্দ্রো নিদাঘার্কো দ্বিষৎসু চ।
প্রজাসু চ বসন্তার্কইব স্যাৎ ত্রিবিধো নৃপঃ॥ ২৮২ ॥
যদি ব্রাহ্মণভিন্নেষু মৃদুত্বং ধারয়েন্নৃপঃ।
পরিভবন্তি তং নীচা যথা হস্তিপকা গজম্॥ ২৮৩ ॥

রাজা গমনং উত্থানং আসনাৎ গাত্রোত্থানমিত্যর্থঃ, স্বস্য নিজস্য আসনে সন্নিবেশনং, সকুশলপ্রশ্নং তথা সস্মিতদর্শনং পুরঃ অগ্রে কুর্য্যাৎ। সভাস্থঃ সভায়াং স্থিতঃ নিরালসঃ আলস্যরহিতঃ সন্ ক্রমাৎ যথাক্রমং পুরোহিতাদীনাং তথা অন্যেষাং অধিকারিগণাদীনাম্ভু স্নেহদর্শনং কুর্য্যাচ্চ॥ ২৮০। ২৮১॥

নৃপঃ বিদ্যাবৎসু পণ্ডিতজনেষু শরচ্চন্দ্রইব, দ্বিষৎসু শত্রুষু নিদাঘার্কঃ গ্রীষ্মকালীন সূর্য্যইব, তথা প্রজাসু বসন্তার্কইব ত্রিবিধঃ ত্রিধারূপেণ বর্ত্তিতঃ স্যাৎ॥ ২৮২॥

নৃপঃ যদি ব্রাহ্মণভিন্নেষু ব্রাহ্মণবর্ণভিন্নান্যবর্ণেষু মৃদুত্বং লাঘবত্বং ধারয়েৎ তদা হস্তিপকাঃ গজমিব তং রাজানং নীচাঃ পরিভবন্তি॥ ২৮৩॥

গমন, গাত্রোত্থান, আসনে উপবেশন, জিজ্ঞাসা, এবং হাস্য দর্শন রাজা অগ্রে করিবেন। আর সভাতে উপবেশন পূর্ব্বক প্রথমতঃ পুরোহিত প্রভৃতির প্রতি স্নেহ দর্শন করিয়া তদনন্তর অন্যান্য কর্ম্মচারিগণের প্রতি সস্নেহ দর্শন করিবেন॥ ২৮০। ২৮১॥

রাজা বিদ্যাবান্ ব্যক্তির প্রতি শরৎকালীন চন্দ্রের ন্যায় প্রীতিদায়ক, শত্রুগণের প্রতি গ্রীষ্মকালীন সূর্য্যের ন্যায় কষ্টদায়ক, এবং প্রজাগণের প্রতি বসন্তকালীন রবির ন্যায় সাম্যকারক এই ত্রিবিধ প্রকার ভাবকেই অবলম্বন করিবেন॥ ২৮২॥

কিন্তু রাজা যদ্যপি ব্রাহ্মণ ভিন্ন অন্য ব্যক্তির প্রতি মৃদুত্বভাব অবলম্বন করেন তাহাহইলে হস্তী যেমন মাহুতগণ কর্ত্তৃক পরাভূত হয় তদ্রূপ সেই রাজাকেও সামান্য জনকর্ত্তৃক পরাভবপদ প্রাপ্ত হইতে হয়॥ ২৮৩॥

ভৃত্যাদ্যৈর্ন কর্ত্তব্যাঃ পরিহাসাশ্চ ক্রীড়নম্।
অপমানাস্পদে তে তু রাজ্ঞো নিত্যং ভয়াবহে॥ ২৮৪॥
পৃথক্ পৃথগ্ব্যাপয়ন্তি স্বার্থসিদ্ধ্যৈ নৃপায় তে।
স্বকার্য্যং গুণবৎ কৃত্বা সর্ব্বে স্বার্থপরা যতঃ॥ ২৮৫॥
বিকল্পন্তেঽবমন্যন্তি লম্বয়ন্তি চ তদ্বচঃ।
রাজভোজ্যানি ভুঞ্জন্তি ন তিষ্ঠন্তি স্বকেপদে॥ ২৮৬॥
বিস্রংসয়ন্তি তন্মন্ত্রং বিবৃণ্বন্তি চ দুষ্কৃতম্।
ভবন্তি নৃপবেশা হি বঞ্চয়ন্তি নৃপং সদা॥ ২৮৭॥

ভৃত্যাদ্যৈঃ ভৃত্যপ্রভৃতিভিঃ জনৈঃ সহ ক্রীড়নং পরিহাসাশ্চ ন কর্ত্তব্যাঃ যৎ যতঃ তে নিত্যং ভয়াবহে পরিহাসক্রীড়নে রাজ্ঞঃ অপমানাস্পদে ভবতঃ॥ ২৮৪॥

যতঃ তে ক্রীড়াকারিণো ভৃত্যাদ্যাঃ সর্ব্বে স্বার্থসিদ্ধ্যৈ স্বকার্য্যসাধনায় স্বকার্য্যং স্বকার্য্যসাধনং গুণবৎ কৃত্বা নৃপায় পৃথক্ পৃথক্ ব্যাপয়ন্তি বোধয়ন্তি॥ ২৮৫॥

তদ্বচঃ তস্য রাজ্ঞঃ বচঃ বাক্যং বিকল্পন্তে বিতর্কয়ন্তি, অবমন্যন্তি তুচ্ছয়ন্তি, লম্বয়ন্তি বিলম্বং কুর্ব্বন্তি, রাজভোজ্যানি বস্তূনি ভুঞ্জন্তি, তথা স্বকেপদে নিজকর্ত্তব্যকর্ম্মণি ন তিষ্ঠন্তি॥ ২৮৬॥

তস্য রাজ্ঞঃ মন্ত্রং পরামর্শং বিস্রংসয়ন্তি প্রকাশয়ন্তি, দুষ্কৃতং মন্দকার্য্যং বিবৃণ্বন্তি আশ্রয়ন্তি, নৃপবেশাঃ ভবন্তি, সদা নৃপং বঞ্চয়ন্তি॥ ২৮৭॥

ভৃত্যগণের সহিত রাজা কদাপি ক্রীড়া এবং পরিহাস করিবেন না। সেই ভয়াবহ ক্রীড়া এবং পরিহাস রাজার পক্ষে যার পর নাই অপমানের কারণ হয়॥ ২৮৪॥

ক্রীড়াকারী ভৃত্যেরা আপনার কার্য্য সাধনের জন্যে (আমি যাহা বলি তাহাই উত্তম) এইরূপে আত্মকার্য্যের গৌরবতা প্রতিপন্ন করে॥ ২৮৫॥

রাজার বাক্যের উপর বিতর্ক করে, তুচ্ছ করে, কালবিলম্ব করে, রাজার ভোগ্যবস্তু ভোজন করে, আপনার কর্ত্তব্য কর্ম্মের প্রতি অযত্ন করে॥ ২৮৬॥

রাজা কোন মন্ত্রণা করিলে তাহা প্রকাশ করে, দুষ্কার্য্য সাধন করে, রাজার সমান বেশধারণ করে, এবং সর্ব্বদা রাজাকে বঞ্চিত করে॥ ২৮৭॥

তৎস্ত্রিয়ং সজ্জয়ন্তি স্ম রাজ্ঞি ক্রুদ্ধে হসন্তি চ ।
ব্যাহরন্তি চ নির্লজ্জা হেলয়ন্তি নৃপং ক্ষণাৎ ॥ ২৮৮ ॥
আজ্ঞা মুল্লঙ্ঘয়ন্তি স্ম ন ভয়ং যান্ত্যকর্ম্মণি ।
এতে দোষাঃ পরীহাসক্ষমাক্রীড়োদ্ভবা নৃপে ॥ ২৮৯ ॥
ন কার্য্যং ভৃতকঃ কুর্য্যা নৃপলেখাদ্বিনা ক্বচিৎ ।
নাজ্ঞাপয়েল্লেখনেন বিনাহল্পং বা মহন্নৃপঃ ॥ ২৯০ ॥
ভ্রান্তেঃ পুরুষধর্ম্মত্বাৎ লেখ্যং নির্ণায়কং পরম্ ।
অলেখ্যমাজ্ঞাপয়তি হ্যলেখ্যং যৎ করোতি যঃ ॥ ২৯১ ॥

অপিচ তস্য বাস্তঃ স্ত্রিয়ং রাজমহিষীং সজ্জয়ন্তি অনুরোধয়ন্তি, রাজ্ঞি ক্রুদ্ধে সতি হসন্তি, নির্লজ্জাঃ সন্তঃ ব্যাহরন্তি, ক্ষণাৎ ক্ষণকালাদেব নৃপং হেলয়ন্তি ॥ ২৮৮ ॥

আজ্ঞাং উল্লঙ্ঘয়ন্তি, তথা অকর্ম্মণি অনুচিতকার্য্যে ন ভয়ং যান্তি । নৃপে রাজনি পরিহাসক্ষমাক্রীড়োদ্ভবাঃ এতে দোষাঃ সন্তি । স্মশব্দঃ পাদপূরণার্থঃ ॥ ২৮৯ ॥

ভৃতকঃ ভৃত্যঃ নৃপলেখ্যাৎ বিনা ক্বচিদপি কার্য্যং ন কুর্য্যাৎ । নৃপঃ রাজাপি লেখনেন বিনা অল্পং বা মহৎ কার্য্যঞ্চ ন আজ্ঞাপয়েৎ ॥ ২৯০ ॥

ভ্রান্তেঃ ভ্রমস্য পুরুষধর্ম্মত্বাৎ পুরুষাণাং স্বভাবত্বাৎ লেখ্যং পরং উৎকৃষ্টং নির্ণায়কং । যঃ রাজা অলেখ্যং লেখ্যং বিনা আজ্ঞাপয়তি, যশ্চ ভৃত্যঃ লেখ্যং বিনা যৎ রাজকৃত্যং করোতি

রাজ মহীষিকে অনুরোধ করে, রাজা ক্রোধ করিলে হাস্য করে, লজ্জা হীনের ন্যায় ব্যবহার করে, ক্ষণে ক্ষণে রাজাকে হেলা করে ॥ ২৮৮ ॥

আজ্ঞা লঙ্ঘন করে, এবং অনুচিত কার্য্য করিতেও ভীত হয় না । ভৃত্যগণের সহিত ক্রীড়া ও পরিহাস এবং ক্ষমাবৃত্তি অবলম্বন করিলে রাজাতে এই সকল দোষ পর্য্যাপ্ত হয় ॥ ২৮৯ ॥

কোন ভৃত্য, রাজার লেখ্য (দস্তখত) ভিন্ন কদাপি কার্য্য করিবে না । এবং রাজাও লিখিত ভিন্ন অল্পকার্য্যই হউক বা মহৎ কার্য্যই হউক কোন কার্য্য করিতেই আদেশ করিবেন না ॥ ২৯০ ॥

পুরুষ মাত্রেরই ভ্রান্তি একটি স্বাভাবিক ধর্ম্ম; সকল মনুষ্যেরই ভ্রান্তি হইয়া থাকে ; সেই ভ্রান্তির পক্ষে লেখ্য এক উত্তম প্রমাণ বিশেষ, অতএব যে রাজা লিপি ভিন্ন কোন আদেশ করেন এবং যে ভৃত্য লিপি ভিন্ন কোন রাজকার্য্য

রাজকৃত্য মুভৌ চৌরৌ তৌ ভৃত্যনৃপতী সদা।”
নৃপসংচিহ্নিতং লেখ্যং নৃপস্তন্ন নৃপো নৃপঃ ॥ ২৯২ ॥
সমুদ্রলিখিতং রাজ্ঞা লেখ্যং তচ্চোত্তমোত্তমম্।
উত্তমং রাজলিখিতং মধ্যং মন্ত্র্যাদিভিঃ কৃতম্ ॥
পৌরলেখ্যং কনিষ্ঠং স্যাৎ সর্ব্বং সংসাধনক্ষমম্ ॥ ২৯৩ ॥
যস্মিন্ যস্মিন্ হি কৃত্যে তু রাজ্ঞা যোঽধিকৃতো নরঃ।
সামাত্যযুবরাজাদি র্যথানুক্রমতশ্চ সঃ ॥ ২৯৪ ॥

তৌ ভৃত্যনৃপতী উভৌ হি নিশ্চিত মেব চৌরৌ ভবতঃ ॥ নৃপসংচিহ্নিতং রাজচিহ্নিতং যৎ লেখ্যং তদেব নৃপঃ কিন্তু নৃপঃ নৃপো ন ॥ ২৯১। ২৯২ ॥

যৎ লেখ্যং সমুদ্রলিখিতং মুদ্রয়াসহ রাজ্ঞা লিখিতং তৎ উত্তমোত্তমং অতিশয়োত্তমং। রাজ লিখিতং লেখ্যঞ্চ উত্তমং। মন্ত্র্যাদিভিঃ কৃতং লেখ্যং মধ্যং মধ্যমং। পৌরলেখ্যং পুরবাসিভিঃ লেখ্যং কনিষ্ঠং অধমং। কিন্তু সর্ব্বমেব লেখ্যং সংসাধনক্ষমং যোগ্যং স্যাৎ ॥ ২৯৩ ॥

যস্মিন্ যস্মিন্ কৃত্যে কার্য্যে সামাত্যযুবরাজাদিঃ আমাত্যেন সহ যুবরাজপ্রভৃতিঃ যো নবঃ রাজ্ঞা অধিকৃতঃ নিযুক্তঃ সঃ জনঃ যথানুক্রমতঃ যথাক্রমেণ দৈনিকং, মাসিকং,

---

সম্পাদন করে সেই রাজা ও ভৃত্য উভয়ই চোর ॥ রাজচিহ্নিত লেখ্যই রাজা কিন্তু রাজা রাজা নন ॥ ২৯১। ২৯২ ॥

যেই লিপি স্বনামাঙ্কিত মুদ্রার অর্থাৎ মোহরের সহিত রাজা স্বয়ং স্বাক্ষরিত করেন তাহাই অতি উত্তম। তদ্ভিন্ন মোহর ব্যতিরিক্ত রাজা যাহা স্বাক্ষর করেন তাহাও উত্তম। মন্ত্রীগণ যাহা স্বাক্ষর করেন তাহা মধ্যম। এবং পুরবাসী অন্যান্য ব্যক্তিগণ যাহা স্বাক্ষর করেন তাহা অধম। কিন্তু সকল প্রকার লেখ্যই কার্য্যসাধন করিতে স্বক্ষম হয় ॥ ২৯৩ ॥

অমাত্যগণের সহিত যুবরাজ পর্য্যন্ত যিনি যিনি যে যে কার্য্যে রাজাকর্তৃক নিযুক্ত হয়েন তাহারা যথাক্রমে প্রথমতঃ দৈনিক কার্য্যের লিপি (রোজনামা), তদনন্তর মাসিক কার্য্যের লিপি (মাসকাবার), তদনন্তর বার্ষিক কার্য্যের লিপি

দৈনিকং মাসিকং বৃত্তং বার্ষিকং বহুবার্ষিকম্।
তৎকার্য্যজাতলেখ্যন্তু রাজ্ঞে সম্যঙ্ নিবেদয়েৎ॥ ২৯৫॥
রাজাদ্যঙ্কিতলেখ্যস্য ধারয়েৎ স্মৃতিপত্রকম্।
কালেঽতীতে বিস্মৃতির্ব্বা ভ্রান্তিঃ সঞ্জায়তে নৃণাম্॥ ২৯৬॥
অনুভূতস্য স্মৃত্যর্থং লিখিতং নির্ম্মিতং পুরা।
যত্নাচ্চ ব্রহ্মণা বাচাং বর্ণস্বরবিচিহ্নিতম্॥ ২৯৭॥
বৃত্তলেখ্যং তথাচায়ব্যয়লেখ্য মিতি দ্বিধা।
ব্যবহারক্রিয়াভেদাদুভয়ং বহুতাং গতম্॥ ২৯৮॥

বার্ষিকং, বহুবার্ষিকঞ্চ যৎ বৃত্তং বিবরণং তস্য বিরণস্য কার্য্যজাতলেখ্যং রাজ্ঞে সম্যক্ প্রকারেণ নিবেদয়েৎ জ্ঞাপয়েৎ॥ ২৯৪। ২৯৫॥

রাজাদিভিঃ অঙ্কিতস্য চিহ্নিতস্য লেখ্যস্য স্মৃতিপত্রকং স্মরণার্থলিপিং ধারয়েৎ রক্ষয়েৎ। যতঃ কালে অতীতে সতি নৃণাং বিস্মৃতিঃ বা ভ্রান্তিঃ সংজায়তে॥ ২৯৬॥

পুরা পূর্ব্বস্মিন্ কালে ব্রহ্মণা বিধাত্রা অনুভূতস্য বৃত্তস্য স্মৃত্যর্থং স্মরণার্থং যত্নাৎ বাচাং বাক্যানাং বর্ণস্বরবিচিহ্নিতং বর্ণৈঃ ককারাদ্যক্ষরৈঃ স্বরৈশ্চ বিচিহ্নিতং বিশেষণ অঙ্কিতং লিখিতং নির্ম্মিতং॥ ২৯৭॥

লেখ্যং দ্বিধা দ্বিবিধং বৃত্তলেখ্যং তথা আয়ব্যয়লেখ্যঞ্চ। ব্যবহারক্রিয়াভেদাৎ উভয়ং হি বহুতাং গতং প্রাপ্তং॥ ২৯৮॥

(শালতমামী) এবং বহুবার্ষিক আরম্ভাবধি পরিসমাপ্তি পর্য্যন্ত কার্য্যের লিপি (নিকাশ প্রভৃতি) রাজাকে পরিজ্ঞাত করিবেন॥ ২৯৪। ২৯৫॥

যে লিপি দ্বারা পূর্ব্ববৃত্তান্ত স্মরণ হয় তাহাতে রাজা প্রভৃতির স্বাক্ষর করিয়া রাখিবে, যেহেতু বহুকাল অতীত হইলে মনুষ্য মাত্রেরই ভ্রান্তি অথবা বিস্মৃতি হইয়া থাকে॥ ২৯৬॥

পূর্ব্বকালে ভগবান্ ব্রহ্মা যাহা অনুমান করিয়া জানিতে হয় সেই সকল বিষয়ের স্মরণার্থে ককারাদিব্যঞ্জনবর্ণ এবং স্বর এই উভয় রূপ চিহ্ন দ্বারা বাক্যের লিপি অর্থাৎ চিত্র নির্ম্মিত করিয়া রাখিয়াছেন॥ ২৯৭॥

সেই লিপি দুই প্রকার, বৃত্তান্ত ঘটিত লিপি এবং আয় ব্যয় ঘটিত লিপি। কিন্তু সেই দ্বিবিধ প্রকার লিপিই ব্যবহার ও ক্রিয়ার ভেদেতে বহু প্রকার হইয়াছে॥ ২৯৮॥

যথোপন্যস্তসাধ্যার্থসংযুক্তং সোত্তরক্রিয়ম্ ।
সাবধারণকঞ্চৈব জয়পত্রক মুচ্যতে ॥ ২৯৯ ॥
সামন্তেষ্বথ ভৃত্যেষু রাষ্ট্রপালাদিকেষু যৎ ।
কার্য্যমাদিশ্যতে যেন তদাজ্ঞাপত্র 'মুচ্যতে ॥ ৩০০ ॥
ঋত্বিক্‌পুরোহিতাচার্য্য মন্যেষ্বভ্যর্চ্চিতেষু চ ।
কার্য্যং নিবেদ্যতে যেন পত্রং প্রজ্ঞাপনায় তৎ ॥ ৩০১ ॥
সর্ব্বে শৃণুত কর্ত্তব্য মাজ্ঞয়া মম নিশ্চিতম্ ।
স্বহস্তকালসম্পন্নং শাসনং পত্রমেব তৎ ॥ ৩০২ ॥

যথোপন্যস্তেন যথাযুক্তেন সাধ্যেন অর্থেন চ সংযুক্তং সোত্তরক্রিয়ং পশ্চাৎ ক্রিয়া সহিতং যৎ লেখ্যং তৎ জয়পত্রকং উচ্যতে কথ্যতে ॥ ২৯৯ ॥

সামন্তেষু অধীনস্থনৃপেষু অথবা রাষ্ট্রপালাদিকেষু রাজ্যরক্ষকাদিষু ভৃত্যেষু যৎ কার্য্যং যেন লেখ্যেন আদিশ্যতে তৎ আজ্ঞাপত্রং উচ্যতে ॥ ৩০০ ॥

যেন লিখোন ঋত্বিক্‌পুরোহিতাচার্য্যং প্রতি অন্যেষু অভ্যর্চ্চিতেষু চ কার্য্যং নিবেদ্যতে তৎ প্রজ্ঞাপনায় পত্রং বিজ্ঞাপনপত্রমিতি ভাবঃ ॥ ৩০১ ॥

সর্ব্বে যূয়ং শৃণুত মম আজ্ঞয়া যৎ স্বহস্তেন কালেন চ সম্পন্নং তৎ নিশ্চিতং কর্ত্তব্যং ইতি শাসনং পত্রং উচ্যতে ॥ ৩০২ ॥

যে সময়ে যে কার্য্য উপস্থিত হইবে তাহা যথাসাধ্য ক্ষমতা ও অর্থের দ্বারা সম্পন্ন করিবার অঙ্গীকৃত পত্রের নাম জয়পত্র বলিয়া উক্ত হয় ॥ ২৯৯ ॥

অধীনস্থ নৃপতিগণ ও রাজ্যাদি রক্ষাকরিবার ক্ষমতা প্রাপ্ত কর্ম্মচারীগণের প্রতি যদ্দারা আদেশ করা যায় তাহার নাম আজ্ঞাপত্র ॥ ৩০০ ॥

ঋত্বিক্ পুরোহিত আচার্য্য এবং অন্যান্য পূজনীয়গণের প্রতি যদ্দারা আবেদন করা হয় তাহার নাম বিজ্ঞাপন পত্র ॥ ৩০১ ॥

তোমরা সকলে শ্রুত হও আমি যে সময়ে যাহাকে যে কার্য্য করিতে অনুমতি করিব তৎক্ষণাৎ তাহা সম্পাদন করিবে, এইরূপ লিখিত পত্রের নাম শাসন পত্র কথিত হয় ॥ ৩০২ ॥

দেশাদিকং যস্য রাজা লিখিতেন প্রযচ্ছতি।
সেবাশৌর্য্যাদিভিস্তুষ্টঃ প্রসাদলিখিতং হি তৎ ॥ ৩০৩ ॥
ভোগপত্রন্তু করদীকৃতং চোপায়নীকৃতম্।
পুরুষাবধিকং তত্তু কালাবধিকমেব বা ॥ ৩০৪ ॥
বিভক্তা যে চ ভ্রাত্রাদ্যাঃ স্বরুচ্যা তু পরস্পরম্।
বিভাগপত্রং কুর্ব্বন্তি ভাগলেখ্যং তদুচ্যতে ॥ ৩০৫ ॥

রাজা সেবাভিঃ শৌর্য্যাদিভিশ্চ তুষ্টঃ সন্ যস্য লেখ্যস্য লিখিতেন দেশাদিকং প্রযচ্ছতি প্রসাদয়তি তৎ প্রসাদলিখিতং ॥ ৩০৩ ॥

ত্বয়া এতৎ ভুজ্যতাং ইতি কৃত্বা যৎ লেখ্যং দীয়তে তৎ ভোগপত্রং। অস্য এতৎ রাজস্বং ইতি কৃত্বা যৎ দীয়তে তৎ করদীকৃতং করদপত্রমিত্যর্থঃ। যৎ উপঢৌকনং গৃহিত্বা দীয়তে তৎ উপায়নী কৃতং। যৎ এতৎ পুরুষাবধি দীয়তে তৎ পুরুষাবধিকং। যচ্চ এতৎ কালাবধি দীয়তে তৎ কালাবধিকং পত্রং উচ্যতে ইতি শেষঃ ॥ ৩০৪ ॥

যেচ ভ্রাত্রাদ্যাঃ ভ্রাতৃপ্রভৃতয়ঃ স্বরুচ্যা স্বেচ্ছয়া বিভক্তাঃ সন্তঃ পরস্পরং বিভাগপত্রং কুর্ব্বন্তি তৎ ভাগলেখ্যং উচ্যতে ॥ ৩০৫ ॥

রাজা সেবাপ্রভৃতি কার্য্য অথবা যুদ্ধাদি কার্য্যদ্বারা সন্তুষ্ট হইয়া যে পত্রের লিপির দ্বারা দেশ ও নগর প্রভৃতি পারিতোষিক প্রদান করেন তাহার নাম প্রসাদ লিপি ॥ ৩০৩ ॥

তুমি ইহা ভোগকর এইরূপ উল্লেখ করিয়া যে পত্র প্রদান করেন তাহার নাম ভোগ পত্র। এই ভূমির এই রাজস্ব এইরূপে করের অবধারণ করিয়া যে পত্র প্রদান করেন তাহার নাম করদ পত্র। উপঢৌকন (পণ, নজর) গ্রহণ করিয়া যে পত্র প্রদান করেন তাহার নাম উপায়ন পত্র। এক পুরুষ কি দুই পুরুষ ইত্যাদি পুত্র পৌত্রাদি উল্লেখ থাকিয়া যে পত্র লিখিত হয় তাহার নাম পুরুষাবধিক (মৌরসী পাট্টা ইত্যাদি) পত্র। এবং এক বৎসর কিম্বা দুই বৎসর এই রূপ কালের উল্লেখ থাকিয়া যে পত্র লিখিত হয় তাহার নাম কালাবধিক (মেয়াদী পাট্টা ইত্যাদি) পত্র বলিয়া উক্ত হইয়া থাকে ॥ ৩০৪ ॥

ভ্রাতা প্রভৃতি পৃথক্ হইয়া ইচ্ছা পূর্ব্বক পরস্পর যে বিভাগ পত্র করেন তাহার নাম ভাগপত্র উক্ত হয় ॥ ৩০৫ ॥

গৃহভূম্যাদিকং দত্ত্বা পত্রং কুর্য্যাৎ প্রকাশকম্ ॥
অনুচ্ছেদ্য মনাহার্য্যং দানলেখ্যং তদুচ্যতে ॥ ৩০৬ ॥
গৃহক্ষেত্রাদিকং ক্রীত্বা তুল্যমূল্যপ্রমাণযুক্ ।
পত্রং কারয়তে যত্তু ক্রয়লেখ্যং তদুচ্যতে ॥ ৩০৭ ॥
জঙ্গমস্থাবরং বন্ধং কৃত্বা লেখ্যং করোতি যৎ ।
গোপ্যভোগ্যক্রিয়াযুক্তং সাদিলেখ্যং তদুচ্যতে ॥ ৩০৮ ॥
গ্রামো দেশশ্চ যৎ কুর্য্যাৎ সত্যলেখ্যং পরস্পরম্ ।
রাজা বিরোধিধর্ম্মার্থং সম্বিৎপত্রং তদুচ্যতে ॥ ৩০৯ ॥

গৃহং ভূম্যাদিকঞ্চ দত্ত্বা যৎ অনুচ্ছেদ্যং অখণ্ডনীয়ং, অনাহার্য্যং অনুরোধরহিতং, প্রকাশকং লোকসমক্ষং পত্রং কুর্য্যাৎ তৎ দানলেখ্যং উচ্যতে ॥ ৩০৬ ॥

গৃহক্ষেত্রাদিকং ক্রীত্বা ক্রয়ং কৃত্বা তুল্যমূল্যেন প্রমাণেন চ যুক্ যুক্তং যৎ পত্রং কারয়তে তৎ ক্রয়লেখ্যং উচ্যতে ॥ ৩০৭ ॥

জঙ্গমং স্বর্ণরজতাদিকং, স্থাবরং গৃহভূম্যাদিকং বন্ধং কৃত্বা যৎ গোপ্যভোগ্যক্রিয়া যুক্তং গোপ্যেনে গোপনেন ভোগ্যা যা ক্রিয়া শৃঙ্গারাদিঃ তয়া যুক্তং যৎ লেখ্যং করোতি তৎ সাদিলেখ্যং পাণিগ্রহণপত্রং উচ্যতে ॥ ৩০৮ ॥

গ্রামঃ জনপদঃ, দেশঃ বহুজনপদবিশিষ্টভূভাগশ্চ পরস্পরং রাজবিরোধিধর্ম্মার্থং রাজবিরুদ্ধনিয়মরক্ষণায় যৎ সত্যলেখ্যং কুর্য্যাৎ তৎ সম্বিৎপত্রং উচ্যতে ॥ ৩০৯ ॥

গৃহ এবং ভূমি প্রভৃতি দান করিয়া অনুরোধ ব্যতীত অখণ্ডনীয়ভাবে লোকের সমক্ষে যে পত্র করা হয় তাহার নাম দানপত্র বলিয়া উক্ত হয়॥ ৩০৬॥

গৃহ এবং ক্ষেত্রাদি ক্রয় করিয়া তাহার পরিমিত মূল্য ও প্রমাণের সহিত যুক্তভাবে যে পত্র করা হয় তাহার নাম ক্রয় পত্র ॥ ৩০৭ ॥

গৃহ ও ভুমি প্রভৃতি স্থাবর এবং স্বর্ণ ও রত্ন প্রভৃতি অস্থাবর বস্তু গচ্ছিত করিয়া শৃঙ্গারাদি ক্রিয়ার সহিত যুক্তভাবে যে পত্র লিখিত হয় তাহার নাম সাদি (পাণিগ্রহণ) পত্র বলিয়া কথিত হয় ॥ ৩০৮ ॥

রাজার বিরুদ্ধ যে সকল নিয়ম তাহা রক্ষা করিবার জন্যে গ্রাম এবং দেশ কর্ত্তৃক পরস্পর যে সত্য লিখিত হয় তাহার নাম সম্বিৎপত্র ॥ ৩০৯ ॥

বৃদ্ধ্যৈ ধনং গৃহীত্বা তু কৃতং বা কারিতঞ্চ যৎ।
সুসাক্ষিমচ্চ তৎ প্রোক্তমৃণলেখ্যং মনীষিভিঃ ॥ ৩১০ ॥
অভিশাপে সমুত্তীর্ণে প্রায়শ্চিত্তে কৃতে বুধৈঃ।
দত্তলেখ্যং সাক্ষিমদ্যচ্ছুদ্ধিপত্রং তদুচ্যতে ॥ ৩১১ ॥
মেলয়িত্বা স্বধনাংশান্ ব্যবহারায় সাধকাঃ।
কুর্ব্বন্তি লেখ্যপত্রং যৎ তচ্চ সাময়িকং স্মৃতম্ ॥ ৩১২ ॥
সভ্যাধিকারিপ্রকৃতিসভাসদ্ভির্ন যৎ কৃতম্।
তৎপত্রং বাদিমান্যং চেৎ জ্ঞেয়ং সম্মতিসঙ্গিকম্ ॥ ৩১৩ ॥

বৃদ্ধ্যৈ বৃদ্ধিহেতবে ধনং গৃহীত্বা সুসাক্ষিমৎ শোভনপ্রমাণবিশিষ্টং যৎ লেখ্যং কৃতং কারিতং বা তৎ ঋণলেখ্যং মনীষিভিঃ পণ্ডিতৈঃ প্রোক্তং কথিতং ॥ ৩১০ ॥

অভিশাপে অপবাদে, সমুত্তীর্ণে মুক্তে, প্রায়শ্চিত্তে কৃতে সতি বুধৈঃ পণ্ডিতৈঃ যৎ লেখ্যং দত্তং তৎশুদ্ধিপত্রং উচ্যতে ॥ ৩১১ ॥

সাধকাঃ ব্যবসায়িনঃ ব্যবহারায় স্বধনাংশান্ স্বকীয়স্য ধনস্য অংশান্ মেলয়িত্বা মিশ্রয়িত্বা যৎ লৈখ্যপত্রং কুর্ব্বন্তি তৎ সাময়িকং পত্রং স্মৃতং ॥ ৩১২ ॥

সভ্যৈঃ অধিকারিভিঃ প্রকৃতিভিঃ সভাসদ্ভিশ্চ ন যৎ কৃতং, তৎ পত্রং চেৎযদি বাদিমান্যং বাদিভিঃ প্রতিপক্ষৈঃ মান্যং গ্রাহ্যং স্যাৎ তদা তৎ সম্মতিসঙ্গিকং সম্মতিপত্রং জ্ঞেয়ং ॥ ৩১৩ ॥

পরিমিত ধনের অধিক দিব এইরূপ বৃদ্ধির অঙ্গীকারে ধনগ্রহণ করিয়া উত্তম প্রমাণের সহিত যে পত্র লিখিত হয় তাহার নাম ঋণ পত্র ॥ ৩১০ ॥

অপবাদ প্রভৃতি হইতে উত্তীর্ণ হইবার জন্যে প্রায়শ্চিত্ত করিবার বিষয়ে পণ্ডিতগণ কর্ত্তৃক যে পত্র লিখিত হয় তাহার নাম শুদ্ধিপত্র বলিয়া উক্ত হইয়া থাকে ॥ ৩১১ ॥

স্বীয় স্বীয় ধনের অংশ সকল মিশ্রিত করিয়া ব্যবসায় করিবার জন্যে ব্যবসায়ীগণ কর্ত্তৃক যে পত্র লিখিত হয় তাহার নাম সাময়িকপত্র ॥ ৩১২ ॥

সভ্যগণ, কর্ম্মচারীগণ, অমাত্যগণ এবং সভাসদ্গণ কর্ত্তৃক না হইয়া স্বপক্ষ কর্ত্তৃক প্রতিপক্ষের অভিপ্রায় সিদ্ধ যে পত্র লিখিত হয় তাহার নাম সম্মতি (রাজিনামা) পত্র ॥ ৩১৩ ॥

স্বকীয়বৃত্তজ্ঞানার্থং লিখ্যতে যৎ পরস্পরম্।
শ্রীমঙ্গলপদাঢ্যং বা সপূর্ব্বোত্তরপক্ষকম্ ॥ ৩১৪ ॥
অসন্দিগ্ধমগূঢ়ার্থং স্পষ্টাক্ষরপদং সদা।
অন্যব্যাবর্ত্তকস্বাত্মপরমিত্রাদিনামযুক্ ॥ ৩১৫ ॥
একদ্বিবহুবচনৈ র্যথার্হস্তুতিসংযুতং।
সমামাসতদর্দ্ধাহনামজাত্যাদিচিহ্নিতম্ ॥ ৩১৬ ॥
কার্য্যবোধিসুসম্বন্ধং নত্যাশীর্ব্বাদপূর্ব্বকম্।
স্বাম্যসেবকসেব্যার্থং ক্ষেমপত্রন্তু তৎস্মৃতম্ ॥ ৩১৭ ॥

স্বকীয়বৃত্তজ্ঞানার্থং নিজবৃত্তান্তবোধনায়, শ্রীমঙ্গলপদাঢ্যং শ্রীমঙ্গলপদেন শ্রীনাম্না আঢ্যং যুক্তং, সপূর্ব্বোত্তরপক্ষকং পূর্ব্বপক্ষপরপক্ষসহিতং অসন্দিগ্ধং সন্দেহরহিতং, অগূঢ়ার্থং সরলার্থং স্পষ্টাক্ষরপদং স্পষ্টং অক্ষরং পদঞ্চ যত্র তথা ভূতং, অন্যস্য ব্যাবর্ত্তকৈঃ স্বাত্মনঃ পরস্য চ মিত্রাদিনামভিঃ যুক্ যুক্তং, একবচনৈঃ দ্বিবচনৈঃ বহুবচনৈর্ব্বা যথার্হয়া স্তুত্যা সংযুতং, সমামাসতদর্দ্ধাহনামজত্যাদিচিহ্নিতম্ সমাভিঃ বৎসরৈঃ মাসৈঃ তদর্দ্ধৈ পক্ষৈঃ অহোভিঃ দিনৈঃ নামজাত্যাদিভিশ্চ চিহ্নিতং কার্য্যবোধি কার্য্যজ্ঞাপকং, সুসম্বন্ধং সুসঙ্গতং নত্যাশীর্ব্বাদপূর্ব্বকং, নতিঃ প্রণতিঃ আশীর্ব্বাদশ্চ পূর্ব্বস্মিন্ যস্য তথাভূতং, স্বাম্যসেবক-সেব্যার্থং প্রভুভৃত্যসেবিতার্থযুক্তং যৎপরস্পরং লিখ্যতে তৎক্ষেমপত্রং মঙ্গলপত্রং স্মৃতং কথিতং ॥ ৩১৪। ৩১৫। ৩১৬। ৩১৭ ॥

নিজ নিজ বৃত্তান্ত পরিজ্ঞাত হইবার জন্যে শ্রীমঙ্গলের (শ্রীনামার) সহিত পূর্ব্বাপর সঙ্গতি পূর্ব্বক সন্দেহরহিত সরলার্থযুক্ত স্পষ্টাক্ষরে পদবিন্যাস করিয়া অন্যের প্রতি লক্ষ্য না হয় এইজন্যে আপনার পিতা, কি পিতৃব্য, অথবা ভ্রাতা ইত্যাদি রূপ সংজ্ঞাবিশিষ্ট একবচন, বা দ্বিবচন, অথবা বহুবচনের দ্বারা যে যেমন ব্যক্তি তদনুসারে স্তুতিবাদ পূর্ব্বক বৎসর, মাস, পক্ষ এবং দিন প্রভৃতির উল্লেখ রাখিয়া প্রভু কিম্বা ভৃত্যাদির সম্বন্ধানুসারে প্রণতি পূর্ব্বক বা আশীর্ব্বাদ পূর্ব্বক পরস্পরের যে প্রয়োজনবার্ত্তা পরিজ্ঞাপক পত্র লিখিত হয় তাহার নাম মঙ্গল পত্র ॥ ৩১৪। ৩১৫। ৩১৬। ৩১৭

এভিরেব গুণৈর্যুক্তং স্বাধর্ষকবিবোধকম্।
ভাষাপত্রন্তু তজ্জ্ঞেয় মথবা বেদনার্থকম্॥ ৩১৮॥
প্রদর্শিতং বৃত্তলেখ্যং সমাসাল্লক্ষণান্বিতম্।
সমাসাৎ কথ্যতে চান্যৎ শেষায়ব্যয়বোধকম্॥ ৩১৯॥
ব্যাপ্যব্যাপকভেদৈশ্চ মূল্যমানাদিভিঃ পৃথক্।
বিশিষ্টসংজ্ঞিতৈস্তদ্ধি যথার্থৈর্ব্বহুভেদযুক্॥ ৩২০॥
বৎসরে বৎসরে বাপি মাসি মাসি দিনে দিনে।
হিরণ্যপশুধান্যাদি স্বাধীন ন্ত্বায়সংজ্ঞকম্।
পরাধীনং কৃতং যত্তু ব্যয়সংজ্ঞং ধনঞ্চ তৎ॥ ৩২১॥

এভিরেব উক্তপত্রীয়ৈরেব গুণৈঃ বর্ণনৈঃ যুক্তং স্বস্য নিজস্য আধর্ষকস্য পীড়কস্য বিবোধকং বিশেষেণ জ্ঞাপকং যৎ লেখ্যং তৎ ভাষাপত্রং অভিযোগপত্রং অথবা বেদনার্থকং (আবেদনপত্র মিত্যর্থঃ) জ্ঞেয়ং॥ ৩১৮॥

সমাসাৎ সংক্ষেপাৎ লক্ষণান্বিতং লক্ষণযুক্তং বৃত্তলেখ্যং প্রদর্শিতং। অধুনা অন্যৎ শেষায়ব্যয়বোধকং শেষং অবশিষ্টং আয়ঃ ব্যয়শ্চ তেষাং বোধকং লেখ্যং সমাসাৎ কথ্যতে॥ ৩১৯॥

তৎ শেষায়ব্যয়পত্রং ব্যাপ্যানাং অল্পবিষয়ানাং ব্যাপকানাং বহুবিষয়ানাং ভেদৈঃ বিশিষ্টসঙ্গিতৈঃ যথার্থৈঃ মূল্যমানাদিভিঃ পৃথক্ বহুভেদযুক্ বিবিধপ্রকারং ভবতি॥ ৩২০॥

হিরণ্যপশুধান্যাদি কাঞ্চনগোধান্যপ্রভৃতি যৎ স্বাধীনং নিজায়ত্তং ধনং তদেব আয়সংজ্ঞকং। যত্তু ধনং পরাধীনং কৃতং তৎ ব্যয়সংজ্ঞং ভবতি॥ ৩২১॥

এইরূপ বর্ণনার সহিত আপনাকে ক্লেশদায়ক ব্যক্তির বিবরণ যদ্দ্বারা পরিজ্ঞাত করা হয় তাহার নাম অভিযোগ (দরখাস্ত) অথবা আবেদন পত্র বলিয়া কথিত হয়॥ ৩১৮॥

সংক্ষেপেতে লক্ষণের সহিত বৃত্তান্তপত্র পরিদর্শিত হইল। এইক্ষণ অবশিষ্ট আয় ব্যয় বোধকপত্র সংক্ষেপেতে কথিত হইতেছে॥ ৩১৯॥

সেই আয়ব্যয় পত্র সংক্ষেপ ও বিস্তারিত রূপেতে বিশেষ বিশেষ নাম এবং মূল্য ও পরিমাণাদির দ্বারা বিবিধ প্রকার হইয়া থাকে॥ ৩২০॥

স্বর্ণ, গো এবং ধান্য প্রভৃতি যে সকল ধন স্বাধীন হয় তাহার নাম আয়। আর যাহা পরাধীন হয় তাহার নাম ব্যয় বলিয়া উক্ত হয়॥ ৩২১॥

সাদ্যস্কশ্চৈব প্রাচীন আয়ঃ সঞ্চিতসংজ্ঞকঃ।
ব্যয়ো দ্বিধা চোপভুক্ত স্তথা বিনিময়াত্মকঃ॥ ৩২২॥
নিশ্চিতান্যস্বামিকঞ্চানিশ্চিতস্বামিকস্তথা।
স্বস্বত্বনিশ্চিতঞ্চেতি ত্রিবিধং সঞ্চিতং মতম্॥ ৩২৩॥
নিশ্চিতান্যস্বামিকং যদ্ধনস্তু ত্রিবিধং হি তৎ।
ঔপনিধ্যং যাচিতক মৌত্তমর্ণিক মেব চ॥ ৩২৪॥
বিস্রম্ভান্নিহিতং সদ্ভি র্যদৌপনিধিকং হি তৎ।
অবৃদ্ধিকং গৃহীতান্যালঙ্কারাদি চ যাচিতম্॥ ৩২৫॥

আয়ঃ সাদ্যস্কঃ সদ্যোভবঃ তথা সঞ্চিতসঙ্গকঃ প্রাচীনশ্চ। ব্যয়শ্চ দ্বিধা উপভুক্তঃ তথা বিনিময়াত্মকঃ স্যাৎ॥ ৩২২॥

সঞ্চিতং আয়ঃ ত্রিবিধং নিশ্চিতান্যস্বামিকং অনিশ্চিতান্যস্বামিকং তথা স্বস্বত্বনিশ্চিতঞ্চ ইতি মতং জ্ঞেয়ং॥ ৩২৩॥

নিশ্চিতান্যস্বামিকং যৎ-ধনং তৎ হি ত্রিবিধং ঔপনিধ্যং, যাচিতং ঔত্তমর্ণিকঞ্চ॥ ৩২৪॥

বিস্রম্ভাৎ বিশ্বাসাৎ সদ্ভিঃ সাধুভিঃ যৎধনং নিহিতং গচ্ছিতং তৎ হি ঔপনিধিকং। যচ্চ অবৃদ্ধিকং বৃদ্ধিং বিনা গৃহীতং তথা অন্যৎ অলঙ্কারাদি তৎ যাচিতং॥ ৩২৫॥

আয় দুই প্রকার সদ্যোজাত এবং প্রাচীন; আর ব্যয়ও দুই প্রকার উপভুক্ত এবং বিনিময়॥ ৩২২॥

এই দুই প্রকার আয়ের মধ্যে প্রাচীন আয় বলিয়া যাহা উক্ত হইল তাহারই নাম সঞ্চিত; সেই সঞ্চিত আয় তিন প্রকারে বিভক্ত হয়, নিশ্চতান্যস্বামিক, অনিশ্চিতান্যস্বামিক, এবং স্বস্বত্বনিশ্চিত॥ ৩২৩॥

নিশ্চিতান্যস্বামিকও তিনি প্রকার, ঔপনিধ্য, যাচিত এবং ঔত্তমর্ণিক বলিয়া উক্ত হয়॥ ৩২৪॥

বিশ্বাস পূর্ব্বক সাধুগণ যে ধনকে গচ্ছিত (আগানত) রাখে তাহার নাম ঔপনিধ্য। বৃদ্ধি ব্যতিরেকে যে ধন প্রার্থনা পূর্ব্বক গ্রহণ করে (হাওলাত) তাহা এবং অলঙ্কারাদির নাম যাচিত॥ ৩২৫॥

সবৃদ্ধিকং গৃহীতং যদৃণং তচ্চৌত্তমর্ণিকম্।
নিধ্যাদিকঞ্চ মার্গাদৌ প্রাপ্তমজ্ঞাতস্বামিকম্॥ ৩২৬॥
সাহজিকঞ্চাধিকঞ্চ দ্বিধা স্বত্ববিনিশ্চিতম্॥ ৩২৭॥
উৎপদ্যতে যো নিয়তো দিনে মাসি চ বৎসরে।
আয়ঃ সাহজিকঃ সবৈ দায়াদ্যশ্চ স্ববৃত্তিতঃ॥ ৩২৮॥
দায়ঃ পরিগ্রহো যত্তু প্রকৃষ্টং তৎস্বভাবজম্।
মৌল্যাধিক্যং কুসীদঞ্চ গৃহীতং যাজনাদিভিঃ॥ ৩২৯॥
পারিতোষ্যং ভৃতিপ্রাপ্তং বিজিতাদ্যং ধনঞ্চ যৎ।
স্বস্বত্বেঽধিকসংজ্ঞং তদন্যৎ সাহজিকং স্মৃতম্॥ ৩৩০॥

সবৃদ্ধিকং বৃদ্ধ্যাসহিতং যৎ ঋণং গৃহীতং তৎ ঔত্তমর্ণিকং। মার্গাদৌ যৎ নিধ্যাদিকং ধনং প্রাপ্তং তৎ অজ্ঞাতস্বামিকং॥ ৩২৬॥

স্বত্ববিনিশ্চিতং স্বস্বত্বনিশ্চিতং ধনং দ্বিধা সাহজিকং অধিকঞ্চ॥ ৩২৭॥

যঃ আয়ঃ দিনে মাসি বৎসরে চ দায়াৎ পৈতৃকাৎ ধনাৎ স্ববৃত্তিতঃ স্বব্যবসায়াচ্চ নিয়তঃ উৎপদ্যতে সএব সাহজিকঃ॥ ৩২৮॥

যচ্চ ধনং দায়ঃ পৈতৃকলব্ধঃ তথা পরিগ্রহঃ দানাদিভির্লব্ধঃ তৎ এব প্রকৃষ্টং উত্তমং স্বভাবজং সাহজিকং। মৌল্যাধিক্যং যথার্থমূল্যাৎ অধিকত্বেন লব্ধং, কুসীদং বৃদ্ধ্যাপ্রাপ্তং, যাজনাদিভিঃ গৃহীতং, পারিতোষ্যং পুরস্কাররূপেণ লব্ধং, ভৃতিপ্রাপ্তং বেতন লব্ধং, তথা বিজিতং যুদ্ধাদিভিঃ ক্রীড়াদিভিশ্চ লব্ধং, যদ্ধনং তৎ স্বস্বত্বে স্বস্বত্বনিশ্চিতে অধিকসংজ্ঞং অধিকনাম্না প্রসিদ্ধং তদন্যৎ সাহজিকং স্মৃতং॥ ৩২৯। ৩৩০॥

বৃদ্ধি দিব এইরূপ স্বীকার করিয়া যে ঋণাদি গ্রহণ করে (কর্জ্জ,) তাহার নাম ঔত্তমর্ণিক। এবং পন্থাদিতে নিধি প্রভৃতি প্রাপ্ত ধনের নাম অনিশ্চিত-স্বামিক বলিয়া উক্ত হয়॥ ৩২৬॥

স্বস্বত্বনিশ্চিত ধন দুই প্রকার সাহজিক ও অধিক॥ ৩২৭॥

যে আয় দিনে, মাসে এবং বৎসরে পৈতৃক ধন ও স্বকীয় ব্যবসায় হইতে নিয়ত উৎপন্ন হয় তাহার নাম সাহজিক আয়॥ ৩২৮॥

যে ধন পৈতৃক এবং দানাদি লব্ধ তাহাই উত্তম সাহজিক। উপযুক্ত মূল্য হইতে অধিক লব্ধ, কুসীদ (সুদ,) যাজনিক, পারিতোষিক, বেতন এবং যুদ্ধ ও ক্রীড়াদির দ্বারা লব্ধ যে ধন তাহা স্বস্বত্বের মধ্যে অধিক নামে প্রসিদ্ধ। তদন্য সমুদয়ই সাহজিক বলিয়া উক্ত হয়॥ ৩২৯। ৩৩০॥

পূর্ব্ববৎসরশেষঞ্চ বর্ত্তমানাব্দসম্ভবম্।
স্বাধীনং সঞ্চিতং দ্বেধা ধনং সর্ব্বং প্রকীর্ত্তিতম্॥ ৩৩১॥
দ্বৈধাধিকং সাহজিকং পার্থিবেতরভেদতঃ।
ভূমিভাগসমুদ্ভূত আয়ঃ পার্থিব উচ্যতে॥ ৩৩২॥
স দেবকৃত্রিমজলৈ দেশগ্রামপুরৈঃ পৃথক্।
বহুমধ্যাল্পফলতো ভিদ্যতে ভূবিভাগতঃ॥ ৩৩৩॥
শুল্কদণ্ডাকরকরভাটকোপায়নাদিভিঃ।
ইতরঃ কীর্ত্তিত স্তজ্জ্ঞৈ রায়ো লেখবিশারদৈঃ॥ ৩৩৪॥

স্বাধীনং সঞ্চিতং সর্ব্বং ধনং এবং দ্বেধা দ্বিবিধং প্রকীর্ত্তিতং, পূর্ব্ববৎসরশেষং বর্ত্তমানাব্দসম্ভবঞ্চ॥ ৩৩১॥

অধিকং সাহজিকঞ্চ পার্থিবেতরভেদতঃ দ্বিধা দ্বিবিধং পার্থিবং ইতরঞ্চ। ভূমিভাগ সমুদ্ভূতঃ আয়ঃ পার্থিব উচ্যতে॥ ৩৩২॥

সঃ পার্থিবঃ আয়ঃ দেবকৃত্রিমজলৈঃ দেবৈঃ দেবত্বাদিভিঃ কৃত্রিমৈঃ কল্পিতৈঃ, জলৈঃ, দেশৈঃ গ্রামৈঃ পুরৈশ্চ বহুমধ্যাল্পফলতঃ বহুভিঃ মধ্যমৈঃ অল্পৈশ্চ ফলৈঃ ভূবিভাগতঃ ভূমিবিভিন্নৈঃ পৃথক্ ভিদ্যতে ভেদং গচ্ছতি॥ ৩৩৩॥

শুল্কৈঃ, দণ্ডৈঃ, আকরৈঃ, করৈঃ, ভাটকৈঃ ভাড়েতি প্রসিদ্ধৈঃ, তথা উপায়নাদিভিঃ উপঢৌকনপ্রভৃতিভিঃ ইতরঃ আয়ঃ তজ্জ্ঞৈঃ লেখবিশারদৈঃ কীর্ত্তিতঃ কথিতঃ॥ ৩৩৪॥

স্বাধীন ও সঞ্চিত এই সকল ধনই দুই প্রকার উক্ত হয়, পূর্ব্ববৎসরের অবশিষ্ট এবং বর্ত্তমান বৎসরের উৎপন্ন॥ ৩৩১॥

আর, অধিক ও সাহজিক ধনও দুই প্রকারে বিভক্ত হয়। পার্থিব এবং ইতর। ভূমি সম্বন্ধীয় উৎপন্নের নাম পার্থিব বলিয়া উক্ত হয়॥ ৩৩২॥

সেই পার্থিব আয় দেব জলে বা মনুষ্য কল্পিত জলে পরিপালিত দেশ, গ্রাম, পুর, ইত্যাদি দ্বারা ভূমির বহু, মধ্যম এবং অল্প বিভাগানুসারে নানা প্রকারে বিভক্ত হয়॥ ৩৩৩॥

[illegible], দণ্ড, আকর, কর, ভাটক্ (ভাড়া), উপঢৌকন, ইত্যাদি দ্বারা লব্ধ [illegible] (বাজে) আয় বলিয়া আয় বেত্তা লিপি বিশারদ লেখকগণেরা উক্ত করিয়া থাকেন॥ ৩৩৪॥

যন্নিমিত্তো ভবেদায়ো ব্যয়স্তন্নামপূর্ব্বকঃ।
ব্যয়শ্চৈবং সমুদ্দিষ্টো ব্যাপ্যব্যাপকসংযুতঃ॥ ৩৩৫ ॥
পুনরাবর্ত্তকঃ স্বত্বনিবর্ত্তক ইতি দ্বিধা।
ব্যয়ো যন্নিধ্যুপনিধীকৃতো বিনিময়ীকৃতঃ।
সকুসীদাকুসীদাধমর্ণিকশ্চাবৃত্তঃ স্মৃতঃ॥ ৩৩৬ ॥
নিধি র্ভূমৌ বিনিহিতোঽন্যস্মিন্নুপনিধিঃ স্থিতঃ।
দত্তমূল্যাদিসংপ্রাপ্তঃ সবৈ বিনিময়ীকৃতঃ॥ ৩৩৭ ॥

আয়ঃ যন্নিমিত্তঃ যেন নিমিত্তেন ভবেৎ ব্যয়োঽপি তন্নামপূর্ব্বকঃ স্যাৎ। ব্যয়শ্চ এবং যন্নিমিত্তঃ স্যাৎ আয়শ্চ তন্নামপূর্ব্বক এব স্যাৎ কিন্তু ব্যাপ্যব্যাপকসংযুতঃ স আয়ঃ, ব্যয়শ্চঅল্পবহুভাবাপন্নঃ সমুদ্দিষ্টঃ কথিতঃ॥ ৩৩৫ ॥

স ব্যয়শ্চ দ্বিধা পুনরাবর্ত্তকঃ স্বত্বনিবর্ত্তকশ্চ। যঃ নিধীকৃতঃ, উপিনধীকৃতঃ, বিনিময়ীকৃতঃ, তথা সকুসীদঃ অকুসীদঃ, আধমার্ণিকশ্চ আবৃত্তঃ পুনরাবর্ত্তকঃ স্মৃতঃ কথিতঃ॥ ৩৩৬ ॥

যঃ ভূমৌ বিনিহিতঃ প্রোথিতঃ স নিধিঃ, যঃ অন্যস্মিন্ জনে স্থিতঃ গচ্ছিতঃ স উপনিধিঃ, যঃ দত্তেন মূল্যাদিনা সংপ্রাপ্তঃ স বিনিময়ীকৃতঃ পরিবর্ত্তিতঃ॥ ৩৩৭ ॥

যে নিমিত্তে আয় (জমা) লিখিত হয় ব্যয় (খরচ) ও সেই নাম নির্দ্দেশ করিয়াই লিখিত হইয়া থাকে। এবং ব্যয়ও যে নিমিত্তে লিখিত হয়, আয়ও সেই নাম নির্দ্দেশ করিয়াই লিখিত হইয়া থাকে। কিন্তু সেই আয় ও ব্যয়, অল্প এবং অধিক ভাবে পরিণত হয়॥ ৩৩৫ ॥

আয় যেমন দুই প্রকার উক্ত হইল ব্যয়ও দুই প্রকার; পুনরাবর্ত্তক ও স্বত্ব নিবর্ত্তক। যে ব্যয় নিধীকৃত, উপনিধীকৃত, বিনিময়ীকৃত, এবং সকুসীদ, ও অকুসীদরূপ* আধমর্ণিক হয় তাহার নাম পুনরাবর্ত্তক বলে॥ ৩৩৬ ॥

যে ধনকে মৃত্তিকাতে প্রোথিত করিয়া রাখা যায় তাহার নাম নিধি, যাহা অন্যের নিকট গচ্ছিতভাবে রাখা যায় তাহার নাম উপনিধি, এবং এক ধনের পরিবর্ত্তে অন্য ধন যাহা সংগ্রহ করা যায় তাহার নাম বিনিময়॥ ৩৩৭ ॥

* আধমর্ণিকের বিবরণ পরের শ্লোকে দ্রষ্টব্য।

বৃদ্ধ্যাঽবৃদ্ধ্যাচ যো দত্তঃ স বৈস্যাদাধমর্ণিকঃ।
সবৃদ্ধিক মৃণং দত্ত মকুসীদন্তু যাচিতম্॥ ৩৩৮॥
শেষং সংযোজয়েন্নিত্যং পুনরাবর্ত্তকো ব্যয়ঃ।
স্বত্বনিবর্ত্তকো দ্বেধা ঐহিকঃ পারলৌকিকঃ॥ ৩৩৯॥
প্রতিদানং পারিতোষ্যং বেতনং ভোগ্যমৈহিকঃ।
চতুর্ব্বিধ স্তথা পারলৌকিকোঽনন্তভেদভাক্॥ ৩৪০॥
মূল্যত্বেন চ যদ্দত্তং প্রতিদানং স্মৃতং হিতৎ।
সেবাশৌর্য্যাদিসন্তুষ্টৈ র্দত্তং তৎ পারিতোষিকম্॥ ৩৪১॥

যশ্চ বৃদ্ধ্যা অবৃদ্ধ্যাচ দত্তঃ স আধমার্ণিকঃ স্যাৎ। তত্র আধমর্ণিকে বৃদ্ধ্যা যৎ ঋণং দত্তং তৎ সকুসীদং, অবৃদ্ধ্যা যদ্দত্তং তৎযাচিতং॥ ৩৩৮॥

কিন্তু পুনরাবর্ত্তকঃ ব্যয়ঃ নিত্যং সততং শেষং সংযোজয়েৎ। স্বত্বনিবর্ত্তকস্তু দ্বেধা ঐহিকঃ পারলৌকিকশ্চ॥ ৩৩৯॥

তত্র স্বত্বনিবর্ত্তকে প্রতিদানং, পারিতোষ্যং, বেতনং, ভোগ্যঞ্চ ইতি চতুর্ব্বিধঃ ঐহিকঃ। পারলৌকিকশ্চ অনন্তভেদভাক্ বহুভাবাপন্নঃ স্যাৎ॥ ৩৪০॥

চৈত্যান্ চিতাসম্বন্ধীয়কাষ্ঠাদীন্, পূজ্যান্ পূজনীয়ান্, ধ্বজান্ পতকাঃ, আশস্তান্ প্রশস্তান্, ছায়াঃ, ভস্মানি, তুষান্, অশুচীন্, শর্করাঃ, লোষ্টান্, বলীন্, তথা স্নানভূমীশ্চ ন আক্রমেৎ ন অতিক্রমেৎ॥ ২৪॥

বাহুভ্যাং নদীং ন তরেৎ। স্কন্নং প্রজ্বলিতং অগ্নিং ন অভিব্রজেৎ ন সম্মুখং গচ্ছেৎ। তথা দুষ্টযানবৎ দূষিতবাহনবৎ সন্দিগ্ধনাবং সন্দেহযুক্তাং নৌকাং বৃক্ষঞ্চ ন আরোহেৎ॥ ২৫॥

নাসিকাং ন বিকৃষ্ণীয়াৎ বিশেষেণ আকর্ষেৎ। অকস্মাৎ কারণং বিনা ভুবং ন বিলিখেৎ। তথা সংহতাভ্যাং যুক্তাভ্যাং পাণিভ্যাং আত্মনঃ শিরঃ ন কণ্ডুয়েৎ॥ ২৬॥

যাহার যেমন শক্তি তদনুসারে বস্ত্রের দ্বারা, অন্নের দ্বারা, ভূষণের দ্বারা, স্নেহের দ্বারা এবং মধুর বাক্যের দ্বারা সর্ব্বদা নিকটে রাখিয়া স্ত্রী ও পুত্রগণকে রক্ষা করিবে॥ ২৩॥

চিতা সম্বন্ধীয় কাষ্ঠ প্রভৃতি, পূজনীয় ব্যক্তি, ধ্বজ, প্রশস্ত বস্তু, ছায়া, ভস্ম, তুষ, অপবিত্র দ্রব্য, শর্করা, লোষ্ট্র, পূজার উপকরণ, এবং স্নান ভূমি ইহাদিগকে লঙ্ঘন করিবে না॥ ২৪॥

বাহু যুগলের দ্বারা নদী সন্তরণ করিবে না। প্রজ্বলিত অগ্নির সম্মুখে গমন করিবে না। দুষ্ট ঘোটকাদিতে আরোহণ করিলে যেমন প্রাণ সংশয় হয় সেইরূপ সন্দিগ্ধ নৌকাতে কিম্বা সন্দিগ্ধ বৃক্ষেতেও আরোহণ করিবেনা॥ ২৫॥

নাসিকাকে অত্যন্ত উৎপীড়িত করিবে না। বিনা কারণে মৃত্তিকাতে লিখিবে না। এবং দুই হস্ত একত্রিত করিয়া মস্তক কণ্ডুয়ন করিবেনা॥ ২৬॥

নাঙ্গৈ শ্চেষ্টেত বিগুণং নাসীতোৎকটুক শ্চিরম্।
দেহবাক্‌চেতসাং চেষ্টাঃ প্রাক্‌শ্রমাদ্ বিনিবর্ত্তয়েৎ॥ ২৭॥
নোর্দ্ধজানু শ্চিরং তিষ্ঠে ন্নক্তং সেবেত ন দ্রুতম্।
তথা চত্বরচৈত্যং ন চতুষ্পথসুরালয়ান্॥ ২৮॥
শূন্যাটবীশূন্যগৃহশ্মশানানি দিবাপি ন।
সর্ব্বথেক্ষেত নাদিত্যং ন ভারং শিরসা বহেৎ॥ ২৯॥
নেক্ষেত সততং শূক্ষ্মং দীপ্তামেধ্যাপ্রিয়াণি চ॥ ৩০॥

অঙ্গৈঃ অবয়বৈঃ বিগুণং বিরুদ্ধং ন চেষ্টেত। উৎকটুকঃ উৎকণ্ঠিতঃ সন্ ন চিরং আসীত অবতিষ্ঠেৎ। তথা দেহানাং বাচাং চেতসাঞ্চ যাঃ চেষ্টাঃ তাঃ প্রাক্‌শ্রমাৎ পূর্ব্বং পরিশ্রমাৎ বিনিবর্ত্তয়েৎ॥ ২৭॥

ঊর্দ্ধজানুঃ উত্থিতজানুকঃ সন্ ন চিরং বহুক্ষণং তিষ্ঠেৎ, নক্তং রাত্রৌ দ্রুমং বৃক্ষং তথা চত্বরচৈত্যং চত্বরং, চৈত্যং চিতাস্থানং, চতুষ্পথ সুরালয়ান্ চতুষ্পথঃ সুরালয়ান্ চ ন সেবেত॥ ২৮॥

শূন্যাটবীং শূন্যকাননং, শূন্যগৃহং, শ্মশানানিচ দিবাপি ন সেবেত ইতি পূর্ব্বশ্লোকে-নান্বয়ঃ। সর্ব্বথা সর্ব্বপ্রকারেণ আদিত্যং সূর্য্যং ন ইক্ষেত ন পশ্যেৎ। তথা ন শিরসা মস্তকেন ভারং বহেৎ॥ ২৯॥

সততং শূক্ষ্মং শূক্ষ্মপদার্থং, দীপ্তং দীপ্তিযুক্তং, অমেধ্যং অপবিত্রং তথা অপ্রিয়াণিচ দ্রব্যাণি ন ইক্ষেত ন পশ্যেৎ॥ ৩০॥

অঙ্গ বিশেষের দ্বারা অবৈধকার্য্য করিবার চেষ্টা করিবে না। উৎকণ্ঠিত হইয়া অধিক ক্ষণ অবস্থিতি করিবেনা। এবং শরীরের, বাক্যের ও মনের যে সকল কার্য্য তাহা বিশ্রামের দ্বারা পরিবর্জ্জিত করিবে॥ ২৭॥

ঊর্দ্ধজানু হইয়া অধিক ক্ষণ স্থিত হইবে না। এবং রাত্রিতে বৃক্ষ, চত্তর, চিতার স্থান, চতুষ্পথ এবং দেবালয়েতেও অবস্থিতি করিবে না॥ ২৮॥

নির্জ্জনকানন, শূন্যগৃহ এবং শ্মশান স্থানে দিবাতেও গমন করিবে না। সূর্য্যকে সর্ব্বদা অবলোকন করিবে না। এবং ভারবস্তুকে মস্তকের দ্বারাও বহন করিবে না॥ ২৯॥

শূক্ষ্মবস্তু, দীপ্তিযুক্ত পদার্থ, এবং অপবিত্র ও অপ্রিয় দ্রব্যের প্রতি সর্ব্বদা দৃষ্টি করিবেনা॥ ৩০॥

সন্ধ্যাস্বভ্যবহারস্ত্রীস্বপ্নাধ্যয়নচিন্তনম্।
মদ্যবিক্রয়সন্ধানদানাদানানি নাচরেৎ॥ ৩১॥
আচার্য্যঃ সর্ব্বচেষ্টাসু লোক এব হি ধীমতঃ।
অনুকুর্য্যাৎ তমেবাতো লৌকিকার্থে পরীক্ষকঃ॥ ৩২॥
রাজদেশকুলজ্ঞাতিস্বধর্ম্মান্ নৈব দূষয়েৎ।
শক্তোঽপি লৌকিকাচারং মনসাপি ন লঙ্ঘয়েৎ॥ ৩৩॥

সন্ধ্যাসু অভ্যবহারং আহারং, স্ত্রীং স্ত্রীসঙ্গং, স্বপ্নং নিদ্রাং, অধ্যয়নং পঠনং, চিন্তনং, মদ্যং সুরাপানং বিক্রয়ং, সন্ধানং, দানং আদানঞ্চ ন আচরেৎ॥ ৩১॥

ধীমতঃ বুদ্ধিমতো জনস্য সর্ব্বচেষ্টাসু সর্ব্বকার্য্যেষু লোকএব আচার্য্যঃ অতঃ কারণাৎ পরীক্ষকঃ বিবেচকোজনঃ লৌকিকার্থে লোকাচাররক্ষণায় তং আচার্য্যমেব অনুকুর্য্যাৎ॥ ৩২॥

রাজধর্ম্মান্, দেশধর্ম্মান্, কুলধর্ম্মান্ জ্ঞাতিধর্ম্মান্ তথা স্বধর্ম্মাংশ্চ ন দূষয়েৎ। শক্তোপি সমর্থোপি লৌকিকাচারং লোকব্যবহারং মনসাপি ন লঙ্ঘয়েৎ। যৎ অযুক্তং কৃতং উক্তঞ্চ তৎ বলাৎ হেতুনা কারণেন বা ন উদ্ধরেৎ॥ ৩৩॥”

আহার, স্ত্রীসংসর্গ, নিদ্রা, পাঠ, চিন্তা, মদ্যপান, ক্রয় বিক্রয়, এবং আদান প্রদান সন্ধ্যার সময়ে করিবে না॥ ৩১॥

বুদ্ধিমান্ ব্যক্তির সকল কার্য্যের প্রতিই সৎলোক উপদেশক হইয়া থাকে অর্থাৎ ভাল লোকের নিকট জিজ্ঞাসা না করিয়া বুদ্ধিজীবী ব্যক্তিরা কোন কার্য্যই করে না। অতএব বিবেচক যাহারা হয় তাহারা লোকাচার রক্ষার্থে উপদেশকের অনুসরণ করিবে॥ ৩২॥

রাজধর্ম্ম, দেশধর্ম্ম, কুলধর্ম্ম, জ্ঞাতিধর্ম্ম, এবং স্বধর্ম্ম ইহাদিগকে কদাপি দূষিত করিবে না। এবং শক্তি অনুসারে লোকাচারকে উল্লঙ্ঘন করিয়াও কোন কার্য্য করিবে না। আর অযুক্ত কার্য্য কি অযুক্ত কথা বলিয়া যাহা বোধ হয় তাহাও বলপূর্ব্বক কি কোন কারণ থাকিলেও উদ্ধৃত (সংশোধিত) করিবে না॥ ৩৩॥”

অযুক্তং যৎ কৃতঞ্চোক্তং ন বলাদ্ধেতুনোদ্ধরেৎ।”
দুর্গুণস্য চ বক্তারঃ প্রত্যক্ষং বিরলা জনাঃ ॥ ৩৪ ॥
লোকতঃ শাস্ত্রতো জ্ঞাত্বা হ্যতস্ত্যাজ্যাং ত্যজেৎ সুধীঃ।
অনয়ং নয়সঙ্কাশং মনসাপি ন চিন্তয়েৎ ॥ ৩৫ ॥
অহং সহস্রাপরাধী কিমেকেন ভবেন্মম।
মত্বা নাঘং স্মরেদীষ দ্বিন্দুনা পূর্য্যতে ঘটঃ ॥ ৩৬ ॥
নক্তং দিনানি মে যান্তি কথম্ভূতস্য সম্প্রতি।
দুঃখভাগুন ভবেদেবং নিত্যং সন্নিহিতস্মৃতিঃ ॥ ৩৭ ॥

প্রত্যক্ষং দুর্গুণস্য বক্তারঃ জনাঃ বিরলাঃ অতঃ কারণাৎ লোকতঃ শাস্ত্রতশ্চ জ্ঞাত্বা বিবিচ্য সুধীঃ সুবুদ্ধিমান্ জনঃ ত্যাজ্যান্ ত্যাগযোগ্যান্-দুর্গুণান্ ত্যজেৎ। কিন্তু মনসাপি অনয়ং অনীতিং নয়সঙ্কাশং নীতিসদৃশং ন চিন্তয়েৎ ॥ ৩৪। ৩৫ ॥

অহং সহস্রাপরাধী সহস্রপাপশীলঃ মম একেন পাপেন কিং ভবেৎ ইতি মত্বা জ্ঞাত্বা ঈষৎ অল্পমপি অঘং পাপং ন স্মরেৎ। যতঃ বিন্দুনা ক্রমশঃ ঘটঃ পূর্য্যতে ॥ ৩৬ ॥

সম্প্রতি ইদানীং সময়ে নক্তং রাত্রয়ঃ দিনানিচ কথম্ভূতস্য মেযান্তি, এবং ইত্যাকারং নিত্যং সততং সন্নিহিতস্মৃতিঃ পরিচিন্তয়ন্ জনঃ ন দুঃখভাক্ ভবেৎ ॥ ৩৭ ॥

সাক্ষাৎ দোষের কথা ব্যক্ত করে এমন লোক অতি বিরল। অতএব বুদ্ধিমান্ ব্যক্তিরা লোকাচার এবং শাস্ত্রের দ্বারা ভাল মন্দ বিবেচনা করিয়া যাহা ত্যাগ করার উপযুক্ত হয় তাহা ত্যাগ করিবে। কিন্তু মনের দ্বারাও অন্যায়কে ন্যায় স্বরূপ করিয়া চিন্তা করিবে না ॥ ৩৪। ৩৫ ॥

আমি সহস্র প্রকার পাপশীল অতএব একটি পাপের দ্বারা আর আমার কি হইবে এইরূপ মনে মনে বিবেচনা করিয়া অতি সামান্য পাপ করিতেও ইচ্ছা করিবে না যেহেতু ক্রমশঃ বিন্দু পতিত হইলে পরিণামে সেই বিন্দু দ্বারাই ঘট পরিপূর্ণ হইয়া থাকে ॥ ৩৬ ॥

যে কোন প্রকারেই হউক আমার রাত্রি দিন অতিবাহিত হইতেছে এইরূপ মনে মনে চিন্তা করিলে তাহাকে কখনই দুঃখভাগী হইতে হয় না ॥ ৩৭ ॥

সমাসব্যূহহেত্বাদিকৃতেচ্ছার্থং বিহায় চ।
স্তুত্যর্থবাদান্ সন্ত্যজ্য সারং সংগৃহ্য যত্নতঃ॥ ৩৮॥
ধর্ম্মতত্ত্বং হি গহন মতঃ সৎসেবিতং নরঃ।
শ্রুতিস্মৃতিপুরাণানাং কর্ম্ম কুর্য্যাৎ বিচক্ষণঃ॥ ৩৯॥
ন গোপয়েদ্ বাসয়েচ্চ রাজা মিত্রং সুতং গুরুম্।
অধর্ম্মনিরতং স্তেন মাততায়িন মপ্যুত॥ ৪০॥
অগ্নিদো গরদশ্চৈব শস্ত্রোন্মত্তো ধনাপহঃ।
ক্ষেত্রদারহরশ্চৈতান্ ষড়্বিদ্যাদাততায়িনঃ॥ ৪১॥

বিচক্ষণোনরঃ শ্রুতিস্মৃতিপুরাণানাং সমাসব্যূহহেত্বাদিকৃতেচ্ছার্থং সমাসব্যূহেন সমাসসমূহেন, হেত্বাদিনা কারণাদিনা কৃতং ইচ্ছার্থং স্বাভিলসিতমর্থং বিহায় ত্যক্ত্বা স্তুত্যর্থবাদান্ প্রসংশাবাদাংশ্চ সন্ত্যজ্য হি যতঃ ধর্ম্মতত্ত্বং গহনং দুরভিগম্যং অতঃ যত্নতঃ সৎসেবিতং কর্ম্ম কুর্য্যাৎ॥ ৩৮। ৩৯॥

মিত্রং, সুতং, গুরুমপি অধর্ম্মনিরতং, স্তেনং চৌরং, আততায়িনঞ্চ রাজা ন গোপয়েৎ ন রক্ষয়েৎ বাসয়েচ্চ দ্বীপান্তর মিতিশেষঃ॥ ৪০॥

অগ্নিদঃ গৃহাদাবগ্নিদাতা, গরদঃ বিষভক্ষণকারকঃ, শস্ত্রোন্মত্তঃ শস্ত্রেণ বধোদ্যতঃ, ধনাপহঃ ধনচৌরঃ, ক্ষেত্রহরঃ ভূমিহরঃ, তথা দারহরঃ ভার্য্যাহরঃ এতান্ ষট আততায়িনঃ বিদ্যাৎ জানীয়াৎ॥ ৪১॥

ধর্ম্ম তত্ত্ব নির্জ্জন কানন স্বরূপ অতি দুরভিগম্য অতএব বিচক্ষণ লোকেরা বেদ, স্মৃতি এবং পুরাণ ইহাদিগের নানা প্রকার সমাসের দ্বারা ও নানা প্রকার কারণ ঘটাইয়া তদ্দ্বারা আপনার অভিমতসিদ্ধ অর্থকরা পরিত্যাগ করিয়া এবং এইরূপ অর্থ ঘটাইলে লোকে প্রসংশা করিবে সেই প্রসংশাবাদও ত্যাগ করিয়া সৎলোকেরা যেরূপ আচরণ করে সেইরূপ কার্য্য করিবে॥ ৩৮। ৩৯॥

পুত্র, মিত্র, এবং গুরুও যদি ধর্ম্মাচার বর্জ্জিত, চোর অথবা আততায়ী হয় তাহাহইলে রাজা কদাপি তাহাদিগকে গোপন করিবেন না দ্বীপান্তরে প্রেরণ করিবেন॥ ৪০॥

যাহারা গৃহাদিতে অগ্নিপ্রদান করে, বিষভক্ষণ করায়, অস্ত্রের দ্বারা বধ করিতে উদ্যত হয়, ধন চুরী করে এবং ভূমি ও ভার্য্যা হরণ করে, ইহারা আততায়ী, এই ছয় প্রকার আততায়ী জানিবে॥ ৪১॥

নোপেক্ষেত স্ত্রিয়ং বালং রোগং দাসং পশুং ধনম্।
বিদ্যাভ্যাসং ক্ষণমপি সৎসেবাং বুদ্ধিমান্নরঃ॥ ৪২॥
বিরুদ্ধো যত্র নৃপতি র্ধনিকঃ শ্রোত্রিয়ো ভিষক্।
আচারশ্চ তথা দেশো ন তত্র দিবসং বসেৎ॥ ৪৩॥
নপুংসকশ্চ স্ত্রী বালশ্চণ্ডো মূর্খশ্চ সাহসী।
যত্রাধিকারিণ শ্চৈতে ন তত্র দিবসং বসেৎ॥ ৪৪॥
অবিবেকী যত্র রাজা সভ্যা যত্র চ পাক্ষিকাঃ।
সন্মার্গোজ্‌ঝিতবিদ্যাংসঃ সাক্ষিণোঽনৃতবাদিনঃ॥ ৪৫॥

বুদ্ধিমান্ নরঃ স্ত্রিয়ং, বালং, রোগং, দাসং, পশুং, ধনং, বিদ্যাভ্যাসং তথা সৎসেবাং ক্ষণমপি ন উপেক্ষেত॥ ৪২॥

যত্র দেশে নৃপতিঃ রাজা, ধনিকঃ ধনবান্ মহাজনেতি প্রসিদ্ধঃ, শ্রোত্রিয়ঃ বেদবিদ্‌-ব্রাহ্মণঃ, ভিষক্ বৈদ্যঃ, তথা আচারশ্চ বিরুদ্ধঃ তত্র স্থানে দিবসমপি একদিনমপি ন বসেৎ॥ ৪৩॥

যত্র নপুংসকঃ, স্ত্রী, বালকঃ, চণ্ডঃ কোপনঃ, মূর্খঃ, তথা সাহসী দস্যুশ্চ এতে অধিকারিণঃ স্বামিনঃ তত্র দিবসং ন বসেৎ॥ ৪৪॥

যত্র রাজা অবিবেকী যথেচ্ছাচারী, সভ্যাঃ রাজসভাসদঃ পাক্ষিকাঃ পক্ষাশ্রিতাঃ, সন্মার্গেণ সদুপদেশেন উজ্‌ঝিতাঃ ত্যক্তাঃ বিদ্যাংসঃ পণ্ডিতাঃ, তথা সাক্ষিণঃ অনৃত-

---

যাহারা বুদ্ধিমান্ হয় তাহারা স্ত্রী, বালক, রোগ, দাস, পশু, ধন, বিদ্যাভ্যাস, এবং সাধুসেবা ইহাদিগকে কদাপি উপেক্ষা করিবে না॥ ৪২॥

রাজা, ধনী, ব্রাহ্মণ, চিকিৎসক এবং আচার এই সকল যে দেশে বিরুদ্ধ হয় সেই দেশে এক দিনও বসতি করিবে না॥ ৪৩॥

নপুংসক, স্ত্রী, বালক, ক্রোধী, মূর্খ অথবা দস্যু ইহাঁরা যে দেশের রাজা হয় সেই দেশে এক দিনও বসতি করিবে না॥ ৪৪॥

যে স্থানে রাজা স্বেচ্ছাচারী হয়, সভ্যগণ পক্ষপাত করে, পণ্ডিতগণ সদুপদেশ প্রদানে বিমুখ হয়, সাক্ষিগণ মিথ্যাকথা বলে, এবং দুষ্ট, নীচ ও স্ত্রী

দুরাত্মনাঞ্চ প্রাবল্যং স্ত্রীণাং নীচজনস্য চ।
যত্র নেচ্ছেদ্ধনং মানং বসতিং তত্র জীবিতম্ ॥ ৪৬ ॥
মাতা ন পালয়েৎ বাল্যে পিতা সাধু ন শিক্ষয়েৎ।
রাজা যদি হরেদ্বিত্তং কা তত্র পরিদেবনা ॥ ৪৭ ॥
সুসেবিতাঃ প্রকুপ্যন্তি মিত্রস্বজনপার্থিবাঃ।
গৃহ মগ্ন্যশনিহতং কা তত্র পরিদেবনা ॥ ৪৮ ॥
আপ্তবাক্য মনাদৃত্য দর্পেণাচরিতং যদি।
ফলিতং বিপরীতং তৎ কা তত্র পরিদেবনা ॥ ৪৯ ॥

বাদিনঃ মিথ্যাবাদিনঃ। যত্র চ দুরাত্মনাং, স্ত্রীণাং, নীচজনস্য চ প্রাবল্যং তত্র-ধনং; মানং বসতিং জীবিতঞ্চ ন ইচ্ছেৎ ॥ ৪৫। ৪৬ ॥

যদি বাল্যে বাল্যাবস্থায়াং মাতা ন পালয়েৎ পিতা ন সাধু শিক্ষয়েৎ তথা রাজা বিত্তং ধনং হরেৎ তত্র পরিদেবনা (অনুতাপঃ) কা ॥ ৪৭ ॥

মিত্রাণি, স্বজনাঃ বান্ধবাঃ, তথা পার্থিবাঃ রাজানঃ সুসেবিতাঃ অপি প্রকুপ্যন্তি। গৃহঞ্চ অগ্নিনা বা বজ্রেণ হতং তত্র পরিদেবনা কা ॥ ৪৮ ॥

যদি আপ্তং প্রাপ্তং বাক্যং প্রাপ্তোপদেশ মিত্যর্থঃ অনাদৃত্য অবজ্ঞায় দর্পেণ আচরিতং তৎ আচরিতং বিপরীতং যথা তথা ফলিতং অতঃ তত্র পরিদেবনা কা ॥ ৪৯ ॥

লোকের যে স্থানে প্রবলতা হয় সেই স্থানে ধন, মান, বসতি, এবং জীবিতেরও ইচ্ছা করিবে না ॥ ৪৫। ৪৬ ॥

বাল্যাবস্থাতে যদ্যপি মাতা প্রতিপালন না করেন, পিতা উত্তমরূপে শিক্ষা প্রদান না দেন, এনং রাজাও যদি বিত্ত হরণ করেন, তবে সেই স্থানে আর পরিতাপ কি ॥ ৪৭ ॥

বন্ধুগণ, বান্ধবগণ, এবং রাজা ইহাদিগকে উত্তম রূপে সেবা করিলেও যদি কুপিত হন এবং অগ্নি অথবা বজ্রের দ্বারা যদি গৃহ দগ্ধ হয় তাহাহইলে সেই স্থানে আর পরিতাপ কি ॥ ৪৮ ॥

উপদেশ প্রাপ্ত হইয়াও যদি তাহা অনাদর পূর্ব্বক দর্পের সহিত কোন কার্য্য করে তাহাহইলে নিশ্চয় সেই কার্য্যের ফল বিপরীত হয় অতএব সেই স্থানে আর পরিতাপ কি ॥ ৪৯ ॥

সাবধানমনা নিত্যং রাজানং দেবতাং গুরুম্।
অগ্নিং তপস্বিনং ধর্ম্মজ্ঞানবৃদ্ধং সুসেবয়েৎ ॥ ৫০ ॥
মাতৃপিতৃগুরুস্বামিভ্রাতৃপুত্রসখিষ্বপি।
ন বিরুধ্যে ন্নাপকুর্য্যা ন্মনসাপি ক্ষণং ক্বচিৎ ॥ ৫১ ॥
স্বজনৈ র্ন বিরুধ্যেত ন স্পর্দ্ধেত বলীয়সা।
ন কুর্য্যাৎ স্ত্রীবালবৃদ্ধমূর্খেষু চ বিবাদনম্ ॥ ৫২ ॥
একঃ স্বাদু ন ভুঞ্জীত একঃ অর্থান্ন চিন্তয়েৎ।
একো ন গচ্ছেদাধ্বানং নৈকঃ সুপ্তেষু জাগৃয়াৎ ॥ ৫৩ ॥

সাবধানমনাঃ সন্ রাজানং, দেবতাং, গুরুং, অগ্নিং, তপস্বিনং, ধর্ম্মজ্ঞানবৃদ্ধং ধর্ম্মবৃদ্ধং জ্ঞানবৃদ্ধঞ্চ সুসেবয়েৎ ॥ ৫০ ॥

মাতৃ, পিতৃ, গুরু, স্বামি ভ্রাতৃপুত্রসখিষু মনসাপি ন বিরুধ্যেৎ ন বিরুদ্ধাচরণং কুর্য্যাৎ ন ক্বচিৎ অপকুর্য্যাচ্চ ॥ ৫১ ॥

স্বজনৈঃ বান্ধবৈঃ সহ ন বিরুধ্যেত ন বিরুদ্ধমাচরেৎ বলীযসা প্রবলেন চ সহ ন স্পর্দ্ধেত ন স্পর্দ্ধাং কুর্য্যাৎ তথা স্ত্রীষু বালকেষু বৃদ্ধেষু মূর্খেষু চ বিবাদনং ন কুর্য্যাচ্চ ॥ ৫২ ॥

একঃ একাকী সন্ ন স্বাদু সুস্বাদদ্রব্যং ভুঞ্জীত, একঃ অর্থান্ ন চিন্তয়েৎ, একঃ আধ্বানং ন গচ্ছেৎ, তথা একঃ সুপ্তেষু জনেষু মধ্যে ন জাগৃযাৎ ॥ ৫৩ ॥

অত্যন্ত সাবধানপূর্ব্বক রাজা, দেবতা, গুরুজন, অগ্নি, তপস্বী, এবং ধার্ম্মিক ও জ্ঞানবান্ ব্যক্তিগণকে সেবা করিবে ॥ ৫০ ॥

মাতা, পিতা, গুরু, স্বামী, ভ্রাতা, পুত্র, এবং সখা ইহাদিগের মধ্যে কাহারো সহিত বিরুদ্ধাচরণ কি ইহাদিগের কোনমতে অপকার মনের দ্বারাও করিবে না ॥ ৫১ ॥

স্বজনের সহিত বিবাদ, প্রবল ব্যক্তির সহিত স্পর্দ্ধা, এবং স্ত্রী, বালক, বৃদ্ধ ও মূর্খের সহিত বাদানুবাদ কখনই করিবে না ॥ ৫২ ॥

একাকী সুস্বাদ বস্তু ভোজন করিবে না, একাকী কোন কার্য্যের চিন্তা করিবে না, একাকী দূরপথে গমন করিবে না, এবং নিদ্রিত ব্যক্তির মধ্যে একাকী জাগৃতও হইবে না ॥ ৫৩ ॥

নান্যধর্ম্মং হি সেবেত ন দ্রুহ্যাদ্ বৈ কদাচন।
হীনকর্ম্মগুণৈঃ স্ত্রীভি র্নাসীতৈকাসনে ক্বচিৎ॥ ৫৪॥
ষড়্‌দোষাঃ পুরুষেণেহ হাতব্যা ভূতিমিচ্ছতা।
নিদ্রা তন্দ্রা ভয়ং ক্রোধ আলস্যং দীর্ঘসূত্রতা।
প্রভবন্তি বিঘাতায় কার্য্যস্যৈতে ন সংশয়ঃ॥ ৫৫॥
উপায়জ্ঞশ্চ যোগজ্ঞ স্তত্ত্বজ্ঞঃ প্রতিভানবান্।
স্বধর্ম্মনিরতোনিত্যং পরস্ত্রীষু পরাঙমুখঃ।
বক্তোঽবাংশ্চিত্রকথঃ স্যাদকুণ্ঠিতবাক্ সদা॥ ৫৬॥

অন্যধর্ম্মং ন সেবেত ন আশ্রয়েৎ, কদাচন ন দ্রুহ্যেৎ বিদ্রোহং কুর্য্যাচ্চ। ক্বচিৎ কদাচিদপি হীনকর্ম্মগুণৈঃ হীনকর্ম্মভিঃ হীনগুণৈশ্চ তথা স্ত্রীভিশ্চ সহ একাসনে ন আসীত॥ ৫৪॥

ভূতিং ঐশ্বর্য্যং ইচ্ছতা পুরুষেণ নিদ্রা, তন্দ্রা, ভয়ং, ক্রোধঃ, আলস্যং তথা দীর্ঘসূত্রতা এতে ষট্ দোষাঃ হাতব্যাঃ ত্যক্তব্যাঃ। এতে দোষাঃ কার্য্যস্য বিঘাতায় ব্যাঘাতায় প্রভবন্তি ইতি সংশয়ো ন॥ ৫৫॥

সদা উপায়জ্ঞঃ লাভজ্ঞঃ, যোগজ্ঞঃ সংযোগজ্ঞঃ, তত্ত্বজ্ঞঃ সারজ্ঞঃ, প্রতিভানবান্ প্রতিভান্বিতঃ, নিত্যং স্বধর্ম্মনিরতঃ, পরস্ত্রীষু পরাঙ্মুখঃ, বক্তা, ঊহবান্ বিচারক্ষমঃ, চিত্রকথঃ বিচিত্রালাপী, তথাঅকুণ্ঠিতবাক্ স্যাৎ॥ ৫৬॥

অপরের ধর্ম্মকে আশ্রয় করিবে না এবং অপরের ধর্ম্মের প্রতি বিদ্রোহীও হইবেনা, আর যাহারা হীন কর্ম্ম ও হীন গুণ অবলম্বন করে তাহাদিগের ও স্ত্রীগণের সহিত একাসনে কদাপি উপবেশন করিবে না॥ ৫৪॥

যাহারা ঐশ্বর্য্যের ইচ্ছা করে তাহারা নিদ্রা, তন্দ্রা, ভয়, ক্রোধ, আলস্য এবং দীর্ঘ সূত্রতা এই ছয় প্রকার দোষকে পরিত্যাগ করিবে। এই ছয় প্রকার দোষই কার্য্য নাশের একমাত্র কারণ॥ ৫৫॥

কোন্ বিষয়েতে কি লাভ হয় এবং কাহার সংযোগে কি ঘটনা হয়, ও কোন্ কার্য্যের কি সার সর্ব্বদা তাহা পরিজ্ঞাত হইয়া প্রভাযুক্ত, ধর্ম্মপরায়ণ, পরস্ত্রীতে পরাঙ্মুখ, বক্তা, বিচারক্ষম এবং বিচিত্র আলাপী হইয়া অকুণ্ঠিতভাবে বাক্য ব্যবহার করিবে॥ ৫৬॥

চিরং সংশৃণুয়া ন্নিত্যং জানীয়াৎ ক্ষিপ্রমেব চ।
বিজ্ঞায় প্রভজেদর্থান্ ন কামং প্রভজেৎ ক্বচিৎ ॥ ৫৭ ॥
ক্রয়বিক্রয়াতিলিপ্সাং স্বদৈন্যং দর্শয়েন্নহি।
কার্য্যং বিনাঽন্যগেহে ন নাজ্ঞাতঃ প্রবিশেদপি ॥ ৫৮ ॥
অপৃষ্টো নৈব কথয়েৎ গৃহকৃত্যন্তু কং প্রতি।
বহ্বর্থাল্পাক্ষরং কুর্য্যাৎ সল্লাপং কার্য্যসাধকম্ ॥ ৫৯ ॥
ন দর্শয়েৎ স্বাভিমত মননুভূতাদ্ বিনা সদা।
জ্ঞাত্বা পরমতং সম্যক্ তেনাজ্ঞাতোত্তরং বদেৎ ॥ ৬০ ॥

অর্থান্ চিরং বহুক্ষণং শৃনুয়াৎ কিন্তু ক্ষিপ্রং শীঘ্রমেব জানীয়াৎ বিজ্ঞায় জ্ঞাত্বা প্রভজেৎ। কিন্তু ক্বচিৎ কদাচিদপি ন কামং প্রভজেৎ ॥ ৫৭ ॥

ক্রয়বিক্রয়েষু অতিলিপ্সাং স্বস্য দৈন্যঞ্চ ন দর্শয়েৎ। তথা কার্য্যং বিনা কার্য্য ব্যতিরেকেণ অজ্ঞাতশ্চ অন্যগেহে ন প্রবিশেৎ ॥ ৫৮ ॥

অপৃষ্টঃ অজিজ্ঞাসিতঃ সন্ গৃহকৃত্যং গৃহকার্য্যং কং প্রতি ন এব কথয়েৎ। কিঞ্চ বহ্বর্থং যথা তথা অল্পাক্ষরং কার্য্যসাধকং সল্লাপং সদা লাপং কুর্য্যাৎ ॥ ৫৯ ॥

অনুভূতাৎ নিশ্চয়জ্ঞানাৎ বিনা স্বস্য অভিমতং ন দর্শয়েৎ ন প্রকাশয়েৎ। তথা পরমতং সম্যক্ জ্ঞাত্বা তেন পরমতেন আজ্ঞাতং বিবেচিতং উত্তরং সদা বদেৎ ॥ ৬০ ॥

যে কোন বিষয়ই হউক তাহা অনেক ক্ষণ শ্রুত হইবে কিন্তু অতি সংক্ষেপে তাহার অর্থ সংগ্রহ করিয়া কার্য্য করিবে। এবং কখনই কামের আশ্রয় গ্রহণ করিবে না ॥ ৫৭ ॥

কোন বস্তু ক্রয় কি বিক্রয় করিতে ইচ্ছা হইলে তাহা এবং আপনার দৈন্য ভাব কাহারো নিকট ব্যক্ত করিবে না। আর কার্য্য ব্যতিরেকে ভ্রমাধীনও কারো গৃহে প্রবেশ করিবে না ॥ ৫৮ ॥

কেহ জিজ্ঞাসা না করিলে কারো নিকট গৃহকার্য্য প্রকাশ করিবে না। এবং অল্প অক্ষরে অনেক অর্থ হয় এইরূপ ভাবে প্রয়োজনীয় কার্য্যের আলাপ করিবে ॥ ৫৯ ॥

নিশ্চয় বোধ না করিয়া কখনই আপনার অভিপ্রায় প্রকাশ করিবে না। সর্ব্বদা পরের মত বিশেষরূপে অবগত হইয়া তদ্দ্বারা বিবেচনা পূর্ব্বক উত্তর প্রদান করিবে ॥ ৬০ ॥

দম্পত্যোঃ কলহে সাক্ষ্যং ন কুর্য্যাৎ পিতৃপুত্ত্রয়োঃ।
সুগুপ্তঃ কৃত্যমন্ত্রঃ স্যা ন্ন ত্যজে চ্ছরণাগতম্॥ ৬১॥
যথাশক্তি চিকীর্ষেত কুর্ব্বন্ মুহ্যেচ্চ নাপদি।
কস্যচিন্নস্পৃশেন্মর্ম্ম মিথ্যাবাদং ন কস্যচিৎ॥ ৬২॥
নাশ্লীলং কীর্ত্তয়েৎ কঞ্চিৎ প্রলাপং ন চ কারয়েৎ॥ ৬৩॥
অস্বর্গ্যং স্যাৎ ধর্ম্মমপি লোকবিদ্বেষিত স্তু যৎ।
স্বহেতুভি র্ন হন্যেত কস্য বাক্যং কদাচ ন॥ ৬৪॥

দম্পত্যোঃ স্ত্রীপুংসোঃ তথা পিতৃপুত্ত্রয়োশ্চ কলহে বিবাদে ন সাক্ষ্যং কুর্য্যাৎ। কিঞ্চ কৃত্যস্য কার্য্যস্য মন্ত্রঃ সুগুপ্তো যেন তথা ভূতঃ স্যাৎ। শরণাগতঞ্চ ন ত্যজেৎ॥ ৬১॥

আপদি আপৎসময়ে কুর্ব্বন্ জনঃ যথা শক্তি চিকীর্ষেত কর্ত্তুমিচ্ছেৎ ন মুহ্যেৎ বিচলেৎ। কস্যচিৎ জনস্য মর্ম্ম তথা মিথ্যাবাদঞ্চ ন স্পৃশেৎ॥ ৬২॥

অশ্লীলং লজ্জাজনকং বাক্যং ন কীর্ত্তযেৎ। কঞ্চিৎ প্রলাপং অনর্থকবাক্যঞ্চ ন কারয়েৎ ন কুর্য্যাদিত্যর্থঃ॥ ৬৩॥

লোকবিদ্বেষিতং লোকনিন্দিতং যৎ তৎ ধর্ম্মমপি অস্বর্গ্যং নরকার্থকং স্যাৎ অতঃ তৎ ন কুর্য্যাদিতিভাবঃ। কদাচ ন কস্য বাক্যং স্বহেতুভিঃ স্বস্য কারণৈঃ ন হন্যেত॥ ৬৪॥

স্ত্রী পুরুষের এবং পিতাপুত্ত্রের বিবাদে সাক্ষ্যপ্রদান করিবে না। যে কোন কার্য্যই হউক তাহার মন্ত্রনা প্রকাশ করিবে না। এবং শরণাগত ব্যক্তিকেও পরিত্যাগ করিবে না॥ ৬১॥

আপৎসময়ে কোন কার্য্যে বিচলিত না হইয়া সাধ্যানুসারে কার্য্য উদ্ধারের চেষ্টা করিবে। এবং কাহারো মর্ম্মান্তিক কি কাহারো প্রতি কোন মতে মিথ্যা অপবাদ প্রদান করিবে না॥ ৬২॥

যেই সকল বাক্যে লজ্জা উপস্থিত হয় সেইরূপ অশ্লীল বাক্য কদাপি উক্ত করিবে না। এবং বৃথা বাক্যেরও ব্যবহার করিবে না॥ ৬৩॥

লোকে যাহা নিন্দা করে তাহা যদি ধর্ম্ম কার্য্যও হয় তথাপি তাহা নরকার্হ, অতএব তাহা করিবে না। এবং কদাপি আপনার কার্য্যসাধনের জন্যে অন্যের বাক্যকে উল্লঙ্ঘন করিবে না॥ ৬৪॥

প্রবিচার্য্যোত্তরং দেয়ং সহসা ন বদেৎ কচিৎ।
শত্রো রপি গুণা গ্রাহ্যা গুরো স্ত্যাজ্যাস্তু দুর্গুণাঃ। ৬৫॥
উৎকর্ষো নৈব নিত্যঃ স্যা ন্নাপকর্ষস্তথৈব চ।
প্রাক্‌কর্ম্মবশতো নিত্যং সধনো নির্দ্ধনো ভবেৎ॥ ৬৬॥
তস্মাৎসর্ব্বেষু ভূতেষু মৈত্রীং নৈব চ হাপয়েৎ॥ ৬৭॥
দীর্ঘদর্শী সদা চ স্যাৎপ্রত্যুৎপন্নমতিঃ কচিৎ।
সাহসী সালসী চৈব চিরকারী ভবে ন্ন হি॥ ৬৮॥

প্রবিচার্য্য প্রকর্ষরূপেণ বিবেচনং কৃত্বা উত্তরং দেয়ং, কচিদপি সহসা ন বদেৎ। শত্রোঃ রিপোরপি গুণাঃ গ্রাহ্যাঃ গুরোস্তু দুর্গুণাঃ দোষাঃ ত্যাজ্যাঃ ত্যাগযোগ্যাঃ॥ ৬৫॥

উৎকর্ষঃ সুসময়ঃ, অপকর্ষঃ দুঃসময়ঃ নিত্যঃ চিরস্থনীয়ঃ নৈব স্যাৎ। প্রাক্‌কর্ম্ম-বশতঃ পূর্ব্বকর্ম্মবশাৎ নিত্যং শততং সধনঃ ধনবান্ তথা নির্দ্ধনঃ ধনরহিতশ্চ ভবেৎ॥ ৬৬॥

তস্মাৎ কারণাৎ সর্ব্বেষু ভূতেষু মৈত্রীং সদ্ভাবং নৈব হাপয়েৎ নৈব ত্যজেৎ॥ ৬৭।

সদা দীর্ঘদর্শী তথা প্রত্যুৎপন্নমতিশ্চ স্যাৎ। কচিৎ কদাচিদপি সাহসী সাহস* কর্ম্মরতঃ, সালসী আলস্যপরতন্ত্রঃ, তথা চিরকারী দীর্ঘসূত্রীচ ন ভবেৎ॥ ৬৮॥

কোন কথাই সহসা ব্যক্ত করিবে না বিশেষরূপে বিবেচনা করিয়া উত্তর প্রদান করিবে। এবং শত্রু ব্যক্তিরও যদি ভাল কথা হয় তাহা গ্রহণ করিবে আর গুরুরও যদি অন্যায়কথা হয় তাহা ত্যাগ করিবে॥ ৬৫॥

সুসময়, এবং দুঃসময়, ইহার কোনটাই চিরস্থায়ী নয়। যেহেতু মনুষ্যগণ পূর্ব্বজন্মের কর্ম্মের দ্বারা ধনবান্ এবং নির্ধনী হইয়া সুখ দুঃখ ভোগ করিয়া থাকে॥ ৬৬॥

অতএব সকল প্রাণীর প্রতিই সর্ব্বদা সদ্ভাব রাখিবে। অর্থাৎ আমি ধনী কি আমি সুখী এইটা মনে করিয়া দুঃখিগণের প্রতি কদাপি অশ্রদ্ধা করিবে না, যেহেতু সুখ দুঃখ সকলই কর্ম্মায়ত্ত॥ ৬৭॥

সর্ব্বদা বহুদর্শী এবং উৎপন্নমতি হইবে। কখনই জীবহত্যা, চুরী, পরদার-গমন, বলপূর্ব্বক অনিষ্টাচরণ, এবং মিথ্যাকথা এই সকল সাহস কার্য্যেতে রত হইবে না এবং আলস্যপরতন্ত্র হইয়া দীর্ঘ সূত্রীও হইবে না॥ ৬৮॥

---

* মনুষ্যমারণং স্তেয়ং পরদারাভিমর্ষণং। পারুষ্যমনৃতঞ্চৈব সাহসং পঞ্চধাস্মৃতম্।

যঃ সুহুর্নিষ্ফলং কর্ম্ম জ্ঞাত্বা কর্ত্তুং ব্যবস্যতি।
দ্রাগাদৌ দীর্ঘদর্শী স্যাৎসচিরং সুখ মশ্নুতে ॥ ৬৯ ॥
প্রত্যুৎপন্নমতিঃ প্রাপ্তাং ক্রিয়াং কর্ত্তুং ব্যবস্যতি।
সিদ্ধিঃ সাংশয়িকী তত্র চাপল্যাৎ কার্য্যগৌরবাৎ ॥ ৭০ ॥
যততে নৈব কালেঽপি ক্রিয়াং কর্ত্তুঞ্চ সালসঃ।
ন সিদ্ধিস্তস্য কুত্রাপি স নশ্যতি চ সান্বয়ঃ ॥ ৭১ ॥

যোজনঃ সুহুর্নিষ্ফলং অসাধ্যসাধনং কর্ম্ম জ্ঞাত্বা কর্ত্তুং দ্রাক্ শীঘ্রং ব্যবস্যতি চেষ্টতে সঃ আদৌ দীর্ঘদর্শী দীর্ঘকালং ব্যাপ্য বিবেচনাশীলঃ স্যাৎ তদা চিরং সুখং অশ্নুতে প্রাপ্নোতি ॥ ৬৯ ॥

প্রত্যুৎপন্নমতিঃ উপস্থিতবুদ্ধির্জনঃ যদি প্রাপ্তাং ক্রিয়াং কর্ত্তুং ব্যবস্যতি চেষ্টতে তদা তত্র ক্রিয়ায়াং কার্য্যগৌরবাৎ চাপল্যাচ্চ সিদ্ধিঃ সাংশয়িকী সংশযাপন্না স্যাৎ ॥ ৭০ ॥

সালসঃ আলস্যযুক্তঃ সন্ যদি কালে সময়ে ক্রিয়াং কর্ত্তুং নৈব যততে তদা কুত্রাপি সময়ে তস্য কর্ম্মণঃ সিদ্ধিঃ ন ভবতি তথা সঃ সান্বয়ঃ সংশয়শ্চ নশ্যতি ॥ ৭১ ॥

এই কার্য্য অসাধ্যসাধন এইটা জানিয়াও যে ব্যক্তি তাহা করিতে চেষ্টিত হয় সেই ব্যক্তি প্রথমে বিশেষ বিবেচনা করিয়া কার্য্য কবিবে তাহা হইলেই সেই কার্য্যের দ্বারা সুখভোগ করিতে সক্ষম হয় ॥ ৬৯ ॥

কোন কার্য্য উপস্থিত হওয়া মাত্রই যদি বিবেচনা না করিয়া উৎপন্নবুদ্ধি অনুসারে তাহা করিতে উদ্যত হয় তাহাহইলে চপলতা প্রযুক্ত সেই কার্য্যের সিদ্ধি হয় কি না সন্দেহ ॥ ৭০ ॥

এবং আলস্য পূর্ব্বক সময় অনুসারে যদি কার্য্য করিতে যত্নবান্ না হয় তাহাহইলে কোন কালেই সেই কার্য্যের সিদ্ধি হয় না এবং হইবে যে তাহার আশাও থাকে না ॥ ৭১ ॥

ক্রিয়াফল মবিজ্ঞায় যততে সাহসী চ সঃ।
দুঃখভাগীভবত্যেব ক্রিয়য়া তৎফলেন বা ।। ৭২ ॥
মহৎকালেনাল্পকর্ম্ম চিরকারী করোতি চ।
স শোচত্যল্পফলতো দীর্ঘদর্শী ভবেদতঃ ।। ৭৩ ॥
সুফলন্তু ভবেৎ কর্ম্ম কদাচিৎ সহসাকৃতম্।
নিষ্ফলংবাপি প্রভবেৎ কদাচিৎ সুবিচারিতম্।। ৭৪ ॥

যঃ ক্রিয়াফলং অবিজ্ঞায় কর্ত্তুং যতেত চেষ্টতে স সাহসী জনঃ ক্রিয়য়া বা তৎফলেন ক্রিয়াফলেন দুঃখভাগী ভবত্যেব ॥ ৭২ ॥

যঃ চীবকারী দীর্ঘসূত্রী সন্ মহৎকালেন দীর্ঘকালেন অল্পকর্ম্ম কবোতি সঃ অল্পফলতঃ কার্য্যস্থ অল্পফলাৎ শোচতি অনুতপতি অতঃ দীর্ঘদর্শী ভবেৎ ॥ ৭৩ ॥

সহসা কৃতং কর্ম্ম কদাচিৎ সুফলং ভবেৎ, সুবিচাবিতং শোভনেন বিবেচিতং কর্ম্ম চ বাপি কদাচিৎ নিষ্ফলং প্রভবেৎ ॥ ৭৪ ॥

কোন্ কার্য্যের কি ফল তাহা বিবেচনা না করিয়া যদ্যপি কার্য্য কবিতে উদ্যত হয় তাহা হইলে সেই দুঃসাহসী ব্যক্তিকে সেই কার্য্যের দ্বারা কি তাহাব ফলের দ্বারা নিশ্চয় দুঃখভাগী হইতে হয় ॥ ৭২ ॥

দীর্ঘসূত্রী হইয়া অনেক সময়ে যদি অল্প কার্য্য করে তাহাহইলে কার্য্যের ফল অল্প হওয়া প্রযুক্ত সেই দীর্ঘসূত্রীকে পরিতাপ করিতে হয়, অতএব বিবেচনাশীল হইয়া কার্য্য করিবে ॥ ৭৩ ॥

সহসা কার্য্য করিতে গেলে কদাচিৎ সেই কার্য্য সফল হয়। এবং বিবেচনা পূর্ব্বক কার্য্য করিলেও কদাচিৎ সেইকার্য্য নিষ্ফল হয়। অতএব সকল কার্য্যই বিবেচনা পূর্ব্বক করিবে ॥ ৭৪ ॥

তথাপি নৈব কুর্ব্বীত সহসাঽনর্থকারি তৎ।
কদাচিদপি সঞ্জাত মকার্য্যা দিষ্ট সাধনম্॥ ৭৫॥
যদনিষ্টন্তু সৎকার্য্যা ন্নাকার্য্যপ্রেরকং হি তৎ॥ ৭৬॥"
ভৃত্যো ভ্রাতাপি বা পুত্রঃ পত্নী কুর্য্যান্ন চৈব যৎ।
বিধাস্যন্তি চ মিত্রাণি তৎ কার্য্য মবিশঙ্কিতম্॥ ৭৭॥
যো হি মিত্রমবিজ্ঞায় যাথাতথ্যেন মন্দধীঃ।
মিত্রার্থে যোজয়ত্যেনং তস্য সোঽর্থোঽবসীদতি॥ ৭৮॥

তথাপি কদাচিৎ সাফল্যেঽপি সহসা কার্য্যং নৈব কুর্ব্বীত যতঃ তৎ সহসা কার্য্যং অনর্থকারি। কদাচিদপি অকার্য্যাৎ ইষ্টসাধনঞ্চ সঞ্জাতং দৃশ্যতে। সৎ কার্য্যাৎ যৎ যদি অনিষ্টং স্যাৎ তদাপি তৎ সৎকার্য্যং অকার্য্যপ্রেরকং ন ইতি হি নিশ্চিত মেব॥ ৭৫। ৭৬॥

ভৃত্যঃ, ভ্রাতা, পুত্রঃ অথবা পত্নী যৎকার্য্যং নৈব কুর্য্যাৎ কিন্তু মিত্রাণি সুহৃদঃ অবিশঙ্কিতং নিঃশঙ্কিতং যথা তথা বিধাস্যন্তি করিষ্যন্তি॥ ৭৭॥

যঃ মন্দধীঃ মূর্খঃ যাথাতথ্যেন যথার্থেন মিত্রং অবিজ্ঞায় মিত্রার্থে প্রিয়কার্য্যার্থে এনং অর্থং যোজয়তি তস্য জনস্য সঃ অর্থঃ অবসীদতি বিনশ্যতি॥ ৭৮॥

সহসা কার্য্য করিলে যদিচ কদাচিৎ সেই কার্য্য সফল হয় তথাপি সহসা কার্য্য অনর্থকারি অতএব তাহা করিবে না। কোন স্থানে অবৈধকার্য্যের দ্বারাও ইষ্ট সাধন হয়। আবার কোন স্থানে বৈধকার্য্যের দ্বারাও অনিষ্ট সাধন হয়। কিন্তু বৈধ কার্য্যের দ্বারা যদিচ দৈবাৎ অনিষ্ট সাধন দৃষ্ট হয় বাস্তবিক সেই বৈধ-কার্য্য যে অনিষ্ট সাধনের কারণ তাহা কদাপি নহে ইহা নিশ্চয়॥ ৭৫। ৭৬॥

ভৃত্য, ভ্রাতা, পুত্র, অথবা পত্নী ইহারা যে কার্য্য না করে তাহাও নিঃশঙ্কিত ভাবে বন্ধুগণেরা সম্পাদিত করিয়া থাকে॥ ৭৭॥

যে মুর্খ ব্যক্তিরা বন্ধুর পরিচয় না জানিয়া বন্ধুভাবে ধন সঞ্চয় করে তাহাদিগের সেই ধন নিশ্চয় বিনাশ প্রাপ্ত হয়॥ ৭৮॥

ন হি মানসিকো ধর্ম্মঃ কস্যচিজ্জ্ঞায়তেঽঞ্জসা।
অতো যতেত তৎ প্রাপ্ত্যৈ মিত্রলব্ধির্বরা নৃণাম্ ॥ ৭৯ ॥
নাত্যন্তং বিশ্বসেৎ কঞ্চিৎ বিশ্বস্তমপি সর্ব্বদা।
পুত্রং বা ভ্রাতরং ভার্য্যা মমাত্য মধিকারিণম্ ॥ ৮০ ॥
ধনস্ত্রীরাজ্যলাভো হি সর্ব্বেষা মধিকো যতঃ।
প্রামাণিক ঞ্চানুভূত মাপ্তং সর্ব্বত্র বিশ্বসেৎ ॥ ৮১ ॥

কস্যচিজ্জনস্যাপি মানসিকো ধর্ম্মঃ অঞ্জসা তত্ত্বতঃ নহি জ্ঞায়তে কেবলং মিত্রস্যৈ বেত্তিভাবঃ। অতঃ তৎ প্রাপ্ত্যৈ তস্য মিত্রস্য প্রাপ্তিনিমিত্তং যতেত যতঃ নৃণাং মিত্রলব্ধিঃ বরা শ্রেষ্ঠা স্যাৎ ॥ ৭৯ ॥

পুত্রং ভ্রাতরং ভার্য্যাং অমাত্যং অথবা বিশ্বস্তং অধিকারিণ মপি কঞ্চিৎ সর্ব্বদা ন অত্যন্তং বিশ্বসেৎ ॥ ৮০ ॥

যতঃ সর্ব্বেষাং জনানামেব ধনেষু স্ত্রীষু রাজ্যেষু চ লোভঃ অধিকঃ প্রবলঃ ইতি হি নিশ্চিতং। অতঃ সর্ব্বত্র কার্য্যে প্রামাণিকং প্রমাণসিদ্ধং অনুভূতং পরিচিতং আপ্তং আত্মীয়ং জনং বিশ্বসেৎ ॥ ৮১ ॥

বন্ধু ব্যতিরেকে কোন ব্যক্তিরই মানসিক ধর্ম্ম পরিজ্ঞাত হওয়া যায় না অতএব সেই বন্ধু যাহাতে প্রাপ্ত হওয়া যায় সর্ব্বদা তাহার চেষ্টা করিবে যে-হেতু মনুষ্য সম্বন্ধে বন্ধুপ্রাপ্তির তুল্য শ্রেষ্ঠ লাভ আর নাই ॥ ৭৯ ॥

পুত্রই হউক, ভ্রাতাই হউক, ভার্য্যাই হউক, অমাত্যই হউক, অথবা কোন বিশ্বস্তকর্ম্মচারীই হউক ইহার কোন ব্যক্তিকেই সর্ব্বদা অত্যন্তবিশ্বাস করিবে না ॥ ৮০ ॥

যেহেতু সকল মনুষ্যেরই ধনেতে, স্ত্রীতে এবং রাজ্যেতে অত্যন্ত লোভ হইয়া থাকে অতএব সমুদয় কার্য্যেতেই যে ব্যক্তি বিশ্বস্তভাবে বিশেষ পরিচিত অথচ আত্মীয় হয় তাহাকেই বিশ্বাস করিবে ॥ ৮১ ॥

বিশ্বসিত্বাত্মবদ্গূঢ় স্তৎ কার্য্যং বিমৃশেৎস্বয়ম্।
তদ্বাক্যং তর্কতোঽনর্থং বিপরীতং ন চিন্তয়েৎ ॥ ৮২ ॥
চতুঃষষ্টিতমাংশং ত ন্নাশিতুং ক্ষময়ে দথ।
স্বধর্ম্মনীতিবলবাং স্তেনমৈত্রীং প্রধারয়েৎ ॥ ৮৩ ॥
দানৈ র্মানৈশ্চ সৎকারৈঃ সুপূজ্যান্ পূজয়েৎ সদা ॥ ৮৪ ॥
কদাপি নোগ্রদণ্ডঃ স্যাৎ কটুভাষণতৎপরঃ।
ভার্য্যাপুত্রোপ্যুদ্বিজতে কটুবাক্যাৎ প্রদণ্ডতঃ ॥ ৮৫ ॥

আত্মবৎআত্মান মিব বিশ্বসিত্বা গূঢ়ঃ গম্ভীরঃ সন্ স্বয়ং তৎকার্য্যং তস্য বিশ্বস্তস্য কার্য্যং বিমৃশেৎ বিশেষেণ পশ্যেৎ তস্য বাক্যঞ্চ তর্কতঃ তর্কেণ অনর্থং তথা বিপরীতঞ্চ ন চিন্তয়েৎ ॥ ৮২ ॥

সঃ বিশ্বস্তঃ যদি স্বধর্ম্মনীতিষু বলবান্ ভবেৎ তদা তস্য কার্য্যস্য চতুঃষষ্টিতমাংশং চতুঃষষ্টিভাগৈকভাগং যৎ তস্য নাশিতুঞ্চ ক্ষময়েৎ ন, ন ইতি পূর্ব্বশ্লোকেনান্বয়ঃ। তেন সহ মৈত্রীং প্রধারয়েৎ রক্ষেৎ ॥ ৮৩ ॥

তান্ সুপূজ্যান্ বিশ্বস্তান্ দানৈঃ মানৈঃ সৎকারৈশ্চ সদা পূজয়েৎ ॥ ৮৪ ॥

কদাপি উগ্রদণ্ডঃ কটুভাষণতৎপরশ্চ ন স্যাৎ, কটুবাক্যাৎ প্রবলদণ্ডতশ্চ ভার্য্যা পুত্রোপি উদ্বিজতে উদ্বেগং প্রাপ্নোতি ॥ ৮৫ ॥

এবং বিশ্বাস করিতে হইলে সেই বিশ্বাসও আপনাকে যেরূপে করিতে হয় সেইরূপ করিয়া গম্ভী রত্ব ভাবে স্বয়ং তাহার কার্য্য দর্শন করিবে এবং তর্ক বিতর্ক করিয়া তাহার কথাকে কোন মতে মিথ্যাজ্ঞান কিম্বা বিপরীত বোধ করিবে না ॥ ৮২ ॥

এইরূপ ভাবে যেব্যক্তি বিশ্বস্ত হইবে সে ব্যক্তি যদি স্বধর্ম্মেতে এবং নীতিতে বলবান্ হয় তাহাহইলে তাঁহার কার্য্যের চৌষট্টী অংশের এক অংশকেও অন্যথা করিতে কেহ সক্ষম হয় না অতএব সেই রূপ ব্যক্তি যে হয় তাহার সহিতই মিত্রতা করিবে ॥ ৮৩ ॥

এবং সেইরূপ বিশ্বস্ত মিত্রকেই দান, মান এবং সৎকারের দ্বারা সর্ব্বদা পূজা করিবে ॥ ৮৪ ॥

কখনই উগ্রদণ্ড এবং কটুবাক্য ব্যবহার করিবে না উগ্রদণ্ড এবং কটু. বাক্যের দ্বারা স্ত্রী পুত্রগণও বৈরক্তি ভাবকে আশ্রয় করে ॥ ৮৫ ॥

পশবোপি বশং যান্তি দানৈশ্চ মৃদুভাষণৈঃ ।। ৮৬ ।।
ন বিদ্যয়া ন শৌর্য্যেণ ধনেনাভিজনেন চ।
ন বলেন প্রমত্তঃ স্যাচ্চাতিমানী কদাচ ন ॥ ৮৭ ॥
নাপ্তোপদেশং সংবেত্তি বিদ্যামত্তঃ স্বহেতুভিঃ।
অনর্থ মপ্যভিপ্রেতং মন্যতে পরমার্থবৎ ॥ ৮৮ ॥
মহাজনৈ ধৃতঃ পন্থা যেন সন্ত্যজ্যতে বলাৎ।
শৌর্য্যমত্তস্তু সহসা যুদ্ধং কৃত্বা জহাত্যসূন্।
ব্যূহাদিযুদ্ধকৌশল্যং তিরস্কৃত্য চ শস্ত্রবান্ ॥ ৮৯ ॥

পশবঃ অপি দানৈঃ গ্রাশাদিপ্রদানৈঃ মৃদুভাষণৈশ্চ বশংযান্তি বশীভূতাঃ ভবন্তি ।। ৮৬ ।।

ন বিদ্যয়া, ন শৌর্য্যেণ, ন ধনেন, ন অভিজনেন কৌলীন্যেন, ন বলেন, কদাচ প্রমত্তঃ অতিমানীচ ন স্যাৎ ।। ৮৭ ।।

বিদ্যামত্তঃ বিদ্যয়া উন্মত্তোজনঃ ন আপ্তোপদেশং সংবেত্তি। অনর্থং অপি অভিপ্রেতং পরমার্থবৎ পরমার্থতুল্যং মন্যতে ।। ৮৮ ।।

যেন জননেন মহাজনৈঃ ধৃতঃ সেভিতঃ পন্থাঃ বলাৎ সন্ত্যজ্যতে। তথা যশ্চ ব্যূহাদি যুদ্ধকৌশল্যং তিরস্কৃত্য শৌর্য্যেণ বলেন উন্মত্তঃ সন্ শস্ত্রবান্ ভবেৎ সঃ যুদ্ধং কৃত্বা সহসা অসূন্ প্রাণান্ জহাতি ।। ৮৯ ॥

গ্রাশাদি প্রদান এবং সুমধুর বাক্যের দ্বারা পশুগণ পর্য্যন্তও বশতাপন্ন হয় অতএব সর্ব্বদাই সুমধুর বাক্য ব্যবহার করিবে ॥ ৮৬ ॥

বিদ্যার দ্বারা কি শৌর্য্যের দ্বারা কি ধনের দ্বারা কি কৌলীন্যের দ্বারা কিম্বা বলের দ্বারা কদাপি প্রমত্ত ও অভিমানী হইবে না ॥ ৮৭ ॥

বিদ্যাতে উন্মত্ত হইলে কেহ উপদেশ প্রদান করিলেও তাহা অগ্রাহ্য করে এবং নিজের অন্যায় মতকে পরমার্থের ন্যায় জ্ঞান করিয়া থাকে ॥ ৮৮ ॥

যে ব্যক্তি সজ্জনের মতকে বল পূর্ব্বক অন্যথা করে এবং যেব্যক্তি ব্যূহ প্রভৃতি যুদ্ধের কৌশল সকল অগ্রাহ্য পূর্ব্বক শৌর্য্যেতে উন্মত্ত হইয়া অস্ত্রধারণ করে তাহাকে সহসাই কালের করাল কবলে নিপতিত হইতে হয় ॥ ৮৯ ॥

শ্রীমত্তঃ পুরুষো বেত্তি ন দুষ্কীর্ত্তিং মজো যথা।
স্বমূত্রগন্ধং মূত্রেণ মুখমাসিঞ্চতে স্বকম্ ॥ ৯০ ॥
তথাভিজনমত্তস্তু সর্ব্বানেবাবমন্যতে।
শ্রেষ্ঠানপীতরান্ সম্যগকার্য্যে কুরুতে মতিম্ ॥ ৯১ ॥
বলমত্তস্তু সহসা যুদ্ধে বিকুরুতে মনঃ।
বলেন বাধতে সর্ব্বান্ পশ্বাদীনপি চান্যথা ॥ ৯২ ॥

অজঃ ছাগঃ যথা স্বস্য মূত্রগন্ধং ন বেত্তি, মূত্রেণ স্বকং স্বকীয়ং মুখং আসিঞ্চতে। তথা শ্রীমত্তঃ ঐশ্বর্য্যমত্তঃ পুরুষঃ দুষ্কীর্ত্তিং ন বেত্তি ॥ ৯০ ॥

তথা তেন প্রকারেণ অভিজনেন কৌলীন্যেন মত্তস্তু শ্রেষ্ঠান্ মাননীয়ান্ ইতরান্ অন্যাংশ্চ সর্ব্বান্ এব অবমন্যতে, অকার্য্যে কুৎসিতকার্য্যে সম্যক্ মতিং কুরুতে চ ॥ ৯১ ॥

বলেন মত্তস্তু সহসা যুদ্ধে মনঃ বিকুরুতে, বিকৃতং করোতি তথা সর্ব্বান্ পশ্বাদীনপি অন্যথা যুদ্ধাভাবেন বলেন বাধতে পীড়য়তি, যুদ্ধশ্চেন্ন ঘটতে তদা বলং পশূনাং মৃগাদীনাম্ পরি ক্ষপয়তীত্যর্থঃ ॥ ৯২ ॥

ছাগ যেমন আপনার মূত্রের গন্ধ পরিজ্ঞাত হয় না। এবং সেই মূত্রের দ্বারা আপনার মুখকেই অভিষিক্ত করিয়া পশ্চাৎ মুখের বিকৃতি ভাব অবলম্বন করে, তদ্রূপ ঐশ্বর্য্যমত্ত পুরুষগণও আপনার দুষ্কীর্ত্তি পরিজ্ঞাত হয় না এবং আপনার দুষ্কীর্ত্তির দ্বারা আপনার মুখকে কলঙ্কিত করে ॥ ৯০ ॥

সেই প্রকার কৌলীন্যেতে উন্মত্ত পুরুষেরাও আমি কুলীন এইরূপ অভিমান করিয়া কি সাধুগণ কি অসাধুগণ সকলকেই অপমানিত করে, এবং অনুচিত কার্য্যে সর্ব্বদাই মনকে অভিনিবেশ করিয়া থাকে ॥ ৯১ ॥

যাহারা বলেতে উন্মত্ত তাহারা সহসাই যুদ্ধ করিতে অগ্রসর হয়, যদি দৈবাৎ কখনও যুদ্ধ না ঘটে, তখন বলের বিকার সহ্য করিতে না পারিয়া পশু প্রভৃতি সকলকেও উৎপীড়িত করে ॥ ৯২ ॥

(৯২) যুদ্ধে বিদধতে মন ইতি পাঠান্তরং

মানমত্তো মন্যতে স্ম তৃণবচ্চাখিলং জগৎ।
অনর্হোঽপিচ সর্ব্বেভ্য স্ত্বত্যর্ঘাসন মিচ্ছতি ॥ ৯৩ ॥
মদা এতেঽবলিপ্তানাং সতা মেতে দমাঃ স্মৃতাঃ ॥ ৯৪ ॥
বিদ্যায়াশ্চ ফলং জ্ঞানং বিনয়শ্চ ফলং শ্রিয়ঃ।
যজ্ঞদানে বলফলং সদ্রক্ষণ মুদাহৃতম্ ॥ ৯৫ ॥
নামিতাঃ শত্রবঃ শৌর্য্যফলঞ্চ করদীকৃতাঃ।
শমো দমশ্চার্জ্জবঞ্চাভিজনস্য ফল ত্বিদম্।
মানস্য তু ফলঞ্চৈতৎ সর্ব্বে স্বসদৃশা ইতি ॥ ৯৬ ॥

মানেন অভিমানেন মত্তোজনঃ অখিলং জগৎ তৃণবৎ মন্যতে। তথা অনর্হোঽপি অযোগ্যোঽপি সর্ব্বেভ্যঃ অত্যর্ঘাসনং অতি শ্রেষ্ঠাসনং ইচ্ছতি ॥ ৯৩ ॥

অবলিপ্তানাং গর্ব্বিতানাং এতে মানাদয়ঃ মদাঃ মত্ততাজনকাঃ। সতাং সাধূনাং এতে দমাঃ বিনয়জনকাঃ স্মৃতাঃ কথিতাঃ ॥ ৯৪ ॥

বিদ্যায়াঃ ফলং জ্ঞানং বিনয়শ্চ, শ্রিয়ঃ সম্পদঃ ফলং যজ্ঞদানে যজ্ঞঃ দানঞ্চ, বলস্য ফলং সতাং সাধূনাং রক্ষণং উদাহৃতং কথিতং ॥ ৯৫ ॥

শৌর্য্যস্য ফলং শত্রবঃ নামিতাঃ খর্ব্বিতাঃ, করদীকৃতাঃ করাদানেন বশীকৃতাঃ, অভিজনস্য কৌলীন্যস্য ফলং তু শমঃ শান্তিঃ, দমঃ বিনয়ঃ, তথা আর্জ্জবং সারল্যং। মানস্যচ এতৎ ফলং যথা সর্ব্বে স্বসদৃশাঃ ভবন্তি ॥ ৯৬ ॥

অভিমানেতে উন্মত্ত হইলে সেই ব্যক্তি সমস্ত জগৎকেই তৃণের তুল্য জ্ঞান করে, এবং স্বয়ং উপযুক্ত না হইলেও সকলকার হইতে উৎকৃষ্ট আসনের ইচ্ছা করে ৯৩ ॥

এই অভিমান প্রভৃতি যে সকল উক্ত হইল এই সকল গর্ব্বিত ব্যক্তির সম্বন্ধে মত্ততাজনক, কিন্তু সাধুলোকের সম্বন্ধে বিনয়ের কারণ হয় ॥ ৯৪ ॥

বিদ্যার ফল জ্ঞান এবং বিনয়। সম্পদের ফল যজ্ঞ এবং দান। বলের ফল সৎলোককে-রক্ষা করা ॥ ৯৫ ॥

শৌর্য্যের ফল শত্রুগণকে খর্ব্ব করা এবং তাহাদিগের নিকট হইতে কর আদায় করা। কৌলীন্যের ফল শান্ততা, বিনয় এবং সরলতা ও সম্মানের ফলও শান্ততা, বিনয় এবং সকলকে আপনার সদৃশ জ্ঞান করা ॥ ৯৬ ॥

সুবিদ্যামন্ত্রভৈষজ্যস্ত্রীরত্নং দুষ্কুলাদপি।
গৃহ্লীয়াৎ সুপ্রযত্নেন মানমুৎসৃজ্য সাধকঃ॥ ৯৭॥
উপেক্ষেত প্রনষ্টং যৎ প্রাপ্তং যৎ তদুপাহরেৎ।
ন বালং ন স্ত্রিয়ঞ্চাতিলালয়েৎ তাড়য়েন্ন চ।
বিদ্যাভ্যাসে গৃহ্যকৃত্যে তাবুভৌ যোজয়েৎ ক্রমাৎ॥ ৯৮॥
পরদ্রব্যং ক্ষুদ্রমপি নাদত্তং স হরেদণু।
নোচ্চারয়েদঘং কস্য স্ত্রিয়ং নৈব চ দূষয়েৎ॥ ৯৯॥

সাধকঃ কার্য্যার্থী লোকঃ মানং উৎসৃজ্য ত্যক্ত্বা দুষ্কুলাদপি সুবিদ্যাং, মন্ত্রং, ভৈষজ্যং, স্ত্রীং, রত্নঞ্চ সুপ্রযত্নেন গৃহ্লীয়াৎ॥ ৯৭॥

যৎ দ্রব্যং প্রনষ্টং তৎ উপেক্ষেত, যৎ প্রাপ্তং যৎ উপাহরেৎ। ন বালং ন স্ত্রিয়ঞ্চ অতিলালয়েৎ তাড়য়েচ্চ ন। তৌ উভৌ বিদ্যাভ্যাসে গৃহকৃত্যে চ ক্রমাৎ যোজয়েৎ॥ ৯৮॥

ক্ষুদ্রং অল্পমপি পরদ্রব্যং অদত্তং যৎ তৎ ন সংহরেৎ। কস্যাপি জনস্য অণু ক্ষুদ্রমপি অঘং পাপং ন উচ্চারয়েৎ। তথা স্ত্রিয়ঞ্চ ন এব দূষয়েৎ॥ ৯৯॥

আপনার কার্য্য সাধন করিতে ইচ্ছা করিলে মান পরিত্যাগ করিয়া অতি কুৎসিত কুল হইতেও বিদ্যা, মন্ত্র, ঔষধ ও রত্নরূপা সুশীলা স্ত্রী যত্নের সহিত গ্রহণ করিবে॥ ৯৭॥

যে দ্রব্য নষ্ট হইয়াছে তাহা উপেক্ষা করিবে, যাহা প্রাপ্ত হয় তাহা গ্রহণ করিবে। এবং বালক ও স্ত্রী ইহাদিগকে অত্যন্ত লালিত কিম্বা অত্যন্ত পীড়িতও করিবে না। বালকে সর্ব্বদা বিদ্যার অভ্যাস বিষয়ে ও স্ত্রীকে গৃহ কার্য্যে নিয়োজিত করিবে॥ ৯৮॥

পরের দ্রব্য অতি ক্ষুদ্র হইলেও প্রদান না করিলে গ্রহণ করিবে না। এবং কাহারও পাপের কার্য্য অণুমাত্রও প্রকাশ করিবে না ও স্ত্রীকেও দূষিত করিবেনা॥ ৯৯॥

ন ব্রূয়াদনৃতং সাক্ষ্যং কৃতং সাক্ষ্যং ন লোপয়েৎ।
প্রাণাত্যয়েঽনৃতং ব্রূয়াৎসুমহৎকার্য্যসাধনে॥ ১০০॥
কন্যাদাত্রে তু হ্যধনং দস্যবে সধনং নরম্।
গুপ্তং জিঘাংসবে নৈব বিজ্ঞাত মপি দর্শয়েৎ॥ ১০১॥
জায়াপত্যোশ্চ পিত্রোশ্চ ভ্রাত্রোশ্চ স্বামিভৃত্যয়োঃ।
ভগিন্যোর্ম্মিত্রয়োর্ভেদং ন কুর্য্যাদ্ গুরুশিষ্যয়োঃ॥ ১০২
ন মধ্যাদ্গমনং ভাষাশালিনোঃ স্থিতয়ো রপি।
সুহৃদং ভ্রাতরং বন্ধু মুপচর্য্যাৎ সদাত্মবৎ॥ ১০৩॥

অনৃতং মিথ্যাসাক্ষ্যং ন ব্রূয়াৎ; কৃতং সাক্ষ্যঞ্চ ন লোপয়েৎ। প্রাণাত্যয়ে প্রাণনাশে, তথা সুমহৎ কার্য্যসাধনে চ অনৃতং মিথ্যাং ব্রূয়াৎ॥ ১০০॥

কন্যাদাত্রে অধনং নির্দ্ধনং, দস্যবে সধনং ধনবন্তং তথা জিঘাংসবে গুপ্তং লুক্কায়িতং নরং বিজ্ঞাতমপি ন এব দর্শয়েৎ॥ ১০১॥

জায়াপত্যোঃ স্ত্রীস্বামিনোঃ, পিত্রোঃ জননীজনকয়োঃ, ভ্রাত্রোঃ ভ্রাতৃযুগলস্য, স্বামিভৃত্যয়োঃ, ভগিন্যোঃ ভগিনীযুগলস্য, তথা মিত্রয়োঃ বন্ধুযুগলস্য চ তথা গুরুশিষ্যয়োশ্চ ভেদং মনোভঙ্গং ন কুর্য্যাৎ॥ ১০২॥

ভাষাশালিনোঃ পরস্পরং কথোপকথনং কুর্ব্বতোঃ, স্থিতয়োঃ মধ্যাৎ গমনং ন কুর্য্যাৎ কুর্য্যাদিতি পূর্ব্বেণান্বয়ঃ। কিন্তু সুহৃদং, ভ্রাতরং বন্ধুং সদা আত্মবৎ উপচর্য্যাৎ ব্যবহরেৎ॥ ১০৩॥

কদাপি মিথ্যা সাক্ষ্য প্রদান করিবে না এবং কেহ সাক্ষ্যমান্য করিলে তাহাও লোপ করিবে না। কিন্তু কাহারো প্রাণবধ হয় সেই সময়ে এবং সুমহৎ কার্য্যসাধন হইলে তাহাতে মিথ্যা কথা বলিবে॥ ১০০॥

যে ব্যক্তি কন্যাদান করিতে ইচ্ছা করে তাহার জন্যে নির্দ্ধনী ব্যক্তিকে, যে ব্যক্তি দস্যুতাবৃত্তি করিতে ইচ্ছা করে তাহার জন্যে ধনবান্ ব্যক্তিকে, এবং যে ব্যক্তি বধ করিতে ইচ্ছা করে তাহার জন্যে লুকায়িত ব্যক্তিকে পরিজ্ঞাত থাকিলেও দর্শাইয়া দিবে না॥ ১০১॥

স্বামী ও ভার্য্যার, জনক ও জননীর, প্রভু ও ভৃত্যের, ভ্রাতৃদ্বয়ের, ভগিনীদ্বয়ের, বন্ধুদ্বয়ের এবং গুরুশিষ্যের পরস্পর মনোভঙ্গ করিবে না॥ ১০২॥

দুইটি লোক কথোপকথন করিতেছে কিম্বা দুইটি লোক দণ্ডায়মান রহিয়াছে ইহাদিগের মধ্য দেশদিয়া গমন করিবে না। এবং পরিজন, ভ্রাতা ও বন্ধু ইহাদিগকে আত্মার সদৃশ জ্ঞান করিয়া উপকৃত করিবে॥ ১০৩॥

গৃহাগতং ক্ষুদ্রমপি যথার্হং পূজয়েৎ সদা।
তদীয় কুশলপ্রশ্নৈঃ শক্ত্যা দানৈর্জলাদিভিঃ॥ ১০৪॥
সপুত্রস্ত গৃহেকন্যাং সপুত্রাঃ বাসয়েন্নহি।
সভর্ত্তৃকাঞ্চ ভগিনী মনাথে তে তু পালয়েৎ॥ ১০৫॥
সর্পোঽগ্নির্দুর্জ্জনো রাজা জামাতা ভগিনীসুতঃ।
রোগঃ শত্রুর্নাবমান্যোঽপ্যল্প ইত্যুপচারিতঃ॥ ১০৬॥
ক্রৌর্য্যাৎ তৈক্ষ্ণাদ্ দুঃস্বভাবাৎ স্বামিত্বাৎ পুত্রিকাভয়াৎ।
স্বপূর্ব্বজপিণ্ডদত্বাদ্ বৃদ্ধিভীত্যামুপাচরেৎ॥ ১০৭॥

গৃহাগতং গৃহে আগতং ক্ষুদ্রং নীচমপি জনং তস্য কুশলপ্রশ্নৈঃ শক্ত্যা শক্ত্যনুসারেণ যথার্হং যথাযোগ্যং জলাদিভিঃ দানৈঃ সদা পূজয়েৎ॥ ১০৪॥

সপুত্রঃ পুত্রবান্ জনঃ গৃহে সপুত্রাং পুত্রবতীং কন্যাং তথা সভর্ত্তৃকাং সধবাং ভগিনীং নহি গৃহে বাসয়েৎ। কিন্তু তে কন্যাভগিন্যৌ অনাথে পতিপুত্ররহিতে তু পালয়েৎ॥ ১০৫॥

সর্পঃ, অগ্নিঃ, দুর্জ্জনঃ, রাজা, জামাতা, ভগিনীসুতঃ, রোগঃ, তথা শত্রুশ্চ অল্পঃ ক্ষুদ্রোপি উপচারিতঃ অসমর্থ ইতি ন অবমান্যঃ॥ ১০৬॥

কথমিত্যাহ ক্রৌর্য্যাদিতি। ক্রৌর্য্যাৎ ক্রূরত্বাৎ সর্পং, তৈক্ষ্ণ্যাৎ দাহকত্বাৎ অগ্নিং, দুঃস্বভাবাৎ দুর্জ্জনং, স্বামিত্বাৎ রাজানং, পুত্রিকাভয়াৎ জামাতরং, স্বস্য পূর্ব্বজেভ্যঃ

কোন ব্যক্তি গৃহেতে সমাগত হইলে সেইব্যক্তি যদ্যপি নীচজাতিও হয় তথাপি তাহাকে কুশল সংবাদ জিজ্ঞাসা করিয়া যথাসাধ্য পাদ্যাদি প্রদান পূর্ব্বক পূজা করিবে॥ ১০৪॥

যাহার পুত্র আছে সেই ব্যক্তি পুত্রবতী কন্যাকে এবং সধবা ভগিনীকে কদাপি আপনার গৃহে বাস করাইবে না, কিন্তু কন্যা এবং ভগিনী ইহারা যদি পতি পুত্র রহিত হয় তাহাহইলে প্রতিপালন করিবে॥ ১০৫॥

সর্প, অগ্নি, দুর্জ্জন, রাজা, জামাতা, ভাগিনেয়, রোগ, এবং শত্রু ইহারা ক্ষুদ্র হইলেও অকিঞ্চিৎকর মনে করিয়া অবহেলা করিবে না॥ ১০৬॥

ক্রূরত্ব প্রযুক্ত সর্পকে, দাহকত্ব প্রযুক্ত অগ্নিকে, দুঃখদায়কত্ব প্রযুক্ত দুর্জ্জনকে, স্বামিত্ব প্রযুক্ত রাজাকে, কন্যার ভয়েতে জামাতাকে, পিতৃ পুরুষের

ঋণশেষং রোগশেষং শত্রুশেষং ন রক্ষয়েৎ।
যাচকাদ্যৈঃ প্রার্থিতঃ স ন্ন তীক্ষ্ণঞ্চোত্তরং বদেৎ।
তৎকার্য্যন্তু সমর্থশ্চেৎ কুর্য্যাদ্বা কারয়ীত চ॥ ১০৮॥
দাতৃণাং ধার্ম্মিকানাঞ্চ শূরাণাং কীর্ত্তনং সদা।
শৃণুয়াত্ত্ব প্রযত্নেন তচ্ছিদ্রং নৈব লক্ষয়েৎ॥ ১০৯॥
কালে হিতমিতাহারবিহারাবিঘসাশনঃ।
অদীনাত্মা চ সুস্বপ্নঃ শুচিঃ স্যাৎ সর্ব্বদা নরঃ॥ ১১০॥

পিতৃপুরুষেভ্যঃ পিণ্ডদত্বাৎ ভগিনী সুতং, বৃদ্ধেঃ রোগং, তথা ভিন্নাঃ শত্রুং উপাচরেৎ সেবেত॥ ১০৭॥

ঋণশেষং, রোগশেষং তথা শত্রুশেষং ন রক্ষয়েৎ। যাচকাদ্যৈঃ ভিক্ষু প্রভৃতিভিঃ প্রার্থিতঃ সন্ তীক্ষ্ণং কর্কশং উত্তরং ন বদেৎ। সমর্থশ্চেৎ তৎকার্য্যং যাচককার্য্যং কুর্য্যাৎ বা কারয়ীত॥ ১০৮॥

দাতৃণাং, ধার্ম্মিকানাং শূরাণাঞ্চ কীর্ত্তনং সদা প্রযত্নেন শৃণুয়াৎ। তেষাং ছিদ্রং দোষং ন লক্ষয়েৎ॥ ১০৯॥

নরঃ কালে সময়ে হিতমিতাহারবিহারাবিঘসাশনঃ হিতঃ হিতকরঃ মিতঃ পরিমিতঃ আহারঃ বিহারশ্চ যস্য তথা ভূতঃ, অবিঘসাশনঃ অনুচ্ছিষ্টশেষভোজী, অদীনাত্মা অকাতরভাবঃ, সুস্বপ্নঃ সুনিদ্রঃ, তথা সর্ব্বদা শুচিশ্চ স্যাৎ (অমৃতং বিঘসো যজ্ঞশেষ ভোজন শেষ য়োরিত্যমরঃ)॥ ১১০॥

পিণ্ডের জন্যে ভাগিনেয়কে, বৃদ্ধির আশঙ্কা করিয়া রোগকে, এবং ভয় প্রযুক্ত শত্রুকে অবস্তব করিবেন॥ ১০৭॥

ঋণেরশেষ, রোগেরশেষ, এবং শত্রুর শেষ রাখিবে না। যাচকগণ কিছু প্রার্থনা করিলে তাহাদিগের প্রতি কর্কশ উত্তর প্রদান করিবে না। এবং সমর্থ হইলে তাহাদিগের প্রার্থনা পূর্ণ করিবে কিম্বা করাইবে॥ ১০৮॥

দাতাগণ, ধার্ম্মিকগণ, শূরগণ ইহাদিগের কীর্ত্তি সর্ব্বদা শ্রবণ করিবে। কদাপি ইহাদিগের দোষের প্রতি লক্ষ করিবে না॥ ১০৯॥

মনুষ্যগণ যথাসময়ে হিতকর আহার এবং পরিমিত বিহারশালী হইবে, অন্যের উচ্ছিষ্ট ভোজন করিবে না, এবং সর্ব্বদা অকাতর ভাব অবলম্বন পূর্ব্বক সুনিদ্রা সম্পন্ন ও সদাকাল শুচি থাকিবে॥ ১১০॥

---

(১১০). হিতমিতাহার বিহারী ইতি পাঠান্তরং।

কুর্য্যাদ্ বিহারমাহারং নির্হারং বিজনে সদা।
ব্যবসায়ী সদা চ স্যাৎ সুখং ব্যায়ামমভ্যসেৎ ॥ ১১১ ॥
অন্নংন নিন্দ্যাৎ সুস্বস্থঃ স্বীকুর্য্যাৎ প্রীতিভোজনং।
আহারং প্রবরং বিদ্যাৎ ষড়্‌রসং মধুরোত্তরং ॥ ১১২ ॥
বিহারঞ্চৈব স্বস্ত্রীভি র্ব্বেশ্যাভি র্ন কদাচন।
নিযুদ্ধং কুশলৈঃ সার্দ্ধং ব্যায়ামং নতিভি র্ব্বরম্ ॥ ১১৩ ॥
হিত্বাপ্রাক্‌পশ্চিমৌ যামৌ নিশি স্বাপো বরোমতঃ।
দীনান্ধপঙ্গুবধিরা নোপহাস্যাঃ কদাচন ॥ ১১৪ ॥

সদা সর্ব্বস্মিন্‌কালে বিহারং স্ত্রীসঙ্গং, আহারং ভোজনং, নির্হারং মলমূত্রাদিত্যাগঞ্চ বিজনে নির্জ্জনে কুর্য্যাৎ। সদা ব্যবসায়ী উদ্‌যোগী চ স্যাৎ। তথা সুখং যথা স্যাৎ তথা ব্যায়ামং অভ্যসেৎ ॥ ১১১ ॥

সুস্বস্থঃ জনঃ অন্নং ন নিন্দ্যাৎ ন কুৎসয়েৎ, প্রীতিভোজনং প্রণয়াহারং স্বীকুর্য্যাৎ। তথা মধুরোত্তরং ষড়্‌রসং আহারং প্রবরং শ্রেষ্ঠং বিদ্যাৎ জানীয়াৎ ॥ ১১২ ॥

স্বস্ত্রীভিঃ স্বকীয়াভিঃ ভার্য্যাভিঃ সহ বিহারং কুর্য্যাৎ বেশ্যাভিঃ সহ কদাচন ন বিহরেদিতি শেষঃ। কুশলৈঃ নিপুণৈর্জ্জনৈঃ সার্দ্ধং নতিভিঃ নম্রত্বরূপৈঃ নিযুদ্ধং বাহুযুদ্ধং হিংসা ব্যতিরেকং ব্যায়ামং বরং শ্রেষ্ঠং কুর্য্যাদিতি শেষঃ ॥ ১১৩ ॥

প্রাক্‌পশ্চিমৌ প্রথমশেষৌ যামৌ হিত্বা ত্যক্ত্বা নিশি রজন্যাং স্বাপঃ নিদ্রা বরঃ শ্রেষ্ঠঃ মতঃ জ্ঞেয়ঃ। দীনাঃ, অন্ধাঃ, পঙ্গবঃ, তথা বধিরাঃ কদাচন ন উপহাস্যাঃ ॥ ১১৪ ॥

স্ত্রী সংসর্গ, ভোজন, এবং মল মূত্র ত্যাগ নির্জ্জন স্থানে করিবে। সর্ব্বদা উদ্‌যোগী হইবে। ও যাহাতে সুখ অনুভব হয় তদনুরূপ ব্যায়ামের অভ্যাস করিবে ॥ ১১১ ॥

সুখ সম্পন্ন হইলেও অন্নকে কদাপি নিন্দা করিবেনা. এবং প্রণয়ভাবে কেহ আহার করিতে বলিলে তাহা স্বীকার করিবে, ও ছয় প্রকার রসকেই উত্তম অনুভব করিবে ॥ ১১২ ॥

আপনার স্ত্রীগণের সহিত বিহার করিবে, কদাপি বেশ্যা সংসর্গী হইবে না এবং সুনিপুণ মনুষ্যগণের সহিত নম্রভাবে হিংসাব্যতিরেকে ব্যায়াম করিবে ॥ ১৩ ॥

রাত্রিতে প্রথম প্রহর এবং শেষ প্রহর ত্যাগ করিয়া নিদ্রা ভোগ করিবে। দরিদ্র, অন্ধ, পঙ্গু, ও বধিরগণকে কদাপি উপহাস করিবে না ॥ ১১৪ ॥

নাকার্য্যেতু মতিং কুর্য্যাৎ দ্রাক্ স্বকার্য্যং প্রসাধয়েৎ ।
উদ্যোগেন বলেনৈব বুদ্ধ্যা ধৈর্য্যেণ সাহসাৎ ।
পরাক্রমেণার্জ্জবেন মান মুৎসৃজ্য সাধকঃ ॥ ১১৫ ॥
যদি সিধ্যতি যেনার্থঃ কলহেন বরস্তু সঃ ।
অন্যথায়ুর্ধনসুহৃদ্‌যশঃসুখহরঃ স্মৃতঃ ॥ ১১৬ ॥
নানিষ্টং প্রবদেৎ কস্মিন্ ন চ্ছিদ্রং কস্য লক্ষয়েৎ ।
আজ্ঞাভঙ্গস্তু মহতাং রাজ্ঞঃ কার্য্যো ন বৈ কচিৎ ॥ ১১৭ ॥

অকার্য্যে বৃথাকার্য্যে মতিং ন কুর্য্যাৎ। সাধকঃ কার্য্যার্থী জনঃ মানং উৎসৃজ্য ত্যক্ত্বা উদ্যোগেন, বলেন, বুদ্ধ্যা, ধৈর্য্যেণ, সাহসাৎ, পরাক্রমেণ, আর্জ্জবেন সারল্যেন, দ্রাক্ শীঘ্রং স্বকার্য্যং প্রসাধয়েৎ ॥ ১১৫ ॥

যেন কলহেন অর্থঃ সিধ্যতি সঃ কলহঃ বরঃ শ্রেষ্ঠঃ। অন্যথা অন্যপ্রকারেণ কলহঃ আয়ুঃক্ষয়করঃ, ধনহরঃ, সুহৃদ্‌বিচ্ছেদকরঃ, যশোহরঃ, তথা সুখহরশ্চ স্মৃতঃ কথিতঃ ॥ ১১৬ ॥

কস্মিন্নপিজনে অনিষ্টং ন প্রবদেৎ। কস্যাপি জনস্য চ্ছিদ্রং দোষং ন লক্ষয়েৎ। মহতাং জনানাং রাজ্ঞশ্চ আজ্ঞাভঙ্গঃ কচিদপি ন কার্য্যঃ ॥ ১১৭ ॥

বৃথা কার্য্যে বুদ্ধিলিপ্ত করিবে না। কার্য্যার্থীগণ উদ্যোগের দ্বারা, বলের দ্বারা, বুদ্ধি দ্বারা, ধৈর্য্যের দ্বারা, সাহসের দ্বারা, পরাক্রমের দ্বারা অথবা সরলতার দ্বারাই হউক যাহাতে স্বকার্য্য সাধন হয় তাহাই করিবে ॥ ১১৫ ॥

যে কলহের দ্বারা অর্থ সাধন হয় সেই কলহ উত্তম, কিন্তু তদ্ভিন্ন অন্য প্রকার কলহ করিলে সেই কলহ আয়ুক্ষয়, ধননাশ, বন্ধুবিচ্ছেদ, যশের লাঘবতা এবং সুখক্ষয়ের কারণ হয় ॥ ১১৬ ॥

কোন ব্যক্তিকেই অনিষ্ঠজনক বাক্য বলিবে না। এবং কারো দোষের প্রতিও লক্ষ্য করিবে না। আর রাজা অথবা কোন শ্রেষ্ঠ ব্যক্তি আদেশ করিলে কদাপি তাহা লঙ্ঘন করিবে না ॥ ১১৭ ॥

অসৎকার্য্যে নিযোক্তারং গুরুং বাপি প্রবোধয়েৎ।
নাতিক্রমেদপি লঘুং ক্বচিৎ সৎকার্য্যসাধকম্ ॥ ১১৮ ॥
কৃত্বা স্বতন্ত্রাং তরুণীং স্ত্রিয়ং গচ্ছেন্ন বৈ ক্বচিৎ।
স্ত্রিয়ো মূল মনর্থস্য তরুণ্যঃ কিং পরৈঃ সহ ॥ ১১৯ ॥
ন প্রমাদ্যেন্মদদ্রব্যৈর্ন বিমুহ্যেৎ কুসন্ততৌ ॥ ১২০ ॥
সাধ্বী ভার্য্যা পিতৃপত্নী মাতা বালা পিতা স্নুষা।
অভর্ত্তৃকানপত্যা যা সাধ্বী কন্যা স্বসাপি চ ॥ ১২১ ॥

অসৎকার্য্যে নিন্দিতকার্য্যে নিযোক্তারং গুরুমপি প্রবোধয়েৎ। তথা ক্বচিৎ কদাচিৎ সৎকার্য্যবোধকং লঘুমপি ন অতিক্রামেৎ ॥ ১১৮ ॥

তরুণীং যুবতিং স্ত্রিয়ং স্বতন্ত্রাং কৃত্বা ক্বচিদপি ন গচ্ছেৎ। স্ত্রিয়ঃ অনর্থস্য মূলং পরৈঃ সহ তরুণ্যঃ কিং বক্তব্যং সর্ব্বথৈব তরুণী পরৈঃ সহগতা অনর্থকারিণী ত্যর্থঃ ॥ ১১৯ ॥

মদদ্রব্যৈঃ ধনাদিভিঃ ন প্রমাদ্যেৎ। তথা কুসন্ততৌ ন বিমুহ্যেৎ ॥ ১২০ ॥

সাধ্বী ভার্য্যা সুশীলাস্ত্রী, পিতৃপত্নী বিমাতা, মাতা, বালা অদত্তা কন্যা, পিতা, স্নুষা পুত্রবধূঃ অভর্ত্তৃকা বিধবা অনপত্যা পুত্রহীনা যা সাধ্বীকন্যা, সাধ্বীভগিনী চ, মাতুলানী, ভ্রাতৃভার্য্যা, পিতুঃ স্বসা, মাতুঃ স্বসা, অনপত্যঃ মাতামহঃ; গুরুঃ, শ্বশুরঃ, মাতুলঃ,

---

গুরুও যদ্যপি নিন্দিত কার্য্যে প্রবর্ত্ত করান তবে তাহাকেও প্রবোধ দিবে। এবং লঘু ব্যক্তিও যদি সৎকার্য্য সাধক হয় তবে তাহাকেও অতিক্রমণ করিবে না ॥ ১১৮ ॥

যুবতিস্ত্রীকে স্বাধীন করিয়া কুত্রাপি গমন করিতেদিবেনা। যেহেতু স্ত্রী মাত্রই অনর্থের মূল, তাহাতে যুবতি স্ত্রী যদ্যপি অন্য পুরুষের সংসর্গিণী হয় তাহাহইলে কি না সম্ভবে ॥ ১১৯ ॥

ধন প্রভৃতি মত্ততাজনক দ্রব্য প্রাপ্ত হইলে তদ্দ্বারা প্রমত্ত হইবেনা, এবং কুপুত্রের মমতাতেও বিমোহিত হইবেনা ॥ ১২০ ॥

সাধ্বী স্ত্রী, বিমাতা, মাতা, অদত্তাকন্যা, পিতা, পুত্রবধূ, পতিপুত্র রহিত সাধ্বী কন্যা ও ভগিনী, মাতুলানী, ভ্রাতৃপত্নী, পিতৃভগনী, মাতৃভগিনী, পুত্রহীন মাতামহ, গুরু, শ্বশুর, মাতুল, পিতৃহীন শিশু, দৌহিত্র, ভ্রাতা, এবং

মাতুলানী ভ্রাতৃভার্য্যা পিতৃমাতৃস্বস্রা তথা।
মাতামহোঽনপত্যশ্চ গুরু শ্বশুর মাতুলাঃ॥ ১২২॥
বালোঽপিতা চ দৌহিত্রো ভ্রাতা চ ভগিনী সুতঃ।
এতেঽবশ্যং পালনীয়াঃ প্রযত্নেন স্বশক্তিতঃ॥ ১২৩॥
অবিভবেঽপি বিভবে পিতৃমাতৃকুলং সুহৃৎ।
পত্ন্যাঃকুলং দাস দাসী ভৃত্যবর্গাংশ্চ পোষয়েৎ॥ ১২৪॥
বিকলাঙ্গান্ প্রব্রজিতান্ দীনানাথাংশ্চ পালয়েৎ॥ ১২৫॥
কুটুম্বভরণার্থেষু যত্নবান্ ন ভবেচ্চ যঃ।
তস্য সর্ব্বগুণৈঃ কিন্তু জীবন্নেব মৃতশ্চ সঃ॥ ১২৬॥

বালোঽপিতা পিতৃহীন বালকঃ, দৌহিত্রঃ, ভ্রাতা, তথা ভগিনীসুতঃ, এতে স্বশক্তিতঃ নিজশক্ত্যনুসারেণ প্রযত্নেন অবশ্যং পালনীয়াঃ॥ ১২১। ১২২। ১২৩॥

অবিভবে সম্পদ্‌বিহীনে, বিভবে সম্পদ্‌যুক্তে অপি, পিতৃমাতৃকুলং পিতৃকুলং মাতৃকুলঞ্চ, সুহৃৎ বন্ধুজনং, পত্ন্যাঃ কুলং শ্বশুরকুলং, তথা দাসদাসীভৃত্য বর্গাংশ্চ পোষয়েৎ॥ ১২৪॥

বিকলাঙ্গান্ খঞ্জাদীন্, প্রব্রজিতান্ ত্যক্তাশ্রমান্, দীনান্ দরিদ্রান্, অনাথাংশ্চ পালয়েৎ॥ ১২৫॥

যঃ জনঃ কুটুম্বভরণার্থেষু কুটুম্বানাং পোষ্যবর্গানাং ভরণার্থেষু ভরণনিমিত্তেষু যত্নবান্ ন ভবেৎ তস্য জনস্য সর্ব্বৈঃ গুণৈঃ কিং কিং প্রযোজনং, সতু জীবন্নেব মৃতঃ॥ ১২৬॥

ভাগিনেয় এই সকল ব্যক্তিগণকে সাধ্যানুসারে যত্নের সহিত প্রতিপালিত করিবে॥ ১২১। ১২২। ১২৩॥

ধন থাকুক কি না থাকুক পিতৃকুল, মাতৃকুল, শ্বশুরকুল, বন্ধুজন, দাস, দাসী এবং ভৃত্যবর্গকে অবশ্য প্রতিপালন করিবে॥ ১২৪॥

চক্ষুহীন, চরণ বিহীন প্রভৃতি বিকলাঙ্গ ব্যক্তিগণকে, সন্ন্যাসী প্রভৃতি ত্যক্তাশ্রমীগণকে, এবং দরিদ্র ও অনাথগণকে সর্ব্বদা রক্ষা করিবে॥ ১২৫॥

যে ব্যক্তি পোষ্যবর্গকে প্রতিপালনের নিমিত্তে যত্নবান না হয় তাহার যে কিছু গুণ থাকুক সমুদয়ই নিষ্ফল, এবং তাহার জীবন থাকা না থাকা তুল্য॥ ১২৬॥

ন কুটুম্বং ভৃতং যেন নাশিতাঃ শত্রবোঽপি ন।
প্রাপ্তং সংরক্ষিতং নৈব তস্য কিং জীবিতেন বৈ॥ ১২৭॥
স্ত্রীভির্জ্জিতো ঋণী নিত্যং সুদরিদ্রশ্চ যাচকঃ।
গুণহীনোঽর্থহীনঃ সন্ মৃতা এতে সজীবকাঃ॥ ১২৮॥
আয়ুর্ব্বিত্তং গৃহচ্ছিদ্রং মন্ত্রমৈথুন ভেষজং।
দানমানাপমানঞ্চ নবৈতানি সুগোপয়েৎ॥ ১২৯॥
দেশাটনং রাজসভাবেশনং শাস্ত্রচিন্তনম্।
বেশ্যাদিদর্শনং বিদ্বন্মৈত্রীং কুর্য্যাদতন্দ্রিতঃ॥ ১৩০॥

যেন জনেন কুটুম্বং ন ভৃতং পালিতং, শত্রবঃ বিপবশ্চ ন নাশিতাঃ, তথা প্রাপ্তং বস্তু ন এব বক্ষিতং তস্য জনস্য জীবিতেন কিং॥ ১২৭॥

স্ত্রীভির্জ্জিতঃ স্ত্রীপবায়ণঃ, নিত্যং ঋণী, সুদবিদ্রঃ, যাচকঃ, গুণহীনঃ, তথা অর্থহীনশ্চ, এতে জনাঃ সজীবকাঃ জীবন্তোঽপি মৃতাঃ॥ ১২৮॥

আয়ুঃ, বিত্তং, গৃহচ্ছিদ্রং মন্ত্রং, মৈথুনং, ভেষজং ঔষধং, দানং, মানং তথা অপমানঞ্চ এতানি নব সুগোপয়েৎ॥ ১২৯॥

অতন্দ্রিতঃ সতর্কঃ সন্ দেশাটনং দেশভ্রমণং, রাজসভায়াং বেশনং প্রবেশনং, শাস্ত্রচিন্তনং, বেশ্যাদীনাং দর্শনং, তথা বিদ্বদ্ভিঃ পণ্ডিতৈঃ সহ মৈত্রীং কুর্য্যাৎ॥ ১৩০॥

যে ব্যক্তি কুটুম্বগণকে প্রতিপালন ও শত্রুগণকে বিনাশ না করে, এবং কোন বিষয় প্রাপ্ত হইলে তাহা রক্ষা করিতে শক্ত না হয় তাহার জীবনের দ্বারা কি প্রয়োজন॥ ১২৭॥

যাহারা স্ত্রীগণের বশতাপন্ন, ঋণযুক্ত, দরিদ্র, যাচক, গুণহীন, এবং অর্থহীন হয় তাহাদিগের জীবন থাকিতেও তাহারা মৃত বলিয়া কল্পনীয়॥ ১২৮॥

আয়ুঃ, বিত্ত, গৃহচ্ছিদ্র, মন্ত্র, স্ত্রীসংসর্গ, ঔষধ, দান, মান, এবং অপমান এই নয় প্রকার বিষয়কে সম্যক্ প্রকার গোপন করিবে॥ ১২৯॥

দেশ ভ্রমণ, রাজ সভাতে প্রবেশ, শাস্ত্রচিন্তা, বেশ্যা প্রভৃতিকে দর্শন, এবং পণ্ডিতগণের সহিত মিত্রতা এই সকল কার্য্য অতি সতর্ক হইয়া করিবে॥ ১৩০॥

অনেকাশ্চ তথাধর্ম্মাঃ পদার্থাঃ পশবো নরাঃ।
দেশাটনাৎ স্বানুভূতাঃ প্রভবন্তি চ পর্ব্বতাঃ॥ ১৩১॥
কীদৃশা রাজপুরুষা ন্যায়ান্যায়শ্চ কীদৃশম্।
মিথ্যা বিবাদিনঃ কে চ কে বৈ সত্যবিবাদিনঃ॥ ১৩২॥
কীদৃশী ব্যবহারস্য প্রবৃত্তিঃ শাস্ত্রলোকতঃ।
সভাগমনশীলস্য তদ্‌বিজ্ঞানং প্রজায়তে॥ ১৩৩॥
নাহঙ্কারী চ ধর্ম্মান্ধঃ শাস্ত্রাণাং তত্ত্বচিন্তনৈঃ।
একং শাস্ত্রমধীয়ানো ন বিন্দ্যাৎ কার্য্যনির্ণয়ম্॥ ১৩৪॥

দেশটনাৎ দেশভ্রমণাৎ অনেকাঃ বহবঃ ধর্ম্মাঃ, পদার্থাঃ, পশবঃ, নরাঃ, তথা পর্ব্বতাশ্চ স্বানুভূতাঃ স্বস্য অনুভববিষয়া ভবন্তি॥ ১৩১॥

সভাগমনশীলস্য রাজসভাপ্রবেশশীলস্য রাজপুরুষাঃ কীদৃশাঃ, ন্যায়ঃ অন্যায়শ্চ তৎ কীদৃশং, কে জনাঃ মিথ্যাবিবাদিনঃ, কে চ জনাঃ সত্যবিবাদিনঃ, শাস্ত্রতঃ লোকতশ্চ ব্যবহারস্য প্রবৃত্তিঃ কীদৃশী, তৎ বিজ্ঞানং প্রজায়তে॥ ১৩২। ১৩৩॥

শাস্ত্রাণাং তত্ত্বচিন্তনৈঃ অহঙ্কারী ধর্ম্মান্ধশ্চ ন ভবেৎ। একং শাস্ত্রং অধীয়ানো জনঃ কার্য্যস্য নির্ণয়ং ন বিন্দ্যাৎ॥ ১৩৪॥

দেশ ভ্রমণ করিলে নানাপ্রকার ধর্ম্ম, পদার্থ, পশু, মনুষ্য, এবং পর্ব্বত প্রভৃতিকে পরিজ্ঞাত হওয়া যায়॥ ১৩১॥

রাজ সভাতে প্রবেশ করিলে রাজপুরুষগণের মধ্যে কোন্ ব্যক্তি কিপ্রকার, ন্যায় এবং অন্যায়ই বা কিরূপ, কোন্ ব্যক্তি মিথ্যা বিবাদ করে, কেবা সত্য বিবাদ করে, এবং শাস্ত্রমতে ও ব্যবহার সিদ্ধ নিষ্পত্তিইবা কিরূপে সম্পাদিত হয় তাহার বিশেষ প্রকার অনুভব হইয়া থাকে॥ ১৩২। ১৩৩॥

আমি শাস্ত্রের মর্ম্ম জানি! এইরূপ মনে করিয়া অহঙ্কার প্রকাশ করিয়া ধর্ম্মের প্রতি অন্ধ হওয়া উচিত হয় না যেহেতু যথার্থ কার্য্যের নির্ণয় করা কেবল একটি শাস্ত্র অধ্যয়ন করিলে তদ্দ্বারা হয় না॥ ১৩৪॥

স্যাদ্ বহ্বাগমসন্দর্শী ব্যবহারী মহানতঃ।
বুদ্ধিমানভ্যসেন্নিত্যং বহুশাস্ত্রাণ্যতন্দ্রিতঃ॥ ১৩৫ ॥
তদর্থন্তু গৃহীত্বাপি তদধীনা ন জায়তে।
বেশ্যাতথাবিধাবাপি বশী কর্ত্তুং নরং ক্ষমা।
নেয়াৎ কস্যবশং তদ্বৎ স্বাধীনং কারয়েজ্জগৎ ।। ১৩৬ ॥
শ্রুতিস্মৃতি পুরাণানা মর্থবিজ্ঞান মেবচ।
সহবাসাৎ পণ্ডিতানাং বুদ্ধিঃ পণ্ডা প্রজায়তে ।। ১৩৭ ॥
দেবপিত্রতিথিভ্যোঽন্ন মদত্বা না শ্নীয়াৎ ক্বচিৎ।
আত্মার্থং যঃ পচেন্মোহান্নরকার্থং স জীবতি ।। ১৩৮ ॥

বহূনাং আগমানাং শাস্ত্রাণাং সন্দর্শী জনঃ মহান্ ব্যবহারী তত্ত্বদর্শী স্যাৎ অতঃ বুদ্ধিমান্ জনঃ অতন্দ্রিতঃ অনলসঃ সন্ নিত্যং বহুশাস্ত্রাণি অভ্যসেৎ ॥ ১৩৫ ॥

বেশ্যা যথা তস্য অর্থং গৃহীত্বাঅপি তস্য অধীনা ন জায়তে। তথাবিধা তাদৃশী অপিবা কিম্বা বেশ্যা যথা নরং বশী কর্ত্তুং ক্ষমা কিন্তু কস্যাপিবশং ন ইয়াৎ ন গচ্ছেৎ। তদ্বৎ বেশ্যাবৎ জগৎ স্বাধীনং নিজায়ত্তং কারয়েৎ কুর্য্যাৎ কারয়েদিতি স্বার্থে ইন্ ॥ ১৩৬ ॥

পণ্ডিতানাং সহবাসাৎ শ্রুতিস্মৃতিপুরাণাণাং শাস্ত্রাণাং অর্থবিজ্ঞানং তথা পণ্ডা সদসদ্বিবেচিকা বুদ্ধিঃ প্রজায়তে ॥ ১৩৭ ॥

দেবেভ্যঃ পিতৃভ্যঃ অতিথিভ্যশ্চ অন্নং অদত্বা ন ক্বচিদপি অশ্নীয়াৎ। যঃ জনঃ

নানাপ্রকার শাস্ত্র সন্দর্শন করিলে সেই ব্যক্তিই যথার্থ তত্ত্বদর্শী হইতে সক্ষম হয়, অতএব বুদ্ধিমান্ ব্যক্তি আলস্য পরিত্যাগ করিয়া সর্ব্বদা বহুবিধ শাস্ত্রের অভ্যাস করিবে ॥ ১৩৫ ॥

বেশ্যা যেমন লোকের অর্থ গ্রহণ করে বটে কিন্তু কাহারো অধীনা হয় না এবং লোককে বশীভূত করিতেই শক্তা কিন্তু কাহারো বশীভূতা হয় না সেইরূপ কাহারো বশতাপন্ন না হইয়া জগৎকে আপনার বশীভূত করিবে ॥ ১৩৬ ॥

পণ্ডিতগণের সহিত সহবাস করিলে তদ্দ্বারা বেদ, স্মৃতি এবং পুরাণ প্রভৃতি শাস্ত্রের অর্থজ্ঞান ও বুদ্ধির ভালমন্দ বিচারে শক্তি সম্পাদন হয় ॥ ১৩৭ ॥

দেবগণ, পিতৃগণ, এবং অতিথিগণকে অন্নদান না করিয়া কদাপি ভোজন

মার্গং গুরুভ্যো বলিনে ব্যাধিতায় শবায় চ।
রাজ্ঞে শ্রেষ্ঠায় ব্রতিনে যানগায় সমুৎ স্বজেৎ ॥ ১৩৯ ॥
শকটাৎ পঞ্চহস্তন্তু দশহস্তন্তু বাজিনঃ।
দূরতঃ শতহস্তঞ্চ তিষ্ঠেন্নাগাদ্ বৃষাদ্দশ ॥ ১৪০ ॥
শৃঙ্গিণাঞ্চ নখিনাঞ্চ দংষ্ট্রিণাং দুর্জ্জনস্য চ।
নদীনাং বসতৌ স্ত্রীণাং বিশ্বাসং নৈব কারয়েৎ ॥ ১৪১ ॥
খাদন্ ন গচ্ছেদধ্বানং নচ হাস্যেন ভাষণম্।
শোকং ন কুর্য্যান্নষ্টস্য স্বকৃতেরপি জল্পনম্ ॥ ১৪২ ॥

মোহাৎ অজ্ঞানাৎ আত্মার্থং পচেৎ অন্নমিতি শেষঃ সঃ জনঃ নরকার্থং জীবতি ॥ ১৩৮ ॥

গুরুভ্যঃ গুরুজনেভ্যঃ, বলিনে বলবতে, ব্যাধিতায় রোগিণে, শবায়, নীয়মানমৃতায়, রাজ্ঞে, শ্রেষ্ঠায় মান্যজনায়, ব্রতিনে ব্রহ্মচারিণে, তথা যানগায় বাহনাধিরূঢ়ায়, মার্গং পন্থানং সমুৎ স্বজেৎ ত্যজেৎ ॥ ১৩৯ ॥

